iii) সমাজবিজ্ঞানের শিক্ষক ছিলেন। নিচের কোনটি সঠিক ?

ক) i ও ii　খ) ii ও iii　গ) i ও iii　ঘ) i, ii ও iii

২৭। 'মানবসৃষ্ট সবকিছুর সমষ্টিই হচ্ছে সংস্কৃতি'- উক্তিটি করেন-

ক) D. Popenoe　　খ) Jones

গ) MacIver　　ঘ) E.B Tylor.

২৮। কোনটি দেশীয় খেলার উদাহরণ -

ক) ফুটবল　　খ) ক্রিকেট

গ) ব্যাডমিন্টন　　ঘ) হা-ডু-ডু

২৯। নগর সংস্কৃতিতে কোনটির গুরুত্ব বেশি ?

ক) আরোপিত মর্যাদা　　খ) হারানো মর্যাদা

গ) অর্জিত মর্যাদা　　ঘ) প্রাতিষ্ঠানিক মর্যাদা

৩০। শহরের ইংরেজি প্রতিশব্দ কোনটি ?

ক) City　　খ) Town

গ) Urban　　ঘ) Rural.

-০-০-০-০-০-

## পাংশা সরকারি কলেজ

### বিষয় ঃ সমাজবিজ্ঞান ১ম পত্র

[illegible]

### বহু নির্বাচনী অভিক্ষা

১। কৃষি যুগের প্রধান সম্পত্তি হলো -

ক) লাঙ্গল　　খ) হালের বলদ

গ) ভূমি　　গ) বীজ ও সার

২। বাঙালী জাতীয়তাবাদের বিকাশ ঘটে-

i) ভাষা আন্দোলন　ii) যুক্ত ফ্রন্ট নির্বাচন　iii) ৭০ এর নির্বাচনের মাধ্যমে।

নিচের কোনটি সঠিক?

ক) i　খ) i ও ii　ঘ) i ও iii　ঘ) i, ii ও iii

৩। 'জীবনটা হয় ভূড়িভোজ নচেৎ উপবাসের স্বরূপ' উক্তিটি কোন যুগের ক্ষেত্রে প্রযোজ্য ?

ক) আদিম যুগের　　খ) পশুপালন যুগের

গ) কৃষি যুগের　　ঘ) শিল্প যুগের

৪। রাষ্ট্রের উপাদান কয়টি ?

ক) ২টি　　খ) ৩টি

গ) ৪টি　　ঘ) ৫টি

৫। নৈতিক শিক্ষা মানুষকে -

i) স্বার্থপর করে তোলে　ii) পরোপকারী হতে উদ্বুদ্ধ করে

iii) বয়স্কদের সম্মান করতে শেখায়। নিচের কোনটি সঠিক?

ক) i, ii　খ) ii ও iii　ঘ) i ও iii　ঘ) i, ii ও iii

৬। জাতিবর্ণ প্রথার ইংরেজি প্রতিশব্দ (Cast) কোন ভাষা থেকে এসেছে ?

ক) গ্রিক　　খ) স্প্যানিশ

গ) ল্যাটিন　　ঘ) পর্তুগিজ

৭। আইন বিরোধী কাজ হলো-

ক) অভদ্রতা　　খ) অশোভন

গ) অনাচার　　ঘ) অপরাধ

উদ্দীপক থেকে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।

অতিসম্প্রতি বাংলাদেশের দক্ষিণাঞ্চলের উপর দিয়ে বয়ে যাওয়া প্রবল ঝড়ে জানমাল, ঘরবাড়ি ও পশু-পাখি, গাছপালা সহ ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। গবেষকেরা ও ক্ষয়ক্ষতি থেকে উত্তরণের সহযোগিতা ও পুনর্বাসন কার্যক্রমের পাশাপাশি ঝড়ের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য প্রস্তুতির কথাও বলেছেন।

৮। উদ্দীপকে ঝড়ের প্রভাবকে কী বলা হয় ?

ক) পরিবর্তন খ) বিবর্তন

গ) উন্নয়ন ঘ) প্রগতি

৯। উদ্দীপকে গবেষকদের সুপারিশ সমাজে -

i) মৃত্যু হার হ্রাস করে ii) সামাজিক প্রগতি আনবে

iii) সামাজিক উন্নয়ন ঘটাবে। নিচের কোনটি সঠিক ?

ক) i, ii খ) i, iii গ) ii, iii ঘ) i, ii, iii

১০। জামাল তার চাচাতো বোনকে বিয়ে করল। জামালের বিবাহটি কোন ধরনের ?

ক) লেভিরেট খ) সরোরেট

গ) প্যারালাল কাজিন ঘ) ক্রস কাজিন

১১। সেবা ও রক্ষা নামক সামাজিক চুক্তি ছিল -

ক) আদিম যুগে খ) পশুপালন যুগে

গ) দাস যুগে ঘ) সামন্ড় যুগে

১২। কোনটি অবস্থাগত সংস্কৃতি ?

ক) সুতি শাড়ি খ) হারমোনিয়াম

গ) শেষের কবিতা বই ঘ) নজর্ল সঙ্গীত

১৩। 'সমাজবিজ্ঞান হচ্ছে অনুষ্ঠান প্রতিষ্ঠানের বিজ্ঞান'- উক্তিটি কার ?

ক) ইবনে খালদুনের খ) অগাস্ট কোঁৎ

গ) এমিল ডুর্খেইম ঘ) কার্ল মার্কস

১৪। রাষ্ট্রের উপাদান কয়টি ?

ক) ২টি খ) ৩টি

গ) ৪টি ঘ) ৫টি

নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।

কাসেম সাহেব গৌর নদী পৌর এলাকার গৃহকর্মী আর্থ-সামাজিক জীবন নিয়ে গবেষণা করেন। তিনি পৌর এলাকায় কর্মরত ৩০০ জন গৃহকর্মীর মধ্যে ৫০ জনের তথ্য সংগ্রহ করেন। তথ্য সংগ্রহ করার জন্য তিনি প্রশ্নমালা তৈরী করেন। কিন্তু তিনি গবেষণায় কাঙ্ক্ষিত ফল পেলেন না।

১৫। কাসেম সাহেব তার গবেষণায় কোন পদ্ধতির ব্যবহার করেছেন ?

ক) দার্শনিক পদ্ধতি খ) পর্যবেক্ষণ পদ্ধতি

গ) পরিসংখ্যান পদ্ধতি ঘ) নমুনা জরিপ পদ্ধতি

১৬। ভবিষ্যৎ গবেষকদের জন্য কাসেম সাহেব সুপারিশ করতে পারেন -

i) গবেষণায় বিষয়বস্তু পরিবর্তন করা ii) নমুনা নির্বাচনে সতর্ক হওয়া

iii) পদ্ধতি বাছাইয়ে সতর্ক হওয়া। নিচের কোনটি সঠিক ?

ক) i, ii খ) i, iii গ) ii, iii ঘ) i, ii, iii

১৭। শ্রেণি সংগ্রাম তত্ত্বটি কার ?

ক) ইবনে খালদুন খ) হার্বার্ট স্পেনসার

গ) কার্ল মার্কস ঘ) এমিল ডুর্খেইম

১৮। আসাবিয়া হচ্ছে -

ক) সামাজিক কাজ খ) সামাজিক চেতনা

গ) সামাজিক ক্ষমতা ঘ) সামাজিক নির্ভরশীলতা

১৯। সম্প্রদায়ের মৌলিক বৈশিষ্ট্য কয়টি ?

ক) ২টি খ) ৩টি

গ) ৪টি ঘ) ৫টি

২০। মৃত স্ত্রীর বোনকে বিবাহ করার রীতিকে কী বলে ?

ক) লেভিরেট খ) সারোরেট

গ) প্যারালাল কাজিন ঘ) ক্রস কাজিন

২১। সন্ড়ান জন্ম পরিবারের কোন ধরণের কাজকে নির্দেশ করে ?

ক) চিত্তবিনোদন মূলক খ) মনস্ড়াত্ত্বিক

গ) রক্ষণাবেক্ষণ ঘ) জৈবিক

# পাংশা সকরারি কলেজ

# পাংশা , রাজবাড়ী ।

## ২০২৪-২৫ শিক্ষাবর্ষ দ্বাদশ শ্রেণি

## নির্বাচনি পরীক্ষার সাজেশন

## বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন

বিষয়: পৌরনীতি ও সুশাসন ১ম পত্র

(সৃজনশীল অংশ)

১। আফজাল হোসেন একজন কলেজ ছাত্র, তবে সহপাঠিদের থেকে সকলে তাকে ভিন্নভাবে দেখে।সে নিয়মিত শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করে। পড়ালেখার পাশাপাশি সে ক্লাস ছুটি হওয়ার পর তার শ্রেণিকক্ষটি সুন্দরভাবে গুছিয়ে রাখে। কিছুদিন পূর্বে তার এলাকায় ঘূর্ণিঝড়ে ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়।তখন সে তার বন্ধুদের নিয়ে দুর্গত মানুষের পাশে দাঁড়ায় এবং ক্ষতিগ্রস্তদের সাধ্যমতো সহযোগিতা করে।

(ক)প্রথা কি ? ১

(খ)আইন কেন মান্য করাহয়? ২

(গ)আফজাল হোসেনের কর্মকান্ডে কোন ধরণের মূল্যবোধ প্রকাশিত হয়েছে? ব্যাখ্য করো। ৩

(ঘ)পারস্পরিক সহমর্মিতা প্রকাশে উক্ত মূল্যবোধের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

২। জনাব রহিম একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরি করেন।মজুরি কম হওয়ায় তার সংসারে অভাব -অনটন লেগেই থাকে।সে কারণে তিনি পূর্বের প্রতিষ্ঠানের চাকুরি ছেড়ে দিয়ে অন্যএকটি প্রতিষ্ঠানে বেশি বেতনে চাকুরি নেন।চাকুরির দুর্মূল্যের বাজারে প্রতিনিয়ত সে ছাঁটাইয়ের আতঙ্কে থাকে ।

(ক)আইন কি ? ১

(খ) স্বাধীনতার একটি রক্ষাকবচ ব্যাখ্যা কর । ২

(গ)উদ্দিপকে বর্ণিত রহিমের ঘটনা কোন ধরণের স্বাধীনতার সাথে সাদৃশ্যপূর্ণ ?ব্যাখ্যা কর ।৩

(ঘ)"উক্ত স্বাধীনতা ব্যতীত রাজনৈতিক স্বাধীনতা অর্থহীন " -বিশ্লেষণ কর।

৩।তথ্যপ্রযুক্তির কারণে ক রাষ্ট্রে সরকারি সেবাসমূহ জনগণের কাছে দ্রুত পৌছে যাচ্ছে ।তথ্য সংগ্রহের জন্য জনগনকে আর কোথাও ছুটে যেতে হয় না ।ফলে সময় ও অর্থ সাশ্রয় হচ্ছে ।৪

(ক) জনসেবা কী ? ১

(খ) ই-গভর্নেন্স বলতে কী বোঝায় ? ২

(গ) উদ্দীপকে বর্ণিত ব্যবস্থা দুর্নীতি প্রতিরোধে সহায়ক –তুমি কি একমত? বিশ্লেষণ কর ।৩

(ঘ)" উদ্দিপকে বর্ণিত বিষয়ের জ্ঞান বিশ্বসভ্যতার উন্নয়নে ভূমিকা রাখবে"–তুমি কী এ বক্তব্যের সাথে একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৪ ।জনাব ক এর দেশে রাষ্ট্র ও সরকারের মধ্যে পার্থক্য করা হয় না । নেতাই সর্বেসর্বা ।রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে তার সিদ্ধান্তই চূড়ান্ত।অন্যদিকে জনাব খ এর দেশে সংবিধান মোতাবেক নির্দিষ্ট সময় পরপর অংশগ্রহণমূলক নির্বাচন হয় এবং নির্বাচিত প্রতিনিধিরা জনগণের নিকট দায়বদ্ধ থাকে।


(ক) জাতীয়তার প্রধান উপাদান কোনগুলি ? ১

(খ) সম্মোহনী নেতৃত্ব বলতে কি বুঝ ? ২

(গ) উদ্দীপকে উল্লেখিত জনাব ক এর দেশের সরকারের সাথে তোমার বই এ আলোচিত কোন সরকারের মিল লক্ষ্য করা যায়? ব্যাখ্যা কর । ৩

(ঘ) উদ্দীপকে উল্লেখিত জনাব ক ও জনাব খ এর দেশের সরকারের মধ্যে কার দেশের সরকারকে তুমি উত্তম বলে মনে কর ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও । ৪

৫। নিচের ছকটি লক্ষ্য কর ও সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও-




(ক)বিশ্ব মানবাধিকার দিবস কোনটি ? ১

(খ)দেশপ্রেমের স্বরূপ ব্যাখ্যা কর । ২

(গ) উদ্দীপকে বর্ণিত খ অংশটি তোমার পাঠ্যবইয়ের কোন বিভাগের কাজের সাথে সাদৃশ্য বহন করে?সেটির কার্যাবলী আলোচনা কর । ৩

(ঘ) "শাসন বিভাগের কর্মকর্তারাই পারে কোন রাষ্ট্রের দ্রুত উন্নয়ন ঘটাতে "।– তুমি কি এ বক্তব্যের সাথে একমত? বক্তব্যটি বিশ্লেষণ কর । ৪

৬। শ্রেণিকক্ষে শিক্ষক সরকারের একটি বিভাগ সম্পর্কে পাঠদানকালে বলেন, এ বিভাগ সংবিধানের সাথে সঙ্গতিপূর্ণ যে কোন আইন তৈরি,সংশোধন এমনকি বাজেট পাসসহ গুরুত্বপূর্ণ অনেক কাজ করে থাকে।শুধু কী তাই ? মন্ত্রিসভাকেও এ বিভাগ নিয়ন্ত্রণ করে থাকে ।

(ক) আইনসভার প্রধান কাজ কী ? ১

(খ)সাম্য বলতে কি বুঝ ? ২

(গ) উদ্দীপকে উল্লেখিত সরকারের কোন বিভাগের কথা বলা হয়েছে? সেটির কার্যাবলী আলোচনা কর । ৩

(ঘ) "উক্ত প্রতিষ্ঠানটি সার্বভৌম প্রকৃতির " ।–প্রমান কর । ৪

৭। মি. ক একটি প্রতিষ্ঠানের প্রধান । তিনি তার সহকর্মীদের পরামর্শক্রমে প্রতিষ্ঠানটি পরিচালনা করেন ।তিনি তার সকল কাজে প্রতিষ্ঠানের সদস্যদের নিকট জবাবদিহি করেন । ফলে তার প্রতিষ্ঠানটি দিন দিন উন্নতির দিকে এগিয়ে যাচ্ছে। অন্যদিকে মি. খ অপর একটি প্রতিষ্ঠানের প্রধান ।তিনি তার সিদ্ধান্ত গ্রহণে প্রতিষ্ঠানের কারো সাথে পরামর্শ করেন না ।বরং তার মতামত অন্যদের উপর চাপিয়ে দেন।

(ক) গণতন্ত্র কী? ১

(খ) বহুদলীয় ব্যবস্থা বলতে কি বুঝ ? ২

(গ) উদ্দীপকে বর্ণিত মি. ক -এর আচরণ তোমার বইয়ের কোন শাসনব্যবস্থার সাথে সঙ্গতিপূর্ণ রয়েছে ? সেটির সফলতার শর্তগুলো আলেচনা করো । ৩

(ঘ) মি. ক এবং মি. খ -এর আচরণের মধ্যে কোনটিকে তুমি সমর্থন করো ? যুক্তি দেখাও ।৪

৮। কাসাদা হাসপাতালে কর্তব্যরত চিকিৎসকের অবহেলায় এক নবজাতক শিশুর মৃত্যু হয় ।শিশুটির বাবা-মা উক্ত ডাক্তারের বিরুদ্ধে মামলা করেন। কাসাদা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কামরুল সাহেব অভিযুক্তকে বিধি মোতাবেক গ্রেফতার করেন ।জেলা জজ শফিকুল ইসলাম সাক্ষ্য প্রমানের ভিত্তিতে অভিযুক্ত ডাক্তারকে শাস্তি প্রদান করেন ।

(ক) ক্ষমতাস্বতন্ত্রীকরণ নীতির প্রবক্তা কে? ১

(খ) যুক্তরাষ্ট্রীয় সরকার বলতে কি বুঝ ? ২

(গ) জনাব শফিকুল ইসলাম সরকারের কোন বিভাগের সদস্য? উক্ত বিভাগের কার্যাবলী আলোচনা করো । ৩

(ঘ) তুমি কি মনে করো , জনাব শফিকুল ইসলামের বিভাগের স্বাধীনতা আইনের শাসন নিশ্চিত করে? বিশ্লেষণ করে । ৪

৯ ।সামাদ সাহেব একজন উচ্চপদস্থ স্থায়ী সরকারি কর্মকর্তা ।তিনি সরকারি নীতি বাস্তবায়নে ও সিদ্ধান্ত গ্রহণে সরকারের রাজনৈতিক প্রশাসকদের সহায়তা করেন ।কিন্তু প্রায়ই লক্ষ্য করা যায় ,সরকারের এই অরাজনৈতিক অংশটি সরকারের রাজনৈতিক অংশের উপর প্রভাব বিস্তারের চেষ্টা করে এবং নিজের সিদ্ধান্তকে সঠিক বলে মনে করে ।


(ক) জনসেবা কী ? ১

(খ) পদসোপাননীতি বলতে কি বুঝ? ২

(গ) জনাব সামাদ সাহেবের প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য আলোচনা করো । ৩

(ঘ) গণতন্ত্র রক্ষায় উক্ত প্রতিষ্ঠানকে নিয়ন্ত্রণ করার বিষয়ে তোমার সুপারিশমালা পেশ কর। ৪

১০।




(ক) নেতৃত্ব কী ?

(খ) রাজনৈতিক সংস্কৃতি বলতে কি বুঝ ?

(গ)উদ্দীপকের" ?" চিহ্নিত স্থানে ইঙ্গিতকৃত দলীয় ব্যবস্থার বৈশিষ্ট্য আলোচনা কর ।

(ঘ) উদ্দীপকের "?" চিহ্নিত স্থানের দলীয় ব্যবস্থা ,দ্বি-দলীয় ব্যবস্থার চেয়ে উত্তম –তুমি কি এর সাথে একমত ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও ।

১১। মার্কিন রাষ্ট্রবিজ্ঞানী মেডিসন্ বলেন , " আইন , শাসন ও বিচার সংক্রান্ত কার্য ও ক্ষমতা একই হাতে কেন্দ্রীভূত হলে স্বৈরাচার সৃষ্টি হবে"। তাঁর মতে আইন বিভাগ আইন তৈরি করবে, শাসন বিভাগ তা বাস্তবায়ন করবে এবং বিচার বিভাগ প্রচলিত আইন অনুযায়ী অপরাধীকে শাস্তি দেবে আর নিরপরাধীকে মুক্তি দিয়ে সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠা করবে । কিন্তু অনেক রাষ্ট্রবিজ্ঞানী মনে করেন রাষ্ট্রে এটি পুরোপুরি বাস্তবায়ন করা সম্ভব নয় ।

(ক) সরকার কী ? ১

(খ) গণভোট বলতে কি বোঝায় ? ২

(গ) উদ্দীপকে বর্ণিত বিষয়টির সাথে তোমার পাঠ্যবইয়ে আলোচিত কোন বিষয়ের মিল পরে? সেটি ব্যাখ্যা কর। ৩

(ঘ)উদ্দীপকে উল্লিখিত বিষয় সরকারের স্বেচ্ছাচারিতা রোধ ও ব্যক্তি স্বাধীনতা রক্ষায় কার্যকর ভূমিকা পারন করে – তুমি কি এ বক্তব্যের সাথে একমত ? ৪

বিষয়: পৌরনীতি ও সুশাসন ১ম পত্র

(সৃজনশীল অংশ)

১। জনাব" ক" একজন কলেজ শিক্ষক ।তিনি তার শিক্ষার্থীদের নাগরিকদের জন্য রাষ্ট্রপ্রদত্ত সুযোগ-সুবিধা এবং রাষ্ট্রের জন্য নাগরিকদের দায়িত্ব-কর্তব্য সর্ম্পকে সুস্পষ্ট ধারণা পেতে একটি নির্দিষ্ট বিষয়ে জ্ঞানার্জনের উপর গুরুত্বারোপ করেন । "ক" আরো বলেন ,প্রত্যেকেই নিজ নিজ রাষ্ট্রের উন্নয়নের পাশাপাশি বিশ্ব সভ্যতার উন্নয়নে কাজ করে যেতে হবে ।

(ক) সুশাসন কী? ১

(খ) পৌরনীতি ও সুশাসনের জ্ঞান কিভাবে দেশের অগ্রগতির জন্য সহায়ক ভূমিকা পালন করে? ২

(গ) উদ্দিপকে জনাব" ক" কোন পাঠ্যবিষয়কে ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা কর। ৩

(ঘ)" উদ্দিপকে বর্ণিত বিষয়ের জ্ঞান বিশ্বসভ্যতার উন্নয়নে ভূমিকা রাখবে"-তুমি কী এ বক্তব্যের সাথে একমত? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

২।" ক" রাষ্ট্র জনগনের জীবন ধারণের জন্য প্রয়োজনীয় কর্মসংস্থান, ন্যায্য মুজুরী , বেকারত্ব দূরীকরণ ইত্যাদি সুযোগ-সুবিধা লাভের অধিকার সংরক্ষণ করে। ফলে সেখানে মানুষের ব্যক্তিত্ব বিকাশ ও জীবনে পূর্ণতা অর্জনের সুযোগ সৃস্টি হয়েছে।

(ক) আইন কী ? ১

(খ) মূল্যবোধ বলতে কী বোঝায় ? ২

(গ) "ক" রাষ্ট্রের জনগণ কোন ধরণের স্বাধীনতা উপভোগ করেছে ? ব্যাখ্যা করো । ৩

(ঘ)" উদ্দীপকে বর্ণিত স্বাধীনতা , রাজনৈতিক স্বাধীনতাকে অর্থবহ করে।" বিশ্লেষণ করো । ৪

৩। সাহেদ ও কবির একটি কারখানায় কাজ করে। সাহেদ" ক " নামক একটি সংগঠনের সদস্য তার সংগঠনটি জাতীয় সমস্যা চিহ্নিত করে এবং তা সমাধানের জন্য সরকার গঠন করতে চায়। অন্যদিকে কবির" খ"- নামক সংগঠনের সাথে জরিত । তার সংগঠনটি পেশাগত স্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে কাজ করে এবং দাবি পূরণে সরকারের উপর চাপ সৃষ্টি করে ।কিন্তু সরকার গঠন করতে চায় না ।

(ক) রাজনৈতিক দল বলতে কী বোঝায় ? ১

(খ) গোষ্ঠি স্বার্থ উদ্ধারে ঐক্যমত পোষণকারী প্রতিষ্ঠান কোনটি? সেটির স্বরূপ ব্যাখ্যা কর। ২

(গ)উদ্দিপকে ক নামক সংগঠনের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন প্রতিষ্ঠানের কাজের মিল লক্ষ্য করা যায়? সেটির কার্যাবলি আলোচনা কর। ৩

(ঘ) উদ্দিপকে ক এবং খ সংগঠনের কাজের মধ্যে কোন পার্থক্য আছে বলে কী মনে কর? বিশ্লেষণ কর । ৪

৪। ক ও খ রাষ্ট্রে রাষ্ট্রপতি একই সময়ে নির্বাচিত হয়ে শপথ গ্রহণ করেন। ক দেশের রাষ্ট্রপতি একাধারে রাষ্ট্রপ্রধান ও সরকার প্রধান । কিন্তু খ দেশের রাষ্ট্রপতি শুধুমাত্র নাম সর্বস্ব রাষ্ট্রপ্রধান হিসেবে দায়িত্ব পালন করেন ।এ দুটি রাষ্ট্রে গণতান্ত্রিক শাসন বিদ্যমান থাকলেও আইন ও শাসন বিভাগের সম্পর্কের মধ্যে রয়েছে ব্যাপক পার্থক্য।

(ক) গণতন্ত্র সম্পর্কে আব্রাহাম লিংকনের সংজ্ঞাটি লিখ । ১

(খ)একদেশ,একদলও একনেতা-যে সরকার ব্যবস্থায় লক্ষ্য করা যায়, সেটির সরূপ ব্যাখ্যা কর।২

(গ)উদ্দিপকে ক নামক দেশে বিদ্যমান সরকার ব্যবস্থায় রাষ্ট্রপ্রধানের কার্যাবলি আলোচনা কর। ৩

(ঘ)তুমি কি মনে কর খ দেশের সরকার ব্যবস্থার সাথে বংলাদেশের সরকার ব্যবস্থার মিল রয়েছে ? বিশ্লেষণ কর। ৪

৫। জনাব সুমন একজন স্থানীয় নেতা। তিনি সাধারণ পরিবারে বেড়ে উঠেছেন ।তাঁর যাদুকরী বক্তব্যে সাধারণ মানুষ অনুপ্রাণিত হয় এবং নতুন নতুন স্বপ্ন দেখে । এমন কি তাঁর ডাকে সকলে উন্নয়ন কাজে ঝাপিয়ে পরে ।তিনি আজ মানুষের অকৃত্রিম বন্ধু। প্রতিটি কাজে তিনি স্বচ্ছতা ও জনাবদিহিতা বজায় রাখেন ।

(ক) আমলা কারা? ১

(খ) সাংবিধানিক আইন বলতে কি বুঝ? ২

(গ) উদ্দীপকে সুমনের কর্মকাণ্ডে কোন ধরণের নেতৃত্বের ইঙ্গিত বহন করে ?ব্যাখ্যা করো । ৩

(ঘ) সুমনের উক্ত নেতৃত্বের ভূমিকা মূল্যায়ণ করো । ৪

৬। মি: ক উচ্চ আদালতের একজন বিচারক ।আদালতে একটি জটিল মামলার রায় প্রদান করতে গিয়ে বিদ্যমান আইনে কোনো সমাধান না পেয়ে নিজের প্রজ্ঞা ও বিবেক বুদ্ধি অনুসারে বিচার কাজ সম্পন্ন করেন ।ফলে নতুন আইনের সৃষ্টি হয়।

(ক)প্রথা কী? ১

(খ) আইন ও স্বাধীনতার সম্পর্ক ব্যাখ্যা করো। ২

(গ) উদ্দীপকে আইনের কোন উৎসের কথা বলা হয়েছে ? ব্যাখ্যা করো । ৩

(ঘ)"উদ্দীপকে উল্লিখিত উৎস ছাড়াও আইনের আরও অন্যান্য উৎস রয়েছে ?"-বিশ্লেষণ করো ।৪

৭। জনাব ক সহকারী জজ হিসাবে কর্মজীবন শুরু করেন। তিনি আদালতের মামলাসমূহ সমাধানের ক্ষেত্রে বিদ্যমান আইনে সমাধান করতে না পারলে অর্জিত জ্ঞান, অভিজ্ঞতা ও প্রজ্ঞার মাধ্যমে সমাধান করেন ।পরিবার ও সম্পত্তি সংক্রান্ত সমস্যা তিনি ঐশি আইনের মাধ্যমে সমাধান করেন।

(ক)"মানুষ স্বভাবতই সামাজিক ও রাজনৈতিক জীব "-উক্তিটি কার ? ১

(খ)স্বচ্ছতা বলতে কী বুঝ ? ২

(গ) উদ্দীপকে সম্পত্তি বন্টন ও পারিবারিক সমস্যা সমাধানের ক্ষেত্রে আইনের কোন উৎসের দিকে ইঙ্গিত করা হয়েছে ?তোমার পাঠ্য বই এর আলোকে ব্যাখ্যা করো । ৩

(ঘ)উদ্দিপকে বর্ণিত বিচারকের ভূমিকা কিভাবে নতুন আইন সৃষ্টি করে? বিশ্লেষণ করো। ৪

৮। ক দেশটির সংবিধানে নাগরিকের চিন্তা ও বিবেকের স্বাধীনতা এবং বাক স্বাধীনতাসহ নানা ধরণের অধিকারের স্বীকৃতি প্রদান করা হয় ।সরকারের যাবতীয় তথ্য সহজেই পাওয়ার জন্য সংসদে২০০৯ সালে একটি আইনে পাস করা হয়। ফলে সরকারের জবাবদিহিতা ও স্বচ্ছতা সুনিশ্চিত হয় ।

(ক) আইনের ছয়টি উৎসের কথা বলেছেন কে ? ১

(খ)"বিশ্ব আজ একটি গ্রামে পরিণত হয়েছে" -ব্যাখ্যা করো । ২

(গ) উদ্দিপকে উল্লেখিত আইনের সাথে তোমার পাঠ্য বই এর কোন আইনের মিল রয়েছে ? ব্যাখ্যা করো । ৩

(ঘ)নাগরিকের অধিকার সুনিশ্চিতকরণে উক্ত আইনের ভূমিকা বিশ্লেষণ করো । ৪

৯। জনাব করিম ক রাষ্ট্রের রাষ্ট্রপতি হিসেবে নির্বাচিত হয়েছেন। এখানে নির্বাচিত গভর্ণরের নেতৃত্বে ৩০ টি আঞ্চলিক সরকার রয়েছে । অপরদিকে জনাব রহিম খ রাষ্ট্রের নির্বাচিত প্রধানমন্ত্রি । এখানে বিভিন্ন অঞ্চলে স্থানীয় সরকার চালু আছে। এ সরকারগুলো সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নে কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন ।

(ক)সরকারের অঙ্গ কয়টি ? ১

(খ) সার্বজনীন ভোটাধিকার বলতে কী বুঝ ? ২

(গ)উদ্দিপকে বর্ণিত ক রাষ্ট্রের সরকার ব্যবস্থার সাথে তোমার পাঠ্য বইয়ে আলোচিত কোন ধরণের সরকার ব্যবস্থার মিল রয়েছে ? বিশ্লেষণ করো। ৩

(ঘ) তুমি কী মনে করো উদ্দিপকে বর্ণিত খ রাষ্ট্রের সরকার ব্যবস্থার সাথে বাংলাদেশে বিদ্যমান সরকার ব্যবস্থার মিল রয়েছে ? বিশ্লেষণ করো । ৪

১০। " ক" অঞ্চলের জনগণ বিভিন্ন ধর্মে বিশ্বাসী ।একই ভাষায় মনের ভাব প্রকাশ করে এবং অভিন্ন সাহিত্য ও সংস্কৃতি পালন করে।এখানে স্বাধীনতা যুদ্ধে সকল ধর্ম -বর্ণের জনগণ অংশগ্রহণ করে এবং পরাধীনতা থেকে মুক্তি লাভ করে।স্বাধীনতা লাভের পরেও সকল শ্রেণির জনগণ দেশ গড়ার কাজে আত্মনিয়োগ করে।

(ক) অধ্যাদেশ জারি করেন কে? ১

(খ)নির্বাচকমন্ডলী বলতে কি বুঝায় ? ২

(গ)উদ্দীপকে "ক" অঞ্চলের জনগণ বিভিন্ন ধর্মে বিশ্বাসী হলেও কোন বিষয়টি তাদেরকে ঐক্যবদ্ধ হতে উদ্বুদ্ধ করে? তোমার বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

(ঘ) জাতি গঠনে উদ্দীপকে বর্ণিত উপাদানগুলোই যথেষ্ঠ নয়– মতামত দাও। ৪

১১। সোহেল তার নিজ গ্রাম রামকান্তপুরে "প্রজ্ঞ" নামে একটি সংগঠন করেন ।গ্রামের অধিকাংশ স্বল্পশিক্ষিত লোক সন্ধায় এখানে একত্রিত হয় ।তিনি তাদেরকে পত্র-পত্রিকা, পড়তে,বিভিন্ন সভা-সমাবেশে যেতে,টেলিভিশন দেখতে উপদেশ দেন, যাতে তারা আগামী নির্বাচনে যোগ্য প্রার্থীকে ভোট দিতে পারেন ।কিন্তু তারা স্বল্পশিক্ষিত হওয়ায় রেডিও শুনে ও টেলিভিশন দেখে সময় কাটান।

(ক)রাজনৈতিক সংস্কৃতি কী? ১

(খ) "সংখ্যাগরিষ্ঠ জনগণের কল্যাণকামী মতামতই জনমত"– বক্তব্যটি পরীক্ষা কর। ২

(গ) উদ্দীপকে বর্ণিত মাধ্যমগুলো যোগ্য প্রার্থী নির্বাচনে কী ধরণের ভূমিকা পালন করে? তোমার বইয়ের আলোকে ব্যাখ্যা কর । ৩

(ঘ) উদ্দীপকে বর্ণিত মাধ্যমগুলি ছাড়াও জনমত গঠনের আরও মাধ্যম রয়েছে – বিশ্লেষণ কর। ৪

পাংশা সরকারি কলেজ

উচ্চ মা[illegible]-২০২৫

বিষয়: পৌরনীতি ও সুশাসন ১ম পত্র

সময় :৩০ মিনিট পূর্ণমান ৩০

বহুনির্বাচনী অংশ

১। সুশাসন প্রতিষ্ঠায় সরকারের করণীয় –
(ক) আইনের যথার্থ প্রয়োগ (খ)শক্তিশালী আমলাতন্ত্র প্রতিষ্ঠা
(গ) গণ মাধ্যমের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা (ঘ) নিয়ন্ত্রিত গণতন্ত্র

২। রাজনৈতিক স্বাধীনতা হলো –
(ক ভোট প্রদান (খ) স্বাধীনভাবে চলাফেরা
(গ) যোগ্যতা অনুযায়ী কর্ম লাভ (ঘ)উপযুক্ত মুজুরি লাভ

৩। জাতিসংঘ মানবাধিকার সমূহ গৃহীত হয় কত সালে ?
(ক) ১৯৪৫ (খ) ১৯৪৭
(গ) ১৯৪৮ (ঘ)১৯৫২

৪। নিয়মিত কর প্রদান করা কোন ধরণের কর্তৃব্য?
(ক) সামাজিক (খ)রাজনৈতিক
(গ) অর্থনৈতিক (ঘ)নৈতিক

৫। মানুষের স্বাধীনতাকে অর্থবহ করতে প্রয়োজন –
i ) আইনের শাসন ii) দায়িত্বশীল শাসনব্যবস্থা iii) জনমত
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i i ও iii (গ) i ও iii (ঘ) i ii ও iii

উদ্দিপকটি পড়ে নীচের ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :
" দ্যা প্রফেসরস" চলচ্চিত্রে দেখা যায় শিক্ষক ছাড়াই পরীক্ষার্থীরা প্রশ্নপত্র ও উত্তরপত্র নিয়ে কোনো অনিয়ম না করে পরীক্ষা দিচ্ছে।

৬। উদ্দীপকে প্রতিফলিত বিষয়টি কিসের পরিচায়ক ?
( ক ) প্রথা (খ) নীতি (গ) মূল্যবোধ( ঘ) আইন

৭। এর ফলে ভবিষ্যৎ নাগরিকরা
(i ) দায়িত্বশীল হবে (ii ) সুশাসনের উপযোগী পরিবেশ তৈরি করবে (iii) উন্নত নৈতিকতার অধিকারী হবে
নীচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii (গ) i i ও iii (ঘ) i i iও iii

নিচের উদ্দীপকটি পড় ও ৮ও ৯ নং প্রশ্নের উত্তর দাও-
জনাব আসাদ বাস-ট্রাক মালিক সমিতির একজন নেতা। ক্ষমতায় যাওয়ার লক্ষ্য না থাকলেও তাঁর সংগঠনের দাবি আদায়ের ব্যাপারে তিনি সোচ্চার।

৮। উদ্দীপকে কোন ধরণের সংগঠনের প্রতি ইঙ্গিত করা হয়েছে?
(ক) রাজনৈতিক দল (খ)চাপসৃষ্টিকারী গোষ্ঠী (গ)নির্বাচকমন্ডলী (ঘ)আমলাতন্ত্র

৯।উদ্দীপকে বর্ণিত সংগঠনের কর্মকান্ডের ফলে
(ক) গোষ্ঠী স্বার্থ আদায় হয়(খ) জনকল্যান সাধিত হয় (গ) জনসচেতনতা বৃদ্ধি পায় (ঘ)গণতন্ত্র প্রতিষ্ঠীত হয়

১০। CIVICS শব্দের অর্থ কী ?
(ক) নাগরিক(খ) নগর(গ)নগররাষ্ট্র (ঘ)পুরবাসী

১১। বিদেশে নিরাপত্তা লাভ করা নাগরিকের কোন ধরণের অধিকার ?
(ক) সামাজিক(খ)নৈতিক (গ) অনৈতিক(ঘ)রাজনৈতিক

১২।প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রে বিকল্প সরকার বলা হয় কাকে ?
(ক) সরকারি দলকে(খ)সামরিক বাহীনিকে(গ) বিরোধীদলকে(ঘ)সচিবালয়কে

১৩। জাতীয় রাষ্ট্রের স্বপ্নদ্রষ্টা কে ?
(ক) এরিষ্টটল(খ) জন স্টুয়ার্ট(গ) নিকোলো ম্যাকিয়াভেলী(ঘ) অধ্যাপক লাস্কি

১৪।অধ্যাপক হল্যান্ডের মতে আইনের উৎস কয়টি ?
(ক) ৩টি(খ) ৪টি(গ) ৫টি(ঘ) ৬টি

১৫।বাংলাদেশের সরকার প্রধান কে ?
(ক) রাষ্ট্রপতি(খ) স্পিকার(গ) প্রধানমন্ত্রী(ঘ) প্রধান বিচারক

১৬। "সৎগুনই জ্ঞান"-উক্তিটি কার ?
(ক) সক্রেটিস ( খ) পেরিক্লেশ (গ)প্লেটো (ঘ) এরিস্টটল

১৭।"মানুষ প্রকৃতিগতভাবেই সামাজিক ও রাজনৈতিক জীব "-কার উক্তি ?
(ক) প্লেটো (খ) এরিস্টটল (গ) টমাস হবস ( ঘ) জন লক

১৮। বিশ্বব্যাংক সুশাসনের কয়টি স্তরের কথা বলেছেন ?
(ক) ৩ (ক)৪ (গ) ৫ (ঘ) ৬

১৯। সর্বজনীন মানবাধীকার ঘোষণাপত্র গৃহীত হয় কত সালে ?

২০। আদর্শ আমলাতন্ত্রের জনক কে ?
(ক) অধ্যাপক ফাইনার (খ) জ্যাঁক রুশো (গ) ম্যাক্সওয়েবার (ঘ) পলা জন

২১।" যেখানে আইন নাই সেখানে স্বাধীনতা থাকতে পারে না " । -উক্তিটি কার ?
(ক) বার্কার (খ) জন লক (গ) উইলোবি (ঘ) এ. বি ডাইসি

২২। এককেন্দ্রিক সরকার প্রচলিত রয়েছে এমন রাষ্ট্র হলো –
(ক) ভারত (খ) পাকিস্তান (গ) কানাডা (ঘ) যুক্তরাজ্য

২৩। সংসদীয় সরকার ব্যবস্থায় সরকার প্রধান কে ?
(ক) রাষ্ট্রপতি (খ) প্রধানমন্ত্রী (গ) স্পিকার (ঘ) প্রধান বিচারপতি

২৪। ভোটদান ও নির্বাচনে প্রার্থী হওয়া কোন ধরণের অধিকার ?
(ক) অর্থনৈতিক (খ) নৈতিক (গ) রাজনৈতিক ( ঘ) সামাজিক

২৫। মৌলিক অধিকারের রক্ষক কোনটি /
(ক) সংবিধান (খ) বিচার বিভাগ (গ) আইন বিভাগ (ঘ) শাসন বিভাগ

২৬। জাতীয়তার উপাদান কোনটি ?
(ক) মূল্যবোধ (খ) বংশগত (গ) অধিকার (ঘ) নাগরিকতা

২৭। স্বচ্ছতা ,জবাবদিহিতা, আইনের শাসনও স্বাধীন বিচার বিভাগ নিচের কোনটিকে নির্দেশ করে ?
(ক)সুশাসন (খ) মুল্যবোধ (গ) পৌরনীতি (ঘ) সাম্য

২৮। মানব সভ্যতার আদি সংগঠন কোনটি ?
(ক) পরিবার (খ) রাষ্ট্র (গ) সমাজ (ঘ) গোত্র

২৯। এরিস্টটলের মতে , উত্তম সরকার কোনটি ?
(ক) গণতন্ত্র (খ) রাজতন্ত্র (গ) পলিটি ( ঘ) প্রজাতন্ত্র

৩০। আইন মূলত কোন শব্দ থেকে এসেছে ?
(ক) জার্মান (খ) আরবি (গ) রোমান (ঘ) ফারসি

পাংশা সরকারি কলেজ

[illegible]

পৌরনীতি ও সুশাসন ১ম পত্র

(বহুনির্বাচনী অংশ)

পূর্ণমান- ৩০ সময়: ৩০ মিনিট

১ সরকারের অঙ্গ কয়টি?

(ক) ২ (খ) ৩ (গ) ৪ (ঘ) ৫

২। সংসদীয় সরকার কাঠামোয় নির্বাহী ক্ষমতার অধিকারী কে ?

(ক) রাষ্ট্রপতি (খ)প্রধানমন্ত্রী (গ) প্রধান বিচারপতি (ঘ) স্পিকার

৩। কোন দেশে এককেন্দ্রিক সরকার বিদ্যমান ?

(ক)যুক্তরাষ্ট্র (খ) ভারত(গ) পাকিস্তান (ঘ) বাংলাদেশ

৪। একনায়কতান্ত্রিক সরকারে –

i. জনমত গঠনের স্বাধীন মাধ্যম থাকে না

ii. একাধিক রাজনৈতিক দল থাকে না

iii. রাষ্ট্র ও সরকারের পার্থক্য থাকে না

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ) ii ও iii

গ. i ও iii ঘ. i ii ও iii

উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:

আরিফ এমন একটি দেশের নাগরিক, যেখানে যিনি শাসক তিনিই বল প্রয়োগে বিশ্বাসী ।

৫। উদ্দীপকে আরিফের দেশটির সরকার কাঠামো হবে–

ক) একনায়কতান্ত্রিক

খ) প্রজাতান্ত্রিক

গ) গণতান্ত্রিক

ঘ)সমাজতান্ত্রিক

৬।উক্ত সরকারের ক্ষেত্রে নিচের কোন বিষয়গুলো প্রযোজ্যহবে–

ক)উক্ত শাসক সর্বাত্মকবাদী

খ)উক্ত শাসনকে স্বৈরতান্ত্রিক শাসন ও বলা যায়

গ)উক্ত শাসন অতিমাত্রায় প্রগতিশীল

ক. i ও ii খ) ii ও iii

গ. i ও iii ঘ. i ii ও iii

৭। ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতির জনক কে ?

(ক) মন্টেস্কু (খ) ব্রাইস

(গ) জন লক (ঘ) রুশো

৮।কোন ধরণের সরকার ব্যবস্থায় আইন বিভাগ ও শাসন বিভাগের মধ্যে গভীর সম্পর্ক বিদ্যমান থাকে?

ক)যুক্তরাষ্ট্র খ)রাজতান্ত্রীক গ)রাষ্ট্রপতি শাসিত ঘ)মন্ত্রীপরিষদ শাসিত

৯। লালফিতার দৌরাত্মের ফলে–

i জনগণের হয়রানি বৃদ্ধি পায়

ii) সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব ঘটে

iii) গণতন্ত্রের বিকাশ ত্বরান্বিত হয়

নিচের কোনটি সঠিক –

ক. i ও ii খ) ii ও iii

গ. i ও iii ঘ. i ii ও iii

১০ সংসদ সদস্যগণ সরকারের কোন বিভাগের অন্তর্ভূক্ত?

ক)আইন খ)শাসন গ) বিচার ঘ)জনপ্রশাসন

১১ শাসন বিভাগের কাজ কোনটি ?

ক) আইন তৈরি করা (খ) আইন বাস্তবায়ন করা (গ)আইনের ব্যাখ্যা করা (ঘ)বিচার কার্য পরিচালনা করা

১২। বিশ্ব মানবাধিকার দিবস কোনটি?

ক)৮ ডিসেম্বর খ)১০ ডিসেম্বর (গ)২২ডিসেম্বর ঘ)৩০ ডিসেম্বর

১৩।"রাষ্ট্র মূখ্য,ব্যক্তি গৌণ "–কোন ধরণের সরকারের বৈশিষ্ট্য?

ক)প্রজাতান্ত্রিক খ)রাজতান্ত্রিক গ) রাষ্ট্রপতি শাসিত ঘ)একনায়কতান্ত্রিক

১৪ বাংলাদেশের আইন সভার নাম কী ?

(ক) পার্লামেন্ট (খ) কংগ্রেস (গ) বিধানসভা (ঘ) জাতীয় সংসদ

১৫। সরকারের কোন বিভাগ অধ্যাদেশ জারি করতে পারে ?

(ক) আইন বিভাগ (খ) শাসন বিভাগ (গ) বিচার বিভাগ (ঘ) আইন ও শাসন বিভাগ

১৬।" Liberty" শব্দটি কোন ভাষা থেকে এসেছে ?

(ক) গ্রিক (খ) ল্যাটিন (গ) টিউটনিক (ঘ) ফরাসি

১৭। বাংলাদেশ প্রতিষ্ঠায় জাতীয়তার কোন উপাদানটি মূখ্য ভূমিকা পালন করেছে –

(ক) ভাষা (খ) ধর্ম (গ) ইতহাস ও ঐতিহ্য (ঘ) বংশ

১৮। আইনকে বাস্তবে প্রয়োগ করা কোন বিভাগের কাজ ?

(ক) আইন বিভাগের (খ) বিচার বিভাগের (গ) শাসন বিভাগের (ঘ) মন্ত্রীসভার

১৯। লালফিতার দৌরাত্ম বলতে বলতে বোঝায় –

(ক) কাজের দীর্ঘসূত্রতা (খ) দায়িত্বশীলতা (গ) কর্মকৌশল (ঘ) কর্মদক্ষতা

২০। কোন প্রতিষ্ঠান সর্বপ্রথম সুশাসনের ধারণা দেয়?

(ক) জাতিসংঘ (খ) ইউরোপীয় ইউনিয়ন (গ) বিশ্বব্যাংক (ঘ) এডিবি

২১। "The Spirit of Laws" গ্রন্থের রচয়িতা কে ?

(ক) জন লক (খ) জন অস্টিন (গ) মন্টেস্কু (ঘ) ব্লাকস্টোন

২২। বাংলাদেশের তথ্য অধিকার আইন পাস হয় কত সালে ?

(ক) ২০০৮ (খ) ২০০৯ (গ) ২০১০ (ঘ) ২০১১

২৩। কোনটি ধর্মভিত্তিক রাষ্ট্র ?

(ক) বাংলাদেশ (খ) ভারত (গ) ভ্যাটিকান সিটি (ঘ) গ্রেট ব্রিটেন

২৪। বাংলাদেশের সর্বোচ্চ আদালত কোনটি ?

(ক) জজ কোর্ট (খ) সচিবালয় (গ) সুপ্রিমকোর্ট (ঘ) হাইকোর্ট

২৫। রাষ্ট্রবিজ্ঞানের জনক কে ?

(ক) প্লেটো (খ) এরিস্টটল (ঘ) জন লক (ঘ) টমাস হবস

২৬। বিরোধী দলকে ছায়া সরকার বলা হয় –

(ক) একনায়কতন্ত্রে (খ) গণতন্ত্রে (গ) রাজতন্ত্রে (ঘ) প্রজাতন্ত্রে

২৭। দ্বি-দলীয় রাজনৈতিক ব্যবস্থা বিদ্যমান কোন দেশে ?

(ক) বাংলাদেশ (খ) ভারত (গ) পাকিস্তান (ঘ) যুক্তরাজ্য

২৮। দ্বীকক্ষবিশিষ্ট আইনসভার উদাহরণ কোনটি ?

(ক) বাংলাদেশের আইন সভা (খ) নেপালের আইন সভা (গ) ভুটানের আইন সভা (ঘ)যুক্তরাজ্যের আইনসভা

২৯ ।আইনের সবচেয়ে প্রাচীন উৎস কোনটি ?

(ক) প্রথা (খ) ধর্ম (গ) বিচারকের রায় (ঘ) জনমত

৩০ । রাজনৈতিক দলের প্রধান লক্ষ্য কোনটি ?

(ক) দলীয় আদর্শ বাস্তবায়ন (খ) কর্মসূচী ঘোষণা (গ) সরকার গঠন (ঘ) জনকল্যান করা

পাংশা সরকারি কলেজ

সাজেশন্স

[illegible]

পৌরনীতি ও সুশাসন ১ম পত্র

**জ্ঞানমূলক প্রশ্ন**

১। Civitas"শব্দের অর্থ কী ?

২। নগর রাষ্ট্র কী ?

৩। সুশাসনের ইংরেজি প্রতিশব্দ কী?

৪। সুশাসন কী ?

৫। পৌরনীতি সম্পর্কে ই. এম.হোয়াইট প্রদত্ত সংজ্ঞাটি লেখো ।

৬। বিকেন্দ্রীকরণ কাকে বলে ?

৭।" মানুষ স্বভাবতই সামাজিক ও রাজনৈতিক জীব" উক্তিটি কার?

৮। সুশাসন ধারণাটি সর্বপ্রথম কে প্রবর্তন করেন?

৯। ওয়েস্টফেলিয়ার চুক্তি সম্পাদন হয় কখন ?

১০। রাষ্ট্র কী ?

১১। পৌরনীতি মূলত কী বিষয়ক বিজ্ঞান ?

১২। মূল্যবোধ কী?

১৩। আইনের ছয়টি উৎসের কথা বলেছেন কে?

১৪। "সার্বভৌমের আদেশই আইন"- উক্তিটি কার ?

১৫।" যেখানে আইন নেই সেখানে স্বাধীনতা থাকতে পারে না" -এটি কার উক্তি ?

১৬। সাম্য, মৈত্রী ,ভ্রাতৃত্ববোধ কোন বিপ্লবের স্লোগান ছিলো ?

১৭। ফরাসি বিপ্লব কত সালে হয়?

১৮। আমেরিকার স্বাধীনতার ঘোষণাপত্র কবে স্বাক্ষরিত হয় ?

১৯। আইন কী?

২০।" আইন হচ্ছে সাবভৌম শাসকের আদেশ "- উক্তিটি কার ?

২১। অধিকার প্রধানত কত প্রকার?

২২। অধিকার অবাধ হলে কি ঘটবে?

২৩। অধিকারের প্রধান রক্ষাকবচ কোনটি?

২৪। তথ্য অধিকার কি ?

২৫। অধিকার কি?

২৬। তথ্য অধিকার আইন কি?

২৭। বাংলাদেশে তথ্য অধিকার আইন কত সালে প্রণীত হয়?

২৮। মৌলিক অধিকার কি?

২৯। মানবাধিকার কি?

৩০। বিশ্বায়ন কি?

৩১। কর্তব্য কি?

৩২। বিশ্ব মানবাধিকার দিবস কোনটি?

৩৩। আইনগত অধিকার কি?

৩৪। রাজনৈতিক দল কাকে বলে?

৩৪। উপদল কি?

৩৫। চাপ সৃষ্টিকারী গোষ্ঠী বলতে কি বুঝায়?

৩৬। নেতৃত্ব কি?

৩৭। সরকার কি?

৩৮। রাষ্ট্রের সর্বাপেক্ষা গুর"ত্বপূর্ণ উপাদান কোনটি?

৩৯। আব্রাহাম লিংকন প্রদত্ত গণতন্ত্রের সংজ্ঞাটি লিখো?

৪০। প্রতিনিধিত্বশীল গণতন্ত্র কি?

৪১। একনায়কতন্ত্র বলতে কি বুঝায়?

৪২। প্রজাতন্ত্র কি?

৪৩। ফ্যাসিবাদ কি?

৪৪। ফ্যাসিবাদের প্রবক্তা কে?

৪৫। রাষ্ট্রপতি শাসিত সরকার কি?

৪৬। মন্ত্রী শাসিত সরকার কি?

৪৭। এককেন্দ্রিক সরকার কি?

৪৮। যুক্তরাষ্ট্রীয় সরকারের সংজ্ঞা দাও?

৪৯। সরকারের অঙ্গ কয়টি?

৫০। কোন বিভাগের ক্ষমতা হ্রাস পাচ্ছে?

৫১। বাংলাদেশের আইনসভার নাম কি?

৫২। শাসন বিভাগ কি?

৫৩। অধ্যাদেশ কি?

৫৪। অধ্যাদেশ কে জারি করেন?

৫৫। বিচার বিভাগের স্বাধীনতা কি ?

৫৬। ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতি কি ?

৫৭। ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতির প্রবক্তা কে ?

৫৮। গণভোট কি ?

৫৯। রাজনৈতিক অংশগ্রহণ বলতে কি বুঝায় ?

৬০। জাতীয়তা কি ?

৬১। জাতীয়তার প্রধান উপাদান কোনটি ?

৬২। জাতি কি ?

৬৩। "NATUS" শব্দের অর্থ কি ?

৬৪। জাতি রাষ্ট্র কাকে বলে ?

৬৫। দেশ প্রেম কি ?

## অনুধাবনমূলক প্রশ্ন

১। স্বচ্ছতা বলতে কী বোঝায় ?
২। পৌরনীতিকে নাগরিকতা বিষয়ক বিজ্ঞান বলা হয় কেন ?
৩ ।আইনের শাসন বলতে কী বোঝায়?
৪। সামাজিক মূল্যবোধ বলতে কী বোঝায় ?
৫। জবাবদিহিতা বলতে কী বোঝায় ?
৬। স্বচ্ছতা বলতে কী বোঝায় ?
৭।" বিশ্ব আজ একটি গ্রামে পরিণত হয়েছে "-ব্যাখ্যা করো ।
৮। কেন আইন মান্য করা উচিত ?
৯।" সাম্য ব্যতীত স্বাধীনতা অর্থহীন"-কেন ?
১০। রাজনৈতিক স্বাধীনতা বলতে কী বোঝায় ?
১১।" আইন আছে বলেই স্বাধীনতা উপভোগ করা যায়" -ব্যাখ্যা করো ।
১২। সাংবিধানিক আইন বলতে কী বোঝায় ?
১৩। গণতান্ত্রিক মূল্যবোধ বলতে কী বোঝায় ?
১৪। জাতীয়তা ধারণা "- ব্যাখ্যা কর
১৫।জাতীয়তার ধারণা হলো মূলত ভাগগত" -উক্তিটি ব্যাখ্যা কর
১৬ ।জাতীয়তার কয়েকটি উপাদানের নাম উল্লেখ কর
১৭ ।জামূল্যবোধ বলতে কি বুঝায়?
১৮ ।সামাজিক মূল্যবোধ কি?
১৯ ।সামাজিক ন্যায় বিচার বলতে কি বুঝায়?
২০ ।আইন মান্য করার মূল কারণ কি?
২১ ।নৈতিকতা বলতে কি বুঝায়?
২২। স্বাধীনতা বলতে কি বুঝায়?
২৩। রাজনৈতিক স্বাধীনতা কি?
২৪ ।স্বাধীনতার চারটি রক্ষা কবচ লিখ।
২৫ ।রাজনৈতিক সাম্য কি
২৬ ।"সাম্য ব্যতীত স্বাধীনতা অর্থহীন"- কেন
২৭। আইনের শাসন কিভাবে নাগরিক স্বাধীনতা রক্ষা করে
২৮। প্রথা কি
২৯। সার্বজনীন ভোটাধিকার বলতে কি বুঝায
৩০। তুমি কিভাবে একজন স্থানীয় নাগরিক
৩১। নির্বাচকমন্ডলী বলতে কি বুঝায
৩২। নাগরিকদের কেন দাযত্বি পালন করা উচিত
৩৩। রাজনৈতিক সামাজিকীকরণ কি
৩৪। একদলীয ব্যবস্থা কি
৩৫। দ্বি-দলীয ব্যবস্থা কি ?
৩৬। বহুদলীয ব্যবস্থা কি ?
৩৭। নেতৃত্ব কত প্রকার ও কি কি ?
৩৮। সম্মোহনী নেতৃত্ব কি ?
৩৯। নেতৃত্বের চারটি গুণাবলী লেখ ।
৪০। উদারতা কিসের গুন ?
৪১। আইনসভার প্রধান কাজ কি ?
৪২। দ্বি-কক্ষ বিশিষ্ট আইনসভা কি ?
৪৩। আইন বিভাগের ক্ষমতর হ্রাসের দুটি কারণ উল্লেখ কর ।
৪৪। শাসন বিভাগ কি ?
৪৫। বিচার বিভাগের স্বাধীনতা বলতে কি বুঝায ?
৪৬। বিচার বিভাগের স্বাধীনতা রক্ষার দুটি উপায লিখ ।
৪৭। বিচার বিভাগীয পর্যালোচনা বলতে কি বুঝ ?
৪৮। "নিয়ন্ত্রণ ও ভারসাম্য নীতি" কি ?
৪৯। ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতি কিভাবে নাগরিক স্বাধীনতা রক্ষা করে ?
৫০। জাতীযতাবাদ বলতে কি বুঝায ?
৫১। বংশগত ঐক্য বলতে কি বুঝায ?
৫২। "জাতীযতা একটি মানতীযতার দ্বি-মাত্রা বলতে কি বুঝায ?
৫৩। জাতীযতা কিভাবে দেশপ্রেম সৃষ্টিতে সাহাযা করে ?
৫৪। ভাবগত ঐক্য কিসের উপাদান ?

## পাংশা সরকারি কলেজ

উচ্চ মাধ্যমিক [illegible]

## বিষয়ঃ পৌরনীতি ও সুশাসন ২য় পত্র

## (সৃজনশীল অংশ)

সময়: ২ ঘন্টা ৩০ মিনিট | পূর্ণমান : ৭০

**(যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও।)**

**১।** দৃশ্যপট-১: উদয়পুর গ্রামের মুসলিম পরিবারগুলো তাদের ধর্মের চেতনা, মূল্যবোধ ও পারস্পরিক সহযোগিতার আশায় ১৯৬৭ সালে 'সম্প্রীতি' নামে একটি সংগঠন গড়ে তুলে। এ সংগঠনে প্রাথমিকভাবে ২৫ টি পরিবার যুক্ত হলেও বর্তমানে ৫৭ পরিবার যুক্ত রয়েছে। ধর্মীয় পবিত্র স্থানসমূহের সুরক্ষা প্রদান এ সংগঠনের মূল লক্ষ্য।

**দৃশ্যপট-২:** নারায়ণপুর গ্রামে বিংশ শতাব্দীর মাঝামাঝি সময়ে দু'টি পক্ষের মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়। এতে প্রচুর প্রাণহানি ও সম্পদ নষ্ট হয়। এই ঘটনার প্রেক্ষিতে ৫১টি পরিবার মিলে 'একতা' নামে একটি সংগঠন তৈরি করে। এই সংগঠনটি পুরো গ্রামের শান্তি,সমৃদ্ধি ও নিরাপত্তার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আজ গ্রামের প্রায় প্রতিটি পরিবার এই সংগঠনের সদস্য। অন্য দিকে বিংশ শতাব্দীর শেষ দিকে ঐ গ্রামের দক্ষিণ পাড়ার ৭টি পরিবার মিলে তাদের পাড়ার উন্নয়নের জন্য 'বন্ধন' নামে আরেকটি সংগঠন গড়ে তুলে। পরবর্তীতে এই সংগঠনে আরো ১ টি পরিবার যুক্ত হয়। দক্ষিণ পাড়ার উন্নয়ন ও সহযোগিতার ক্ষেত্রে এই সংগঠনটিও বেশ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে।

ক) কোন ইউরোপীয় বণিক গোষ্ঠী সর্বপ্রথম ভারতবর্ষে আগমন করেন ? ১

খ) জাতীয় সংসদের মূল কাজ কোনটি ? ব্যাখ্যা কর। ২

গ) 'সম্প্রীতি' সংগঠনের সাথে তোমার পঠিত সংগঠনের সাদৃশ্যতা ব্যাখ্যা কর। ৩

ঘ) 'একতা' ও 'বন্ধন' সংগঠনের ন্যায় তোমার পঠিত সংগঠন দু'টির সাথে বাংলাদেশের গভীর সম্পর্ক রয়েছে- এ বক্তব্যের সাথে তুমি কি একমত ? তোমার মতামত বিশ্লেষণ করে দেখাও। ৪

**২।** দৃশ্যপট-১ : দরিদ্র ও মেধাবী পিংকি রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে অনার্সসহ মাস্টার্স ডিগ্রি লাভ করেছে। পত্রিকায় একটি সাংবিধানিক প্রতিষ্ঠানের নিয়োগ বিজ্ঞপ্তি পড়ে সে চাকরির আবেদন করে। প্রতিষ্ঠানটির নিয়োগ প্রক্রিয়ার প্রতিটি স্তরে পিংকি কৃতকার্য হয়। প্রতিষ্ঠানটি পিংকিকে পছন্দের পদে নিয়োগ দেয়ার জন্য সরকারের একটি মন্ত্রণালয়ের নিকট সুপারিশ পাঠায়। মন্ত্রণালয় রাষ্ট্রপতির অনুমোদনক্রমে তাঁকে নিজ উপজেলার সরকারি কলেজে প্রভাষক পদে নিয়োগ দেয়।

**দৃশ্যপট-২:** মি. ওয়াহিদ একটি সাংবিধানিক প্রতিষ্ঠানের প্রধান। তার প্রতিষ্ঠানটি স্থানীয় ও জাতীয় পর্যায়ের যোগ্য প্রার্থী বাছাইয়ের কাজ করে থাকে। কাজের সুবিধার্থে তিনি সমগ্র এলাকাকে বিভিন্ন অংশে ভাগ করেন। প্রার্থী বাছাইয়ের জন্য নির্বাচকদের তালিকা প্রস্তুত করেন। অন্যদিকে পিন্টুর বাবা একটি সাংবিধানিক পদে আছেন। তিনি রাষ্ট্রকে আইনী সহায়তা দেন। পদাধিকারবলে তিনি দেশের আইনজীবি কাউন্সিলের প্রধানও বটে।

(ক) মোহামেডান লিটারেরি সোসাইটির প্রতিষ্ঠাতা কে ? ১

(খ) মাওলানা ভাসানীকে কেন মজলুম জননেতা বলা হয় ? ২

(গ) দৃশ্যপট-১ এ উল্লিখিত প্রতিষ্ঠানের সাথে তোমার পঠিত প্রতিষ্ঠানের সাদৃশ্যতা ব্যাখ্যা কর। ৩

(ঘ) দৃশ্যপট-২ এ উল্লিখিত মি. ওয়াহিদ এবং পিন্টুর বাবার কাজের মধ্যে তুমি কোন কোন ধরনের সাদৃশ্যতা ও বৈসাদৃশ্যতা লক্ষ্য করো। তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৩।** রহিম ও করিম দুই ভাই। করিম বর্তমানে একজন হোটেল ব্যবসায়ী। বিগত পাঁচ বছর আগেও তিনি একজন হকার ছিলেন। খাদ্যের স্বাদ ও খাদ্যকে দৃষ্টিনন্দন করতে যেকোনো প্রকার অবৈধ পন্থা অবলম্বনে তিনি পারদর্শী। ভোগবাদী প্রবণতা, নৈতিক শিক্ষা ও মূল্যবোধের অবক্ষয় তাকে এ পর্যায়ে নিয়ে এসেছে। আর্থিকভাবে করিম আজ স্বাবলম্বি হলেও আত্মীয়রা তাকে মন্দ বলে। অন্যদিকে রহিমের ছেলেটির বয়স ১৫ বছর। কিন্তু বয়সের তুলনায় তার বুদ্ধি কম, চঞ্চলতা বেশি, অসংগতিপূর্ণ হাসি-কান্না, অস্বাভাবিক শারীরিক অঙ্গভঙ্গি, যার ফলে ছোট ভাইবোনেরা বিদ্যালয়ে লেখাপড়া করলেও তাকে সাধারণ বিদ্যালয়ে ভর্তি করা হয়নি।

ক. বাংলাদেশের প্রধান আইন কর্মকর্তার পদবী কী ? ১

খ. ইফটিজিং কীভাবে শিক্ষার উপর প্রভাব ফেলে ? ২

গ. উদ্দীপকের প্রথমাংশে করিমে কর্মকান্ড তোমার পঠিত কোন নাগরিক সমস্যার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের দ্বিতীয়াংশে বর্ণিত রহিমের ছেলেটির মত কোন জনগোষ্ঠীর সমস্যা তুমি কীভাবে সমাধান করতে চাও? যুক্তি দাও। ৪

**৪।** কিছুদিন আগে শিহাবের দেশে সব রাজনৈতিক দল মিলে স্বৈরাচারী সরকারকে পদচ্যুত করে এবং একটি গণতান্ত্রিক ধারা চালুর প্রত্যয় ব্যক্ত করে। এরই ধারাবাহিকতায় তত্ত্বাবধায়ক সরকারের অধীনে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে শিহাব জীবনের প্রথম ভোটদানের সুযোগ পায়। অবাধ,নিরপেক্ষ ও সুষ্ঠ নির্বাচন প্রত্যক্ষ করে শিহাব অভিভূত। শিহাবের মনে হল নির্বাচনের এতবড় কর্মযজ্ঞ পরিচালনাকারী সাংবিধানিক এই প্রতিষ্ঠানটি যদি তার সুষ্ঠ ও নিরপেক্ষ ভূমিকা পালনের করে স্থানীয় ও জাতীয় নির্বাচন পরিচালনা করে, তাহলে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠায় প্রতিষ্ঠানটি বিরাট ভূমিকা রাখতে পারে।

ক) NGO এর পূর্ণ রুপ কী ? ১

খ) পল্লী ধারাভিত্তিক স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের সর্বনিম্নে অবস্থানকারী প্রতিষ্ঠানটির নাম ও তার গঠন লিখ। ২

গ) উদ্দীপকে উল্লেখিত নির্বাচনের সাথে তোমার দেশের কোন নির্বাচনের মিল রয়েছে - ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লেখিত প্রতিষ্ঠানটি কিভাবে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠায় ভূমিকা রাখতে পারে ? মতামত দাও। ৪

৫। ঘটনা. ১. মো: আব্দুর রহমান দীর্ঘদিন মাদ্রাসায় পড়াশুনা করে গ্রামে ফিরে দেখলেন তার ছোট ভাই জ্বরে আক্রান্ত। চিকিৎসার জন্য তাঁর মা তাকে ফকিরের কাছে নিয়ে যেতে চায়। গ্রামের অধিকাংশ মানুষই নাকি ফকিরের ঝাঁড় ফুকের চিকিৎসা নিয়ে থাকে। তিনি আরো লক্ষ্য করলেন, অধিকাংশ মানুষ বিপদ আপদ থেকে রক্ষা পেতে পীরের দরবারে মানত করে, দরগায় দান করে। আব্দুর রহমান তাঁর মাকে বুঝিয়ে ডাক্তারের নিকট পাঠালেন এবং গ্রামের মানুষদেরকে বুঝিয়ে ইসলামের অবশ্য পালনীয় কাজগুলো করার আহবান জানান।

ঘটনা-২. ফিরোজ সাহেব একজন সমাজসেবক। তিনি দেখলেন তার এলাকার কৃষকেরা অত্যন্ত অবহেলিত। কৃষকদের সমস্যা ও এলাকার বিভিন্ন ধরণের সমস্যা নিয়ে কাজ করায় তিনি অত্যন্ত জনপ্রিয় হয়ে পড়েন। একপর্যায়ে নির্বাচনে জয়লাভের পর তিনি কৃষকদের জন্য ঋণের ব্যবস্থা করেন এবং জমির উপর তাদের মালিকানার ব্যবস্থা করেন।

ঘটনা-৩, আঃ কাদের দরিদ্র কৃষক পরিবারে জন্মগ্রহণ করেন। শৈশবেই তিনি পিতা-মাতাকে হারান। হত দরিদ্র ও অবহেলিত কৃষকদের দুঃখ দুর্দশা লাঘবের জন্য তিনি সংগ্রাম করেছেন। প্রতিবেশী দেশ একতরফা ভাবে পানি প্রবাহের উদ্যোগ নিলে তিনি সাধারণ জনগণকে সাথে নিয়ে সারাদেশে প্রতিবাদ কর্মসূচী পালন করেন।

নির্বাচিত হন।

(ক) বারাসাত বিদ্রোহ কী ? ১

খ) হোসেন শহীদ সোহরাওয়ার্দীকে গণতন্ত্রের মানসপুত্র বলা হয় কেন ? ২

(গ) ঘটনা. ১. এর সাথে তোমার পাঠ্য বইয়ের কোন রাজনৈতিক ব্যক্তিত্বের কার্যক্রমের সাদৃশ্যতা রয়েছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) ঘটনা ২ ও ৩ এর কর্মকান্ডে যে রাজনেতিক ব্যক্তিত্বের সাদৃশ্য রয়েছে তা চিহ্নিত করে কৃষকদের জন্য বিধিবদ্ধ আইন প্রনয়নে কার ভূমিকা অধিকতর বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৬। ঘটনা-১: বৃহৎ মুসলিম রাষ্ট্র ইন্দোনেশিয়া ছিল ডাচ উপনিবেশ। এই ঔপনিবেশিক শাসন থেকে মুক্তি পাবার জন্য সকল জাতি, গোষ্ঠীর সমন্বয়ে তারা একটি রাজনৈতিক দল গঠন করে। দলটি প্রতিষ্ঠিত হয়ে একপেশে নীতি গ্রহণ করায় ইন্দোনেশিয়ার পূর্ব তিমুরের খ্রিষ্টানরা পৃথক একটি রাজনৈতিক দল গঠন করে। কারণ তারা মনে করে প্রথম রাজনৈতিক দলটি দ্বারা তাদের দাবি-দাওয়া আদায় করা সম্ভব হবে না।

ঘটনা-২: সুমন ও রাশেদ একটি পরাধীন রাষ্ট্রে বসবাস করে। সেখানে দুটি সম্প্রদায় নিজেদের স্বাধীনতার জন্য আন্দোলন করছিল। সুমনের সম্প্রদায়ের নেতৃবৃন্দরা চেয়েছিল একটি স্বাধীন রাষ্ট্র গঠিত হোক। অন্যদিকে রাশেদের সম্প্রদায়ের নেতৃবৃন্দ তাদের জন্য আলাদা রাষ্ট্র গঠনের দাবি জানায়। এজন্য তাদের রাজনৈতিক দলের অধিবেশনে একটি প্রস্তাব পাস করেন।

(ক) প্রাদেশিক স্বায়ত্তশাসন কী? ১

(খ) বঙ্গভঙ্গ ছিল 'বঙ্গমাতার অঙ্গচ্ছেদের সমতুল্য'-ব্যাখ্যা করো। ২

(গ) ঘটনা-১ এ খ্রিষ্টানদের পৃথক রাজনৈতিক দল গঠনের সাথে ভারতীয় উপমহাদেশের কোন রাজনৈতিক দল গঠনের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

(ঘ) ঘটনা-২ এ উল্লিখিত প্রস্তাবটির সাথে সাদৃশ্যপূর্ণ তোমার পঠিত ঐতিহাসিক প্রস্তাবটি স্বাধীন বাংলাদেশ সৃষ্টিতে কোন গুরুত্ব বহন করে কি ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭। ঘটনা-১ : রাজধানীর শ্যামপুর থানার একটি মামলায় বিনা বিচারে প্রায় দেড় দশক ধরে কারাগারে ছিলেন চান মিয়া। এ বিষয়ে বেসরকারি একটি চ্যানেলে সংবাদ প্রচারিত হলে সর্বোচ্চ আদালতের নজরে আনেন দুই আইনজীবী। সর্বোচ্চ আদালত চান মিয়াকে জামিন এবং ৯০ দিনের মধ্যে নিম্ন আদালতকে মামলা নিস্পত্তির নির্দেশ দেয়।

ঘটনা-২: আলীনগর ইউনিয়নটি আয়তনে অনেক বড় এবং জনসংখ্যাও অনেক বেশি। নদী বিধৌত ইউনিয়ন হওয়ায় চেয়ারম্যানের পক্ষে সমস্ত এলাকা সঠিকভাবে পরিচালনা করা অত্যন্ত কঠিন হয়ে পড়ে। তাছাড়া দুর্যোগের সময় ত্রাণসামগ্রী সঠিকভাবে সময়মতো বিতরণ করা যায় না। ইউনিয়নের অধিবাসীদের একটি অংশ উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে বিষয়টি তুলে ধরেন। ফলে প্রশাসনিক, রাজনৈতিক প্রভৃতি কারণ দেখিয়ে ইউনিয়নটিকে দুটি অংশে বিভক্ত করেন। এতে অন্য একটি পক্ষ বিষয়টির বিরোধিতা করে।

(ক) 'স্বাধীন সার্বভৌম অখণ্ড বাংলা' রাষ্ট্রের প্রস্তাব তুলে ধরেন কে? ১

(খ) 'প্রাদেশিক স্বায়ত্তশাসন প্রবর্তন' ১৯৩৫ সালের ভারত শাসন আইনের অন্যতম বৈশিষ্ট্য-ব্যাখ্যা করো। ২

(গ) ঘটনা ১.এর সাথে তোমার পাঠ্য বইয়ের কোন আদালতের সাদৃশ্যতা রয়েছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) তুমি মনে করো আলীনগর ইউনিয়ন বিভক্তির সাথে সাদৃশ্যপূর্ণ তোমার পঠিত ঐতিহাসিক বিষয়টি ভারতীয় রাজনীতিতে কোন প্রভাব ফেলেছিল ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৮।** ঘটনা. ১. 'ক' রাষ্ট্রের প্রদেশগুলোতে প্রাদেশিক বিষয়গুলোকে দু'ভাগ করে সংরক্ষিত বিষয় ও হস্তান্তরিত বিষয় নামে নতুন ব্যবস্থা প্রবর্তন করা হয়। সংরক্ষিত বিষয়গুলো গভর্নর তাঁর হাতে রাখেন।

ঘটনা. ২. এক সময় সুদান একটি অখণ্ড রাষ্ট্র ছিল। তখন সেখানকার দক্ষিণাঞ্চল থেকে অর্জিত অর্থ উত্তরাঞ্চলের উন্নয়নে ব্যয় করা হতো। ফলে সুদানের উভয় অঞ্চলের জনগণের মধ্যে হিংসা ও অবিশ্বাসের জন্ম হয়। এই প্রেক্ষিতে দুই অঞ্চলের মধ্যে দ্বন্দ্ব সৃষ্টি হয়। অবশেষে দক্ষিণ সুদান নামক একটি স্বাধীন রাষ্ট্রের জন্ম হয়। 1

(ক) পাকিস্তানের প্রথম সংবিধান কোনটি? ১

(খ) যুক্তফ্রন্ট কেন গঠন করা হয়েছিল ? ২

(গ) ঘটনা. ১. এ 'ক' রাষ্ট্রের প্রদেশে প্রবর্তিত আইনের সাথে তোমার পঠিত ভারত শাসন আইনের সাদৃশ্যতা ব্যাখ্যা কর। ৩

(ঘ) ঘটনা. ২. এ "দক্ষিণ সুদানের চাইতে বাংলাদেশের স্বাধীনতার পটভূমি ব্যাপক"। তুমি কি এই বক্তব্যের সাথে একমত ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৯।** 'ক' রাষ্ট্রের একটি প্রাদেশিক নির্বাচনে ক্ষমতাসীনদের বিরুদ্ধে কয়েকটি রাজনৈতিক দল একজোট হয়ে নির্বাচনে অংশ নিয়ে বিপুল ভোটে বিজয়ী হয়ে সরকার গঠন করে। কিন্তু শাসকগোষ্ঠী ষড়যন্ত্রের মাধ্যমে অল্পদিনের ভেতরে সেই সরকারকে ক্ষমতাচ্যুত করে।

(ক) ভাষা আন্দোলন কী? ১

(খ) যুক্তফ্রন্ট কেন গঠন করা হয়েছিল? ২

(গ) উদ্দীপকের সাথে তোমার পঠিত প্রাদেশিক নির্বাচনের সাদৃশ্যতা ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ নির্বাচনের বিজয় ছিল মূলত বাঙালি জাতীয়তাবাদের বিজয়-বিশ্লেষণ কর। ৪

**১০।** মি. মামুন একজন জনপ্রতিনিধি। তাঁর প্রতিষ্ঠানটি ২০০৮ সালের স্থানীয় সরকার আদেশ অনুযায়ী আয়তন,জনসংখ্যা ও শ্রেণিবিন্যাসের ধারা অনুযায়ী গঠিত হয়ে কাজ করে। তিনি জনগনের ভোটে নির্বাচিত হয়ে এ প্রতিষ্ঠানের প্রধান হিসাবে নাগরিক সুবিধা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। অন্যদিকে তাঁর বন্ধু মি. সাইফ যে প্রতিষ্ঠানে চাকুরি করেন সেই প্রতিষ্ঠান সরকারের পাশাপাশি স্থানীয় জনগোষ্ঠির আর্থ-সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন এবং দারিদ্র দূরীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আমাদের দেশের স্থানীয় উন্নয়নে দেশীয় ও আর্ন্তজাতিক সাহায্যপুষ্ট এ জাতীয় অনেক প্রতিষ্ঠান রয়েছে।

ক) রাষ্ট্রের সর্বোচ্চ আইন কর্মকর্তা কে ? ১

খ) স্থানীয় পর্যায়ের জনগনের ভোটে নির্বাচিতদের দ্বারা পরিচালিত শাসনকে কী বলে ? ব্যাখ্যা কর। ২

গ) মি.মামুনের প্রতিষ্ঠানের সাথে তোমার পাঠ্য বইয়ে উল্লিখিত প্রতিষ্ঠানের কর্মকান্ডের সাদৃশ্যতা ব্যাখ্যা কর। ৩

ঘ) তুমি কি মনে করো মি. সাইফের প্রতিষ্ঠানটির কর্মকাণ্ডের ন্যায় তোমার পাঠ্য বইয়ের প্রতিষ্ঠানটির কর্মকাণ্ড স্থানীয় জনগোষ্ঠির আর্থ-সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা পালন করতে পারে ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**১১।** বিদেশ ফেরত কৌশিক অসুস্থ। তার ওজন কমে যাচ্ছে এবং অবসাদ ও ক্লান্তি বোধের কারণে কোন কাজ করতে পারছে না। ডাক্তার পরীক্ষা নিরীক্ষার পর বলেছে রোগটি জটিল এবং মৃত্যু নিশ্চিত। সংবাদশুনে বন্ধু সামিন বাজার থেকে কিছু ফল কিনে কৌশিককে দেখতে গেল। লোভনীয় চেহারার ঐ ফল খেয়ে বাড়ীর সবাই অসুস্থ হয়ে পড়ল।

ক) বাংলাদেশের সর্বোচ্চ আদালতের নাম কী ? ১

খ) কোর্ট কর্তৃক বিচার বিশ্লেষণের পর কোন আইনকে অবৈধ ঘোষণা করার ক্ষমতাকে কী বলে ? ব্যাখ্যা কর। ২

গ) কৌশিকের রোগটির পিছনে যে সব কারণ রয়েছে তা তোমার পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর।৩

ঘ) উদ্দীপকে বাড়ীর সবার অসুস্থতা সৃষ্টির পেছনে দায়ি বিষয়টি প্রতিরোধে করণীয় সর্ম্পকে তোমার মতামত দাও। ৪

## পাংশা সরকারি কলেজ

### বিষয়ঃ পৌরনীতি ও সুশাসন ২য় পত্র

### (সৃজনশীল অংশ)

গময়: ২ ঘন্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

**(যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও।)**

১। শ্যামনগর একটি বৃহৎ উপজেলা। এটি উত্তর-দক্ষিণে বিস্তৃত। উন্নত যোগাযোগ ব্যবস্থার কারণে ব্যবসা-বাণিজ্য, শিক্ষা প্রতিষ্ঠান,অফিস-আদালত অধিকাংশ উত্তরে অবস্থিত। ফলে দক্ষিণের জনপদ বৈষম্যের শিকার। দক্ষিণের একজন শিক্ষিত সচেতন ব্যক্তি বিষয়টি উপলব্ধি করে বৈষম্য থেকে মুক্তিলাভের লক্ষ্যে দক্ষিণে একটি আলাদা উপজেলা করার জন্য কর্তৃপক্ষের নিকট দাবি জানান। কর্তৃপক্ষ দাবির যৌক্তিকতা, প্রশাসনিক এবং কৌশলগত কারণে বৃহৎ উপজেলাটিকে ভাগ করে দক্ষিণে একটি আলাদা উপজেলা ঘোষণা করে এবং প্রশাসক নিয়োগ করে। কিন্তু উত্তরের সুবিধাভোগী সচেতন মহল এর বিরোধিতা করে এবং কর্তৃপক্ষের ওপর চাপ সৃষ্টির জন্য আন্দোলন অব্যাহত রাখে। কর্তৃপক্ষ এক পর্যায়ে বাধ্য হয়ে সিদ্ধান্তটি বাতিল করে। এভাবে ঘটনা পরম্পরায় বঞ্চিত অঞ্চলের মানুষের পক্ষ থেকে উনবিংশ শতাব্দীর তৃতীয় দশকে একটি প্রস্তাব কর্তৃপক্ষের কাছে পেশ করা হয়। এই প্রস্তাবের মধ্যেই স্বাধীন বাংলাদেশের বীজ লক্ষ্য করা যায়।

**ক. মৌলিক অধিকার কী ?** ১

খ. দ্বি-জাতি তত্ত্ব কী ? ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে ব্রিটিশ ভারতের কোন ঐতিহাসিক ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ) উদ্দীপকের সর্বশেষ বক্তব্যের সাথে তুমি কি একমত ? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

২। আরিফ একজন খাঁটি মুসলমান ও সমাজ সংস্কারক। তিনি তাঁর ধর্মের মানুষকে কুসংস্কারমুক্ত করতে একটি আন্দোলনের ডাক দেন। তিনি মনে করতেন প্রতিটি মুসলমানের উচিত তাঁর ধর্মের অবশ্য পালনীয় বিষয়গুলোর উপর গুরুত্ব দেয়া। অন্যদিকে মি. আজিমও একজন খাঁটি মুসলমান। তিনি সমাজ সংস্কারের নামে প্রথমে দেশবাসীকে সংগঠিত করা শুরু করেন। এতে কায়েমী স্বার্থবাদী মহল তাঁকে বিদ্রোহী আখ্যা দেন। বুদ্ধিমান মি. আজিম প্রতিরক্ষামূলক ব্যবস্থা হিসেবে তাঁর অনুসারীদের দেশীয় অস্ত্র চালনার প্রশিক্ষণ দিতে শুরু করেন এবং বাঁশ,কাঠ,ও অনুরূপ দেশীয় সামগ্রী দিয়ে একটি অভিনব দূর্গ তৈরি করেন।

ক) মোহামেডান লিটারেরি সোসাইটির প্রতিষ্ঠাতা কে ?১

খ) বারাসাত বিদ্রোহ বলতে কী বুঝ ? ২

গ) উদ্দীপকে মি. আরিফ এর কাজের সাথে তোমার পাঠ্য বইয়ের কোন ব্যক্তির কর্মকান্ডের মিল রয়েছে- ব্যাখ্যা কর। ৩

(ঘ) মি. আজিমকে কি বাঙ্গালীর স্বাধীনতা আন্দোলনের পথিকৃত বলা যায় ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। দরিদ্র ও মেধাবী পিংকি রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে অনার্সসহ মাস্টার্স ডিগ্রি লাভ করেছে। পত্রিকায় একটি সাংবিধানিক প্রতিষ্ঠানের নিয়োগ বিজ্ঞপ্তি পড়ে সে চাকরির আবেদন করে। প্রতিষ্ঠানটির নিয়োগ প্রক্রিয়ার প্রতিটি স্তরে পিংকি কৃতকার্য হয়। প্রতিষ্ঠানটি পিংকিকে পছন্দের পদে নিয়োগ দেয়ার জন্য সরকারের একটি মন্ত্রণালয়ের নিকট সুপারিশ পাঠায়। মন্ত্রণালয় রাষ্ট্রপতির অনুমোদনক্রমে তাঁকে নিজ উপজেলার সরকারি কলেজে প্রভাষক পদে নিয়োগ দেয়। ইচ্ছা পূরণ হওয়ায় পিংকি ও তার পরিবার অত্যন্ত খুশি।

ক. HIV এর পূর্ণরূপ লিখ। ১

খ. সাংবিধানিক প্রতিষ্ঠান কী ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানের সাথে তোমার পঠিত প্রতিষ্ঠানের গঠন উল্লেখপূর্বক সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সাংবিধানিক প্রতিষ্ঠানটির নিয়োগ প্রক্রিয়ার স্বচ্ছতার ওপর দক্ষ প্রশাসন ব্যবস্থা নির্ভর করে- বিশ্লেষণ করো। ৪

৪। রায়হান কবির এক মহান নেতা। বাঙালি জাতিকে স্বৈরশাসনের হাত থেকে মুক্ত করাই ছিল তাঁর প্রধান লক্ষ্য। সেই লক্ষ্যে তিনি শাসকগোষ্ঠীর নিকট প্রাদেশিক স্বায়ত্তশাসন, পৃথক মুদ্রা ব্যবস্থা ও আধা-সামরিক বাহিনী গঠনসহ এক ঐতিহাসিক কর্মসূচি পেশ করেন।

**ক. বাংলাদেশ সংবিধানের অভিভাবক কে ?** ১

খ. নবাব আব্দুল লতিফকে কেন বাংলার সৈয়দ আহম্মদ বলা হয় ?২

গ. উদ্দীপকটিতে কোন ঐতিহাসিক কর্মসূচির কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত কর্মসূচিকে বাঙ্গালী জাতির ম্যাগনাকার্টা বলা হয়- তুমি কি এই কথার সাথে একমত? তোমার মতামত দাও। ৪

৫। মি. সাইফুল ইসলাম সরকারের একটি বিভাগের শীর্ষ প্রতিষ্ঠানের প্রধান। তিনি রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হয়ে গুরুতর কোন অভিযোগ ছাড়া ৬৭ বছর বয়স পূর্ণ হওয়া পর্যন্ত বহাল থাকবেন। তাঁর প্রতিষ্ঠানটি ২টি বিভাগের সমন্বিত কার্যক্রমের মাধ্যমে নাগরিক অধিকার রক্ষা করে,ন্যায় বিচার নিশ্চিত করে ও অপরাধীদের শাস্তির বিধান করে দুর্বলকে সবলের কবল থেকে রক্ষা করে থাকে। তাই মি. সাইফুল ইসলাম মনে করেন - সরকারের এই গুরুত্বপূর্ণ বিভাগটি স্বাধীন,নিরপেক্ষ ও প্রভাবমুক্ত হওয়া দরকার। কেননা এই বিভাগের মাধ্যমেই আইনের শাসন প্রতিষ্ঠা হয়ে থাকে।

ক) অধ্যাদেশ জারী করেন কে ? ১

খ) সরকারি চাকুরীতে প্রার্থী বাছাইয়ের কাজ পরিচালনাকারী প্রতিষ্ঠানটির গঠন লিখ। ২

গ) উদ্দীপকে মি.সাইফুল ইসলাম যে প্রতিষ্ঠানের প্রধান হিসেবে কর্মরত সেই প্রতিষ্ঠানের কাজের সাথে তোমার বইয়ের কোন প্রতিষ্ঠানের মিল রয়েছে ? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লেখিত সরকারের বিভাগটি আইনের শাসন প্রতিষ্ঠায় কিভাবে ভূমিকা রাখতে পারে ? তোমার মতামত দাও। ৪

৬। মি. 'ক' স্বল্পবেতনের একজন চাকরিজীবী। স্ত্রী সন্তান নিয়ে কোনোরকম সংসার চলে। মাত্র ২/৩ বছরের ব্যবধানে অদৃশ্য আয়ে মি. 'ক' গ্রামের কয়েক বিঘা জমি এবং ঢাকা শহরে বড় ২টি ফ্ল্যাটের

মালিক হলেন। মি. 'ক'-এর স্বল্প আয়ে অল্প সময়ে অধিক সম্পদের মালিক হওয়ায় বিষয়টি একটি প্রতিষ্ঠানের নজরে আসে। প্রতিষ্ঠানটি মি. 'ক' এর আয়ের উৎস অনুসন্ধান করে অবৈধ পথে অর্থ উপার্জনের সত্যতা পায়। প্রতিষ্ঠানের কর্মকর্তারা মি. 'ক' কে গ্রেফতার করে আদালতে সোপর্দ করে। আদালতে সাক্ষ্য প্রমাণে মি. 'ক' অপরাধী প্রমাণিত হয় এবং আদালত তাকে কারাদন্ড ও অর্থদন্ড উভয় দন্ডে দন্ডিত করে।

ক. দুদক কত সালে প্রতিষ্ঠিত হয়? ১

খ. বিশেষ চাহিদার জনগোষ্ঠী বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত মি. 'ক' এর কর্মকান্ডে কোন ধরনের নাগরিক সমস্যা প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সুশাসন প্রতিষ্ঠায় উল্লিখিত প্রতিষ্ঠানটির ভূমিকা ব্যাপক' - তুমি কি এই কথার সাথে একমত ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭। 'ক' নামক রাষ্ট্রের একজন জনপ্রিয় নেতা জনগণের ন্যায্য দাবী- দাওয়া ও স্বাধিকার চাওয়ায় শাসকগোষ্ঠী ষড়যন্ত্রমূলক মিথ্যা মামলা দিয়ে গ্রেফতার করে। জনগণের তীব্র আন্দোলনের মুখে শাসকগোষ্ঠী উক্ত জনপ্রিয় নেতাকে মুক্তি দিতে বাধ্য হয়। মুক্তি লাভের মাত্র একবছর পর উক্ত নেতার রাজনেতিক দল জাতীয় ও প্রাদেশিক পরিষদের নির্বাচনে সংখ্যাগরিষ্ঠ আসন লাভ করে। উক্ত নির্বাচনের মাধ্যমে 'ক' রাষ্ট্রের একটি অঞ্চলের স্বাধীনতার পথ সুগম হয়।

ক. কোন আইনের মাধ্যমে ভারতবর্ষে বৃটিশ শাসনের অবসান ঘটে? ১

খ. লাহোর প্রস্তাবের মূল বক্তব্য কী ছিল? ২

গ. উদ্দীপকে উল্লেখিত মামলার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন মামলার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত নির্বাচনের মতো তোমার পাঠ্যবইয়ের পঠিত নির্বাচনটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৮। ভারতীয় উপমহাদেশ শাসনের এক পর্যায়ে শাসকগোষ্ঠী এ অঞ্চলে শাসনের জন্য একটি শাসন আইন প্রনয়ন করেন। এই আইনে সর্বপ্রথম এই অঞ্চলের প্রদেশগুলোতে স্বায়ত্তশাসনের কথা বলা হয়। তাছাড়া এ আইনের মাধ্যমে বার্মাকে ভারতবর্ষ হতে পৃথক করা হয়। ভারত ও পাকিস্তান নামক রাষ্ট্র দু'টির জন্মও এই আইনের ধারাবাহিকতার ফসল।

ক) কে লাহোর প্রস্তাব উত্থাপন করেন ? ১

খ) প্রাদেশিক স্বায়ত্তশাসন বলতে কী বুঝ ? ২

গ) উদ্দীপকের সাথে তোমার পাঠ্য বইয়ের কোন আইনের মিল রয়েছে-ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের শেষ বাক্যের সাথে তুমি কি একমত ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর একটি দলের নেতৃত্বে "ক" নামক দেশটি স্বাধীনতা লাভ করে। কিন্তু শাসক গোষ্ঠির অগণতান্ত্রিক ও পক্ষপাতমূলক আচরণের কারণে দেশটির একাংশের জনগন মূল দল থেকে বেরিয়ে ভিন্ন একটি দল গঠন করে। দেশটির প্রাদেশিক পরিষদ নির্বাচনে মূল দলের বিপক্ষে নতুন দলটি অন্য দলের সাথে জোট গঠন করে নির্বাচনে অংশ নেয়। নির্বাচনে জোটটি জয়ী হয় এবং সরকার গঠন করে। শাসক গোষ্ঠীর কুটকৌশলে সে সরকার বেশিদিন টিকেনি।

ক) BPSC এর পূর্ণরুপ লিখ। ১

খ) "তমদ্দুন মজলিশ" কেন গঠন করা হয়েছিল ? ২

গ) উদ্দীপকের সাথে তোমার পাঠ্য বইয়ের কোন নির্বাচনের মিল রয়েছে-ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের উল্লেখিত নির্বাচন দেশটির পরবর্তী রাজনীতিতে কোন প্রভাব ফেলেছে কী ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০। মুনিয়ার মামা এক ধরণের মারাত্মক ভাইরাসে আক্রান্ত। জ্বর জ্বর ভাব, ওজন দিনে দিনে কমে যাচ্ছে। দীর্ঘদিন যাবৎ তিনি জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন। পরীক্ষা নিরীক্ষার পর ডাক্তার বলছে মৃত্যু নিশ্চিত। মুনিয়া মামাকে দেখার জন্য রওনা হয়। পথিমধ্যে কিছু বখাটে যুবক বাজে অঙ্গভঙ্গি ও অশ্লীল মন্তব্যের মাধ্যমে তাকে বিরক্ত করে। পাশেই কর্তব্যরত একজন পুলিশ কর্মকর্তা বিষয়টি লক্ষ করে এগিয়ে আসেন। পুলিশ দেখে বখাটে যুবকরা পালিয়ে যায়।

ক. সাংবিধানিক প্রতিষ্ঠান কী ? ১

খ. দুর্নীতি বলতে কী বুঝায়? ২

গ. মুনিয়ার মামার রোগটি তোমার পঠিত কোন নাগরিক সমস্যাকে ইঙ্গিত করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে মুনিয়া যে নাগরিক সমস্যার সম্মুখীন তা থেকে পরিত্রাণের জন্য কী কী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে? এই সম্পর্কে তোমার মতামত দাও। ৪

১১। রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীনতা লাভের পর 'ক' দেশের পরিষদ আলাপ-আলোচনার মাধ্যমে একটি সংবিধান প্রণয়ন করে। উক্ত সংবিধানে সংসদীয় পদ্ধতির সরকারব্যবস্থা, এক কক্ষবিশিষ্ট আইনসভা, রাষ্ট্র পরিচালনার মূলনীতি ও মৌলিক অধিকারের বিধানাবলি সন্নিবেশিত হয়। পরবর্তীতে রাষ্ট্রের প্রয়োজনে উক্ত সংবিধানে বিভিন্ন পরিবর্তন আনা হয়।

ক. মুসলিম লীগ কত সালে প্রতিষ্ঠা করা হয় ? ১

খ. নবাব আব্দুল লতিফকে কেন বাংলার সৈয়দ আহম্মদ বলা হয় ? ২

গ. "উদ্দীপকে বর্ণিত 'ক' দেশের সংবিধানের সাথে তোমার পঠিত কোন সংবিধানের সাদৃশ্য রয়েছে।"- ব্যাখ্যা কর। ৩

ঘ. নাগরিক অধিকার প্রতিষ্ঠায় উক্ত সংবিধান যথাযথ ছিল কি না ? তা বিশ্লেষণ কর। ৪

পাংশা সরকারি কলেজ

উচ্চ মাধ্যমিক [illegible] ক সেট

বিষয়ঃ পৌরনীতি ও সুশাসন ২য় পত্র

(বহু নির্বাচনি অংশ)

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

(প্রত্যেক প্রশ্নের মান সমান)

১। ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠা করেন কে?

(ক) অ্যালেন অক্টাভিয়ান হিউম (খ) মহাত্মা গান্ধী

(গ) জওহরলাল নেহেরু (ঘ) ফিরোজ শাহ মেহতা

২। ঐতিহাসিক লাহোর প্রস্তাব উত্থাপন করেন কে?

(ক) হোসেন শহীদ সোহরাওয়ার্দী (খ) লিয়াকত আলী খান

(গ) এ. কে. ফজলুল হক (ঘ) মোহাম্মদ আলী জিন্নাহ

৩। মন্ত্রী মিশন পরিকল্পনার মাধ্যমে যে বিষয়টি ফুটে ওঠেছিল, তা হলো-

(ক) মুসলিম লীগ ও কংগ্রেসের সম্প্রীতি (খ) ভারতের ভবিষ্যৎ সংবিধানের রূপরেখা

(গ) ভাগ কর, শাসন কর নীতি (ঘ) হিন্দু মুসলিম সম্প্রীতি

উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:

মুনীর ও বিকাশ পরস্পর প্রতিবেশী ও ঘনিষ্ঠ বন্ধু। তাদের দেশ মালয়েশিয়া এক সময় ঔপনিবেশিক শক্তি দ্বারা শাসিত হলেও কালক্রমে চীনা ও মালয়দের মধ্যে সংঘাত দেখা যায়। ফলে ঔপনিবেশিক সরকার তাদের দেশে একটি আইন প্রণয়ন করে এবং মুনীর ও বিকাশ আলাদা রাষ্ট্রের নাগরিকত্ব লাভ করে।

৪। উদ্দীপকে উল্লিখিত ঔপনিবেশিক সরকার কর্তৃক প্রণীত আইনের সাথে তোমার পঠিত কোন ঐতিহাসিক আইনের সাদৃশ্য রয়েছে?

(ক) মর্লি-মিন্টো সংস্কার আইন-১৯০৯ (খ) ভারত শাসন আইন-১৯১৯

(গ) ভারত শাসন আইন-১৯৩৫ (ঘ) ভারত স্বাধীনতা আইন-১৯৪৭

৫। উক্ত আইন গৃহীত হওয়ার ফলে-

i. ভারতবর্ষে ইংরেজ শাসনের অবসান ঘটে

ii. মুসলমানগণ স্বাধীন রাষ্ট্র লাভ করে

iii. হিন্দু মুসলিম সাম্প্রদায়িক দ্বন্দ্বের অবসান হয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৬। বঙ্গভঙ্গের উদ্দেশ্য ছিল-

i. ব্রিটিশদের ভাগ কর ও শাসন কর নীতির বাস্তবায়ন

ii. ভারতীয় জাতীয়তাবাদী আন্দোলন নস্যাৎ করা

iii. জনস্বার্থ সংরক্ষণ করা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭। মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন?

(ক) মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী (খ) সৈয়দ নজরুল ইসলাম

(গ) শেখ মুজিবুর রহমান (ঘ) তাজউদ্দিন আহম্মদ

৮। খসড়া সংবিধান প্রণয়ন কমিটির প্রধান কে ছিলেন?

(ক) ড. কামাল হোসেন (খ) শাহ আব্দুল হামিদ

(গ) সৈয়দ নজরুল ইসলাম (ঘ) অধ্যাপক ইউসুফ আলী

৯। ১৯৫৮ সালে পাকিস্তানে সামরিক শাসন জারির অন্যতম কারণ ছিল-

(ক) শোচনীয় রাজনৈতিক পরিস্থিতি (খ) সরকারি কর্মচারীদের দুর্নীতি

(গ) পাকিস্তানে বলিষ্ঠ নেতৃত্বের শূন্যতা (ঘ) সামরিক কর্মকর্তাদের উচ্চাকাঙ্ক্ষা

১০। সর্বভারতীয় মুসলিম লীগ প্রতিষ্ঠা করেন কে?

(ক) এ. কে ফজলুল হক (খ) নবাব আব্দুল লতিফ

(গ) নবাব স্যার সলিমুল্লাহ (ঘ) মোহাম্মদ আলী জিন্নাহ

উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:

১৯৪৭ সালে স্বাধীনতার পর ভারতের আসাম রাজ্যের বরাক উপত্যকার গণমানুষের ভাষাকে বাদ দিয়ে 'অসমিয়া' ভাষাকে আসামের একমাত্র মাতৃভাষা হিসেবে স্বীকৃতি প্রদান করলে এ উপত্যকার জনগণ বিক্ষুব্ধ হয়ে ওঠে। নিজ মাতৃভাষায় কথা বলার দাবিতে শিলচর রেলস্টেশন অবরোধকারী জনতার ওপর পুলিশ গুলি চালালে অনেকেই হতাহত হয়। এ ঘটনায় শাসক গোষ্ঠীর টনক নড়ে। ফলশ্রুতিতে ভারত সরকার প্রায় ১৮টি ভাষাকে ভারতের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি প্রদান করে।

১১। উদ্দীপকে উল্লিখিত আন্দোলনের সাথে ঐতিহাসিক কোন আন্দোলনের সাদৃশ্য লক্ষ করা যায়?

(ক) অসহযোগ আন্দোলন (খ) গণআন্দোলন

(গ) ছয়-দফা আন্দোলন (ঘ) ভাষা আন্দোলন

১২। এ আন্দোলনের ফলে-

1. জাতীয়তার বিকাশ ঘটে

ii. অধিকার সচেতনতা বৃদ্ধি পায়

iii. সাম্প্রদায়িক চেতনা বিকশিত হয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৩। নারিকেলবাড়িয়ার বাঁশের কেল্লা নির্মাণ করেছিলেন কে?

(ক) হাজী শরিয়তুল্লাহ (খ) ফকির মজনু শাহ

(গ) মোহসেন উদ্দিন দুদু মিয়া (ঘ) মীর নিসার আলী

১৪। উপমহাদেশের স্বাধীনতা আন্দোলনে প্রেরণার উৎস ছিল-

(ক) মোহাম্মদ আলীর খেলাফত আন্দোলন

(খ) তিতুমীরের ইংরেজ বিরোধী আন্দোলন

(গ) মহাত্মা গান্ধীর অসহযোগ আন্দোলন

(ঘ) হাজি শরিয়তুল্লার ফরায়েজি আন্দোলন

১৫। কার নেতৃত্বে ভাষা আন্দোলন ভিত্তি সংগঠন- 'তমুদ্দুন মজলিস' গঠিত হয়?

(ক) অধ্যাপক আবুল কাশেম (খ) অধ্যাপক কাজী মোতাহার হোসেন

(গ) আবুল মনসুর আহম্মদ (ঘ) শামসুল হক

১৬। ১৯৭২ সালের সংবিধানে কীরূপ সরকার ব্যবস্থা প্রবর্তন করা হয়?

(ক) রাষ্ট্রপতি শাসিত (খ) যুক্তরাষ্ট্রীয়

(গ) সংসদীয় (ঘ) একনায়কতান্ত্রিক

১৭। বাংলাদেশের সংবিধান ব্যতিক্রম? কোন বৈশিষ্ট্যের দিক থেকে

(ক) সর্বোচ্চ আইন (খ) রাষ্ট্র পরিচালনার মূলনীতি

(গ) মৌলিক অধিকার (ঘ) অলিখিত সংবিধান

উদ্দীপকটি পড়ো এবং ১৮ নং প্রশ্নের উত্তর দাও।

করিম উচ্চ শিক্ষার জন্য 'ক' দেশে গমন করেন। সেখানে তিনি কয়েক বছর অবস্থান করার পর সে দেশের সরকারব্যবস্থা পর্যবেক্ষণ করে দেখলেন যে সমগ্র দেশের শাসনব্যবস্থা একটিমাত্র স্থান থেকে পরিচালিত হয়।

১৮। উদ্দীপকে বর্ণিত 'ক' দেশে বাংলাদেশ সংবিধানের কোন বৈশিষ্ট্য ফুটে ওঠেছে?

(ক) যুক্তরাষ্ট্রীয় (খ) এককেন্দ্রিক সরকার

(গ) সংসদীয় (খ) লিখিত সংবিধান

১৯। সরকারের আইনবিষয়ক উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন

(ক) আইনমন্ত্রী (২) প্রধান বিচারপতি

(গ) অ্যাটর্নি জেনারেল (খ) মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক

২০। বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সাফল্যের প্রতিফলন পাওয়া যায়-

(ক) রাজনৈতিক স্থিতিশীলতা রক্ষার (খ) দক্ষ সরকারি কর্মকর্তা গড়ে তোলায়

(গ) অভ্যন্তরীণ শান্তি-শৃঙ্খলা রক্ষার (খ) সামরিক বাহিনীত দক্ষতা বৃদ্ধিতে

উদ্দীপকটি পাড়া এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।

জনাব রশিদ ও ফরিদ দুই বন্ধু। জনাব রশিদ রাষ্ট্রপ্রধান কর্তৃক নিয়োগপ্রাপ্ত 'ক' প্রতিষ্ঠানের প্রধান। তিনি সরকারি প্রপ্রথম ও দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা যাছাই এবং তাদের পদোন্নতির ব্যাপারে কাজ করেন। অপরদিকে জনাব ফরিদ খ নামক প্রতিষ্ঠানের প্রধান থাকাকালে সংবাদপত্রে প্রকাশিত বিভিন্ন অনিয়ম-অভিযোগ এবং কোনো ব্যক্তি বা সংস্থা কর্তৃক অভিযোগের তথ্য যাচাই বাছাই করে অভিযুক্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানকে আইনের আওতায় নিয়ে আসতেন।

২১। উদ্দীপকে উল্লিখিত জনাব রশিদ কোন সংস্থায় কর্মরত।

(ক) অ্যাটর্নি জেনারেল (খ) মহাহিসাব নিরীক্ষক

(গ) নির্বাচন কমিশন (ঘ) সরকারি কর্মকমিশন

২২। উদ্দীপকে উল্লিখিত 'খ' নামক সংস্থার কর্মকাণ্ডের ফলে-

i. স্বচ্ছতা বৃদ্ধি পাবে

ii. জবাবদিহিতা বৃদ্ধি পাবে

iii. আইনের শাসন প্রতিষ্ঠিত হবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৩। দুর্নীতির সবচেয়ে ক্ষতিকর দিক কোনটি?

i. সমাজে অশান্তি সৃষ্টি করে

ii. উন্নয়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করে

iii. দরিদ্রতা দূরীভূত হয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ২৪ নং প্রশ্নের উত্তর দাও।

সম্রাসা শিক্ষায় শিক্ষিত জনাব শাকিল সাহেব নিজ এলাকার ঋণগ্রস্থ চাষীদের সহায়তা করতেন এবং তাদের অধিকার রক্ষায় সোচ্চার ছিলেন।

২৪। উদ্দীপকে উল্লিখিত জনাব শাকিলের কর্মকাণ্ডের সাথে ইতিহাসের কোন রাজনৈতিক ব্যক্তিত্বের সাদৃশ্য রয়েছে ?

(ক) নবাব স্যার সলিমুল্লাহ (খ) নবাব আব্দুল লতিফ

(খ) হোসেন শহীদ সোহরাওয়ার্দী (খ) মওলানা আবদুল হামিদ খান ভাসানী

২৫। জলবায় পরিবর্তনের মূল কারণ কোনটি?

(ক) গাছ-পালা নিধন (খ) বৃষ্টিপাত হ্রাস

(গ) বৈশ্বিক উষ্ণায়ন (খ) নদ-নদীর গতিপ্রবাহ পরিবর্তন

১৬। খাদ্যে ভেজাল মেশানো কোন ধরনের অপরাধ?

(ক) রাজনৈতিক (খ) অর্থনৈতিক

(গ) সংস্কৃতিক (ঘ) সামাজিক

উদ্দীপকটি পড়ে এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:

আলিফ দিনাজপুরে তার বন্ধু ইমরানের বাসায় বেড়াতে গিয়ে লক্ষ্য করলো যে, বর্ষা মৌসুমেও ধান ক্ষেত ফেঁটে চৌচির হয়ে গেছে। খাল বিলে পানি নেই। পানির অভাবে চাষিদের জীবন হুমকির মুখে পড়েছে। অপরদিকে ইমরান তার বন্ধুকে আপ্যায়নের জন্য বাজার থেকে পাকা দেখে সুন্দর আম কিনে আনলো। আমগুলো খাবার সময় দেখলো ভেতরের অংশ সাদা এবং খাবার পর তাদের পেটের পীড়া দেখা দেয়।

২৭। ইমরানের এলাকায় কোন ধরনের সমস্যা পরিলক্ষিত হয়েছে?

(ক) নদীর গতিপথ পরিবর্তন (খ) জলবায়ুর পরিবর্তন

(গ) অপরিকল্পিত নগরায়ন (খ) বনভূমি উজাড়

২৮। ইমরানের পরিবারে উদ্ভূত সমস্যা সমাধানে করণীয়-

i. সামাজিক সচেতনতা সৃষ্টি

ii. আইনের যথাযথ প্রয়োগ

iii. ব্যবসায়ীদের সততা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৯। বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সদস্যদের কে নিয়োগদান করেন?

(ক) রাষ্ট্রপতি (খ) প্রধানমন্ত্রী

(গ) স্পিকার (ঘ) আইনমন্ত্রী

৩০। এইডস রোগের লক্ষন কোনটি?

(ক) উচ্চমাত্রার জ্বর (খ) ওজন কমে যাওয়া

(গ) কানে কমশোনা (ঘ) নিউমোনিয়া

পাংশা সরকারি কলেজ

উচ্চ [illegible] ২০২০

বিষয়: পৌরনীতি ও সুশাসন ২য় পত্র

(বহু নির্বাচনি অংশ)

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

(প্রত্যেক প্রশ্নের মান সমান)

১। ভারতীয় জাতীয় গণকংগ্রেস কত সালে প্রতিষ্ঠিত হয়

ক) ১৮৮৫ খ) ১৮৯০
গ) ১৯০৫ ঘ) ১৯১১

২। অবিভক্ত বাংলার সর্বশেষ মুখ্যমন্ত্রী কে ছিলেন?

ক) হোসেন শহীদ সোহরাওয়ার্দী খ) এ শেরে বাংলা ফজলুল হক
গ) খাজা নাজিমুদ্দিন (ঘ) মওলানা আব্দুল হামিদ খান ভাসানী

৩। ছয় দফা কর্মসূচি কে উত্থাপন করেন?

ক শেরে বাংলা এ কে ফজলুল হক খ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
(গ) আতাউর রহমান খান ঘ) তাজউদ্দীন আহমদ

৪। ইংরেজি Corruption শব্দটি কোন ভাষা হতে এসেছে?

ক) ল্যাটিন (খ) গ্রিক
(গ) জার্মান (ঘ) ফরাসি

■ নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও:

'ক' রাষ্ট্রে দুটি ভিন্ন সম্প্রদায়ের মানুষের বসবাস। তবে রাষ্ট্রটির শাসনব্যবস্থায় তাদের কর্তৃত্ব নেই। বরং শাসনব্যবস্থায় যারা রয়েছে তাদের নীতির কারণে সম্প্রদায় দুটির মধ্যে বিভেদ ও বিরোধ তৈরি হয়েছে। বিরোধ তীব্র আকার ধারণ করলে, শাসকগোষ্ঠী একটি আইনের মাধ্যমে দুটি সম্প্রদায়ের জন্য পৃথক আবাসস্থলের ব্যবস্থা করে দেয়। -

৫। উদ্দীপকে তোমার পাঠ্যবইয়ের কোন আইনের ইঙ্গিত করা হয়েছে?

ক) ১৯০৯ সালের সংস্কার আইন খ) ১৯১৯ সালের ভারত শাসন আইন
গ) ১৯৩৫ সালের ভারত শাসন আইন (ঘ) ১৯৪৭ সালের ভারত স্বাধীনতা আইন –

৬। উদ্দীপকে গৃহীত ব্যবস্থাটির অনুরূপ তোমার পঠিত নীতি কার্যকর হওয়ার ফলে-

i. ২টি স্বাধীন রাষ্ট্রের জন্ম হয়
ii. শাসকগোষ্ঠীর কর্তৃত্বের অবসান হয়
iii. সাম্প্রদায়িক সম্প্রীতি বৃদ্ধি পায়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭। কত সালে বঙ্গভঙ্গ হয় ?

ক) ১৯৮৫ খ) ১৯০৫
গ) ১৯০৬ ঘ) ১৯১১

৮। কোন আইনে মুসলমানদের স্বার্থ সংরক্ষণের প্রথম পদক্ষেপ নেয়া হয়?

ক) কাউন্সিল আইন, ১৮৯২ (খ) মর্লে-মিন্টো সংস্কার আইন, ১৯০৯
(গ) ভারত শাসন আইন, ১৯১৯ (ঘ) ভারত শাসন আইন, ১৯৩৫

৯। পাকিস্তানের গণপরিষদে বাংলাকে রাষ্ট্রভাষা করার প্রস্তাব কে উত্থাপন করেন?

(ক) গাজিউল হক খ) আব্দুল মতিন
(গ) ধীরেন্দ্রনাথ দত্ত ঘ) খাজা নাজিমুদ্দিন

১০। ১৯৫৬ সালের সংবিধান অনুযায়ী পাকিস্তানে কোন ধরনের শাসনব্যবস্থা প্রতিষ্ঠা করা হয়?

(ক) সংসদীয় সরকার খ) রাষ্ট্রপতি শাসিত সরকার
(গ) সামরিকতন্ত্র (ঘ) রাজতন্ত্র

১১। দুর্নীতি রোধে গণমাধ্যম-

i. জবাবদিহিতা বাড়ায়
ii. রিপোর্ট প্রকাশ করে
iii. জনসচেতনতা বৃদ্ধি করে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও:

'ক' অঞ্চলে মানুষ দীর্ঘ আন্দোলন সংগ্রামের মধ্য দিয়ে স্বাধীনতা অর্জন করে। নতুন জন্ম নেয়া দেশ পরিচালনার জন্য একটি নীতিমালার প্রয়োজন হয়। এজন্য তারা একটি কমিটি গঠন করে এবং একটি পরিষদকে দায়িত্ব দেয়। অল্পদিনের মধ্যে নীতিমালা প্রণীত হয়। নীতিমালায় নারী ও পুরুষের সমানাধিকার ও রাষ্ট্রের সব নাগরিককে প্রজাতন্ত্রের চাকরি লাভের সমান সুযোগের স্বীকৃতি দেয়া হয়।

১২। উদ্দীপকে নীতিমালা প্রণয়নের বিষয়টি তোমার পাঠ্যবইয়ের কোনটির সাথে সাদৃশ্যপূর্ণ?

(ক) ১৯৭২ সালে বাংলাদেশের সংবিধান প্রণয়ন (খ) ১৯৫৬ সালে পাকিস্তানের সংবিধান প্রণয়ন
(গ) ১৯৬২ সালে সংবিধান প্রণয়ন (ঘ) ১৯৪৭ সালের ভারত শাসন আইন

১৩। উদ্দীপকে বর্ণিত নীতিমালা কার্যকর হলে-

। গণতন্ত্র প্রতিষ্ঠিত হবে
ii. বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠিত হবে
iii. নারীর ক্ষমতায়ন ঘটবে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪। লাহোর প্রস্তাবে ভারতের কোন কোন অঞ্চলে মুসলিম সংখ্যাগরিষ্ঠ অঞ্চল নিয়ে স্বাধীন রাষ্ট্র গঠনের প্রস্তাব করা হয়?

ক) পূর্বাঞ্চল　　খ) পশ্চিমাঞ্চল

(গ) উত্তর-পশ্চিম ও পূর্বাঞ্চল　　ঘ) দক্ষিণাঞ্চল

১৫। তিতুমীর কোন আন্দোলনে নেতৃত্ব দেন?

(ক) বারাসাত বিদ্রোহ　　খ) নীল বিদ্রোহ

(গ) সিপাহি বিদ্রোহ　　ঘ) ফকির সন্ন্যাসী বিদ্রোহ

১৬। বাংলাদেশের সংবিধানে কতটি অনুচ্ছেদ আছে?

ক) ১৫৩　　খ) ১৫৪

গ) ১৫৫　　ঘ) ১৫৬ ( ২৫ মার্চ ১৯৭১ ১৫৪ গ)১৫৫

১৭। অপারেশন সার্চলাইট কবে সংঘটিত হয়?

ক) ২৩ মার্চ ১৯৭১　　খ) ২৪ মার্চ ১৯৭১

(গ) ২৬ মার্চ ১৯৭১　　ঘ) ২৭ মার্চ ১৯৭১

১৮। 'বুলেটের চেয়ে ব্যালটের শক্তি বেশি' উক্তিটি করেছেন-

ক শেরে বাংলা এ কে ফজলুল হক　　খ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

(গ) হোসেন শহীদ সোহরাওয়াদী　　ঘ) তাজউদ্দীন আহমদ

১৯। বাংলাদেশ সংবিধানে উল্লিখিত ধর্মনিরপেক্ষতা হলো-

i. সাম্প্রদায়িকতা পরিহার

ii. সকল ধর্মের বৈষম্য পরিহার

iii. বিশেষ ধর্মের প্রাধান্য

নিচের কোনটি সঠিক?

ক) i　　খ) i ও ii

গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও:

আনন্দপুরের উত্তর ও দক্ষিণ অংশের মধ্যে ব্যাপক বৈষম্য রয়েছে। শাসন কর্তৃপক্ষ গঠন করার জন্য নির্বাচন হলে দুটি ভিন্ন ভিন্ন দল দুই অংশে সংখ্যাগরিষ্ঠতা লাভ করে। তবে শুধু দক্ষিণের দলটিই ক্ষমতায় যাওয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে। কিন্তু দলটিকে ক্ষমতায় অধিষ্ঠিত হতে দেওয়া হয়নি।

২০। উদ্দীপকে বর্ণিত নির্বাচন তোমার পঠিত কোন নির্বাচনের সাথে সাদৃশ্যপূর্ণ?

ক) প্রাদেশিক নির্বাচন, ১৯৩৭　　খ) প্রাদেশিক নির্বাচন, ১৯৪৬

(গ) প্রাদেশিক নির্বাচন, ১৯৫৪　　ঘ) জাতীয় নির্বাচন, ১৯৭০

২১। উদ্দীপকে বর্ণিত দক্ষিণের দলটিকে সরকার গঠন করতে না দেওয়ায়-

i.দুই অংশ আলাদা হয়ে যায়

ii. পুনরায় নির্বাচন অনুষ্ঠিত হয়

iii. সেনা শাসন শুরু হয়

নিচের কোনটি সঠিক?

ক) i　　খ) i ও ii

গ) ii ও iii　　ঘ) i, ii ও iii

২২। 'নিখিল ভারত প্রজা সমিতি' কোন নেতার নামের সাথে যুক্ত-

ক) খাজা নাজিমুদ্দিন　　খ) শহীদ সোহরাওয়ার্দী

গ) এ.কে ফজলুল হক　　ঘ) আব্দুল হামিদ খান ভাসানী

২৩। ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের ফলে কোনটি ঘটে?

(ক) ইয়াহিয়া খানের পতন ঘটে　　খ) আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার করা হয়

(গ) আইয়ুব খান ক্ষমতায় আসেন　　ঘ) বাংলাদেশ স্বাধীন হয়

২৪। কোনটি ১৯১৯ সালের ভারত শাসন আইনের মাধ্যমে হয়?

(ক) এককেন্দ্রিক সরকার ব্যবস্থা　　(খ) ভারত সচিব পদের বিলোপ

(গ) প্রদেশে দ্বৈতশাসন　　(ঘ) এককক্ষবিশিষ্ট আইনসভা

২৫। মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে কয়টি সেক্টরে বিভক্ত করা হয়?

ক) ১১টি　　খ) ১৭টি

গ) ৭টি　　ঘ) ১০টি

২৬ । মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?.

(ক) সুপ্রিম কোর্ট কর্তৃক নিযুক্ত　　আইনসভা কর্তৃক নিযুক্ত

(গ) রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত　　(ঘ) প্রধান বিচারপতি কর্তৃক নিযুক্ত

উদ্দীপকটি পড় এবং ২৭নং প্রশ্নের উত্তর দাও:

মোহামেডান প্রভিন্সিয়াল ইউনিয়ন গঠন, মুসলিম লীগ প্রতিষ্ঠা, ডেপুটি ম্যাজিস্ট্রেটের চাকরি

২৭। উদ্দীপকে তোমার পঠিত বইয়ের কোন ব্যক্তিত্বকে নির্দেশ করে?

ক) নবাব সলিমুল্লাহ　　খ) নবাব আব্দুল লতিফ

(গ) শেরে বাংলা এ. কে. ফজলুল হক　　(ঘ) মওলানা ভাসানী

২৮। কৃষকের ভাগ্যে উন্নয়নের ব্যাপক অবদান রেখেছেন-

ক) মীর নেসার আলী　　খ) শহীদ সোহরাওয়ার্দী

গ) এ.কে ফজলুল হক　　ঘ) আব্দুল হামিদ খান ভাসানী

২৯। বাংলাদেশের হিসাব নিরীক্ষা ও নিয়ন্ত্রণের জন্য একজন 'মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক থাকবেন'- এটি সংবিধানের কত নং অনুচ্ছেদে বর্ণিত আছে ?

ক) ১২৭ নং　　খ) ১৩৯(২)

গ) ১৫৫(৩)　　ঘ) ১৯২(১)

৩০। রাষ্ট্রের সর্বোচ্চ আইন কর্মকর্তা কে ?

ক) আইনমন্ত্রী　　খ) প্রধান বিচারপতি

গ) এ্যাটর্নি জেনারেল　　ঘ) স্পিকার

পাংশা সরকারি কলেজ

উচ্চ মাধ্যমিক নির্বাচনি/সার্টিফিকেট পরীক্ষা-২০২৬

বিষয়ঃ পৌরনীতি ও সুশাসন ২য় পত্র

সম্ভাব্য জ্ঞানমূলক প্রশ্নাবলী

১। শেরে বাংলা কোথায় জন্মগ্রহণ করেছিলেন ?

২। জাতীয় সংসদের আসন সংখ্যা কত ?

৩। **HIV** এর পূর্ণরূপ লিখ।

৪। **Partion of Bengal** হয়েছিল কত সালে ?

৫। মৌলিক অধিকার কী ?

৬। দুর্নীতি কী ?

৭। যুক্তফ্রন্টের প্রতীক কী ছিল ?

৮। মোহামেডান লিটারেরি সোসাইটির প্রতিষ্ঠাতা কে ?

৯। যুক্তফ্রন্ট কী ?

১০। **BPSC** এর পূর্ণরূপ লিখ।

১১। দ্বি-জাতি তত্ত্বের প্রবক্তা কে ?

১২। মুসলিম লীগের প্রতিষ্ঠাতা কে ?

১৩। তিতুমীরের পুরো নাম কী ?

১৪। পাকিস্তানের প্রথম সংবিধান কোনটি ?

১৪। ঋণ সালিশী বোর্ড কী ?

১৫। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক পদে কে নিয়োগ দেন ?

১৬। কোন বিদ্রোহের মাধ্যমে ইস্ট ইন্ডিয়া কোম্পনীর শাসনের অবসান হয় ?

১৭। কাকে দেশবন্ধু বলা হয় ?

১৮। মৌলিক গণতন্ত্র কী ?

১৯। বঙ্গভঙ্গের সময় ভারতের গভর্ণর জেনারেল কে ছিলেন ?

২০। অধ্যাদেশ কে জারি করেন ?

২১। বাংলাদেশ সংবিধানের অভিভাবক কে ?

২২। আইনের জটিল প্রশ্নে কে প্রজাতন্ত্রের পক্ষে মত প্রকাশ করেন ?

২৩। বাংলাদেশ সংবিধানের অভিভাবক কে ?

২৪। সাংবিধানিক প্রতিষ্ঠান কী ?

২৫। বাংলাদেশের প্রধান আইন কর্মকর্তার পদবী কী ?

২৬। বাংলাদেশের জাতীয় সংসদের আসন সংখ্যা কত ?

২৭। মর্লি-মিন্টো সংস্কার আইন কত সালে প্রনয়ণ করা হয় ?

২৮। পাকিস্তানে সামরিক শাসন প্রথম কে এবং কত সালে জারি করেন ?

২৯। ক্রিপস মিশনের সদস্য সংখ্যা কত ছিল ?

৩০। ভারতবর্ষের প্রথম রাজনৈতিক দল কোনটি ?

সম্ভাব্য অনুধাবনমূলক প্রশ্নাবলী

১। হোসেন শহীদ সোহরাওয়ার্দীকে কেন গণতন্ত্রের মানসপুত্র বলা হয় ?

২। বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচন ও পরোক্ষ গণতন্ত্র পরস্পর সম্পর্কযুক্ত- ব্যাখ্যা কর।

৩। প্রতিবন্ধীদের জন্য আমাদের করণীয় কী ?

৪। ইফটিজিং কীভাবে শিক্ষার উপর প্রভাব ফেলে ?

৫। রাষ্ট্র পরিচালনার মূল দিকনির্দেশনাকে কী বলে ? ব্যাখ্যা কর।

৬। দ্বি-জাতি তত্ত্বের সাথে কিভাবে লাহোর প্রস্তাব সম্পর্কিত?

৭। কোন প্রস্তাবের মাধ্যমে মুসলমানদের পৃথক রাজনৈতিক সত্তার প্রয়োজনীয়তা তুলে ধরা হয় ? ব্যাখ্যা কর।

৮। প্রাদেশিক স্বায়ত্তশাসন কীভাবে নিজস্ব স্বকীয়তা রক্ষা করে ? ব্যাখ্যা কর।

৯। সূর্যের অতিবেগুনী রশ্মি কিভাবে ওজন স্তরের ক্ষতি করে ?

১০। "তমদ্দুন মজলিশ" কেন গঠন করা হয়েছিল ?

১১। মাওলানা ভাসানীকে কেন মজলুম জননেতা বলা হয় ?

১২। কোন কর্মসূচীকে বাঙ্গালী জাতির ম্যাগনাকার্টা বলা হয় ? ব্যাখ্যা কর।

১৩। বারাসাত বিদ্রোহের সাথে কীভাবে ব্রিটিশ অত্যাচার ও শোষণ সম্পর্কযুক্ত ? ব্যাখ্যা কর।

১৪। ব্যক্তির আয়ের সঙ্গে সঙ্গতিহীন সম্পদের ব্যাপারে সরকারের কোন প্রতিষ্ঠান ভুমিকা নিতে পারে ? ব্যাখ্যা কর।

১৫। আগরতলা নামক স্থান কেন্দ্রিক প্রহসনমূলক মামলা কী ? ব্যাখ্যা কর।

১৬। জলবায়ু পরিবর্তন কীভাবে প্রাকৃতিক পরিবেশে প্রভাব ফেলে ? ব্যাখ্যা কর।

১৭। সামাজিক কুসংস্কার দূরীকরণে ফরায়েজী আন্দোলন কোন ধরনের ভূমিকা রেখেছিল ? ব্যাখ্যা কর।

১৮। বাংলার সৈয়দ আহম্মদ কে এবং কেন ?

১৯। খাদ্যে ভেজাল স্বাস্থ্যহানীর কারণ ? ব্যাখ্যা কর।

২০। নবাব আব্দুল লতিফকে কেন বাংলার সৈয়দ আহম্মদ বলা হয় ?

২১। প্রশাসনিক ট্রাইবুনাল কেন প্রয়োজন ?

২২। জাতি,ধর্ম,বর্ণ নির্বিশেষে ভোটের অধিকার কী ? ব্যাখ্যা কর।

২৩। সংবিধানের আইন দ্বারা গঠিত ও পরিচালিত প্রতিষ্ঠান কী ? ব্যাখ্যা কর।

২৪। বিশেষ চাহিদার জনগোষ্ঠী কারা ? ব্যাখ্যা কর।

২৫। মুসলিম স্বার্থ রক্ষায় গঠিত প্রথম রাজনৈতিক দল কোনটি ? ব্যাখ্যা কর।

২৬। ৩রা জুন পরিকল্পনা কী ?

২৭। দুইটি কর্তৃপক্ষের শাসনকে কী বলে ? ব্যাখ্যা কর।

২৮। ভাষা আন্দোলন কীভাবে বাঙ্গালী জাতীয়তাবাদের উন্মেষ ঘটায় ? ব্যাখ্যা কর।

২৯। দুর্নীতি কীভাবে উন্নয়নের প্রতিবন্ধক ? ব্যাখ্যা কর।

৩০। আইনের শাসনের অভাবই গণঅভ্যুত্থানের পথকে ত্বরান্বিত করে ? ব্যাখ্যা কর।

# অনুধাবনমূলক প্রশ্ন

১। স্বচ্ছতা বলতে কী বোঝায় ?
২। পৌরনীতিকে  নাগরিকতা বিষয়ক বিজ্ঞান বলা হয় কেন ?
৩ ।আইনের শাসন বলতে কী বোঝায?
৪। সামাজিক মূল্যবোধ বলতে কী বোঝায় ?
৫। জবাবদিহিতা বলতে কী বোঝায় ?
৬। স্বচ্ছতা বলতে কী বোঝায় ?
৭।" বিশ্ব আজ একটি গ্রামে পরিণত হয়েছে "-ব্যাখ্যা করো ।
৮। কেন আইন মান্য করা উচিত ?
৯।" সাম্য ব্যতীত স্বাধীনতা অর্থহীন"-কেন ?
১০। রাজনৈতিক স্বাধীনতা বলতে কী বোঝায় ?
১১।" আইন আছে বলেই স্বাধীনতা উপভোগ করা যায়" -ব্যাখ্যা করো ।
১২। সাংবিধানিক আইন বলতে কী বোঝায় ?
১৩। গণতান্ত্রিক মূল্যবোধ বলতে কী বোঝায় ?
১৪।   জাতীযতা ধারণা "- ব্যাখ্যা কর
১৫ ।জাতীযতার ধারণা হলো মূলত ভাগগত" -উক্তিটি ব্যাখ্যা কর
১৬ ।জাতীযতার কযকেটি উপাদানের নাম উল্লেখ কর
১৭ ।জামূল্যবোধ বলতে কি বুঝায?
১৮ ।সামাজিক মূল্যবোধ কি?
১৯ ।সামাজিক ন্যায বিচার বলতে কি বুঝায?
২০ ।আইন মান্য করার মূল কারণ কি?
২১ ।নৈতিকতা বলতে কি বুঝায?
২২। স্বাধীনতা বলতে কি বুঝায?
২৩। রাজনৈতিক স্বাধীনতা কি?
২৪ ।স্বাধীনতার চারটি রক্ষা কবচ লিখ।
২৫ ।রাজনৈতিক সাম্য কি
২৬ ।"সাম্য ব্যতীত স্বাধীনতা অর্থহীন"- কেন
২৭। আইনের শাসন কিভাবে নাগরিক স্বাধীনতা রক্ষা করে
২৮। প্রথা কি
২৯। সার্বজনীন ভোটাধিকার বলতে কি বুঝায
৩০। তুমি কিভাবে একজন স্থানীয নাগরিক
৩১। নির্বাচকমন্ডলী বলতে কি বুঝায
৩২। নাগরিকদের কেন দাযত্বি পালন করা উচিত
৩৩। রাজনৈতিক সামাজিকীকরণ কি
৩৪। একদলীয ব্যবস্থা কি

৩৫। দ্বি-দলীয ব্যবস্থা কি ?
৩৬। বহুদলীয ব্যবস্থা কি ?
৩৭। নেতৃত্ব কত প্রকার ও কি কি ?
৩৮। সম্মোহনী নেতৃত্ব কি ?
৩৯। নেতৃত্বের চারটি গুণাবলী লেখ ।
৪০। উদারতা কিসের গুন ?
৪১। আইনসভার প্রধান কাজ কি ?
৪২। দ্বি-কক্ষ বিশিষ্ট আইনসভা কি ?
৪৩। আইন বিভাগের ক্ষমতর হ্রাসের দুটি কারণ উল্লেখ কর ।
৪৪। শাসন বিভাগ কি ?
৪৫। বিচার বিভাগের স্বাধীনতা বলতে কি বুঝায ?
৪৬। বিচার বিভাগের স্বাধীনতা রক্ষার দুটি উপায লিখ ।
৪৭। বিচার বিভাগীয পর্যালোচনা বলতে কি বুঝ ?
৪৮। "নিযন্ত্রণ ও ভারসাম্য নীতি" কি ?
৪৯। ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতি কিভাবে নাগরিক স্বাধীনতা রক্ষা করে ?
৫০। জাতীযতাবাদ বলতে কি বুঝায ?
৫১। বংশগত ঐক্য বলতে কি বুঝায ?
৫২। "জাতীযতা একটি মানতীযতার দ্বি-মাত্রা বলতে কি বুঝায ?
৫৩। জাতীযতা কিভাবে দেশপ্রেম সৃষ্টিতে সাহায্য করে ?
৫৪। ভাবগত ঐক্য কিসের উপাদান ?

# অনুধাবনমূলক প্রশ্ন

১। স্বচ্ছতা বলতে কী বোঝায় ?
২। পৌরনীতিকে  নাগরিকতা বিষয়ক বিজ্ঞান বলা হয় কেন ?
৩।আইনের শাসন বলতে কী বোঝায়?
৪। সামাজিক মূল্যবোধ বলতে কী বোঝায় ?
৫। জবাবদিহিতা বলতে কী বোঝায় ?
৬। স্বচ্ছতা বলতে কী বোঝায় ?
৭।" বিশ্ব আজ একটি গ্রামে পরিণত হয়েছে "-ব্যাখ্যা করো ।
৮। কেন আইন মান্য করা উচিত ?
৯।" সাম্য ব্যতীত স্বাধীনতা অর্থহীন"-কেন ?
১০। রাজনৈতিক স্বাধীনতা বলতে কী বোঝায় ?
১১।" আইন আছে বলেই স্বাধীনতা উপভোগ করা যায়" -ব্যাখ্যা করো ।
১২। সাংবিধানিক আইন বলতে কী বোঝায় ?
১৩। গণতান্ত্রিক মূল্যবোধ বলতে কী বোঝায় ?
১৪।   জাতীযতা ধারণা "- ব্যাখ্যা কর
১৫।জাতীযতার ধারণা হলো মূলত ভাগগত" -উক্তিটি ব্যাখ্যা কর
১৬।জাতীযতার কযকেটি উপাদানের নাম উল্লেখ কর
১৭।জামূল্যবোধ বলতে কি বুঝায়?
১৮।সামাজিক মূল্যবোধ কি?
১৯।সামাজিক ন্যায় বিচার বলতে কি বুঝায?
২০।আইন মান্য করার মূল কারণ কি?
২১ নৈতিকতা বলতে কি বুঝায?
২২। স্বাধীনতা বলতে কি বুঝায?
২৩। রাজনৈতিক স্বাধীনতা কি?
২৪।স্বাধীনতার চারটি রক্ষা কবচ লিখ।
২৫।রাজনৈতিক সাম্য কি
২৬।"সাম্য ব্যতীত স্বাধীনতা অর্থহীন"- কেন
২৭।আইনের শাসন কিভাবে নাগরিক স্বাধীনতা রক্ষা করে
২৮। প্রথা কি
২৯ ।.সার্বজনীন ভোটাধিকার বলতে কি বুঝায
৩০।তুমি কিভাবে একজন স্থানীয়্ নাগরিক

৩১।নির্বাচকমন্ডলী বলতে কি বুঝায
৩২।নাগরিকদের কেন দাযত্বি পালন করা উচিত
৩৩।রাজনৈতিক সামাজিকীকরণ কি
৩৪।একদলীয ব্যবস্থা কি
৩৫।দ্বি-দলীয ব্যবস্থা কি
৩৫।বহুদলীয ব্যবস্থা কি
৩৬।নেতৃত্ব কত প্রকার ও কি কি
৩৭।সম্মোহনী নেতৃত্ব কি
৩৮।নেতৃত্বের চারটি গুণাবলী লেখ
৩৯।উদারতা কিসের গুন
৪০।আইনসভার প্রধান কাজ কি
৪১।দ্বি-কক্ষ বিশিষ্ট আইনসভা কি
৪২।আইন বিভাগের ক্ষমতর হ্রাসের দুটি কারণ উল্লেখ কর
৪৩।শাসন বিভাগ কি
৪৪।বিচার বিভাগের স্বাধীনতা বলতে কি বুঝায
৪৫।বিচার বিভাগের স্বাধীনতা রক্ষার দুটি উপায লিখ
৪৬বিচার বিভাগীয পর্যালোচনা বলতে কি বুঝ
৪৭।"নিয়ন্ত্রণ ও ভারসাম্য নীতি" কি
৪৮।ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতি কিভাবে নাগরিক স্বাধীনতা রক্ষা করে
৪৯।জাতীযতাবাদ বলতে কি বুঝায
৫০।বংশগত ঐক্য বলতে কি বুঝায
৫১।"জাতীযতা একটি মানতীয়তার দ্বি-মাত্রা বলতে কি বুঝায
৫২।জাতীযতা কিভাবে দেশপ্রেম সৃষ্টিতে সাহায্য করে
৫৩।ভাবগত ঐক্য কিসের উপাদান

# পাংশা সকরারি কলেজ

# পাংশা , রাজবাড়ী ।

## ২০২৪-২৫ শিক্ষাবর্ষ দ্বাদশ শ্রেণি নির্বাচনি পরীক্ষার সাজেশন

## বিষয় ঃ অর্থনীতি

৯। তালিকাটি হতে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।

| জমির শ্রেণি | উৎপাদন | বাজার দাম | উৎপাদন ব্যয় |
|---|---|---|---|
| ১ম শ্রেণি | ২০ মণ | ১০০০ টাকা | ১০,০০০ টাকা |
| ২য় শ্রেণি | ১৫ মণ | ১০০০ টাকা | ১০,০০০ টাকা |
| ৩য় শ্রেণি | ১০ মণ | ১০০০ টাকা | ১০,০০০ টাকা |

ক. নিম খাজনা কী? ১

খ. খাজনা দেওয়ার কারণ কী? ২

গ. উদ্দীপকের বিষয়টি কোন খাজনা তত্ত্বটির সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. খাজনা নির্ধারনের ক্ষেত্রে উল্লেখিত তত্ত্বটি কি যথেষ্ট? তা যুক্তি সহ ব্যাখ্যা কর। ৪

১০।

দেওয়া আছে, $C = 100 + .5Y$, $I = 150$

যেখানে, $C$ = ভোগ ব্যয় এবং $I$ = বিনিয়োগ ব্যয়।

ক. NNP-এর পূর্ণরূপ লেখ।

খ. সঞ্চয় হলো বিনিয়োগের ভিত্তি- ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের আলোকে ভারসাম্য জাতীয় আয় নির্ণয় কর।

ঘ. উদ্দীপকে সরকারি ব্যয় 200 যুক্ত হলে ভারসাম্য আয়ের ওপর কী প্রভাব পড়বে? উদ্দীপকের আলোকে আলোচনা কর।

১১। একটি বাণিজ্যিক ব্যাংকের প্রাথমিক আমানতের পরিমাণ ১,০০,০০০ টাকা এবং প্রয়োজনীয় বৈধ রিজার্ভের হার ১০%। মুদ্রাস্ফীতি বৃদ্ধি পাওয়াতে কেন্দ্রীয় ব্যাংক রিজার্ভের হার বৃদ্ধি করে ১৫% করেছে।

ক. বাণিজ্যিক ব্যাংক কাকে বলে? ১

খ. 'অনলাইন ব্যাংকিং এবং মোবাইল ব্যাংকিং এর মধ্যে পার্থক্য ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লেখিত ব্যাংক কর্তৃক সৃষ্ট আমানতের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের জন্য উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংকের গৃহীত পদক্ষেপ কী যথেষ্ট বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

- সমাপ্ত -



অর্থনীতি প্রথম পত্র

(সৃজনশীল) বিষয় কোড: ১০৯

[ ২০২৫ সালের সিলেবাস অনুযায়ী

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় ও সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। প্রতিটি বিভাগ হতে কমপক্ষে তিনটি সহ মোট ৭টি উত্তর দিতে হবে।]

১। রহিম সাহের X দেশে বেড়াতে গেলেন। তিনি দেখলেন সে দেশে উৎপাদন ব্যবস্থা এমনকি চিকিৎসা সেবাও ব্যক্তিগত মালিকানায় পরিচালিত হয়। কিন্তু রহিমের দেশে সরকারি হাসপাতালের পাশাপাশি বেসরকারি ভাবেও জনগণ স্বাস্থ্য সেবা পেয়ে থাকে।

ক. সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা কী?

খ. নির্বাচন সমস্যা কী কারণে সৃষ্টি হয়?

গ. X দেশের অর্থব্যবস্থার প্রধান তিনটি বৈশিষ্ট্য বিশ্লেষণ কর।

ঘ. তুমি কি মনে কর X দেশের অর্থব্যবস্থা রহিমের দেশের অর্থব্যবস্থার তুলনায় ভালো? তোমার মতামত দাও।

২। একজন ভোক্তার চাহিদা সূচি নিম্নরূপ।

| দ্রব্যের দাম (টাকা) | চাহিদার পরিমাণ (একক) |
|---|---|
| ১২ | ৫০ |
| ১০ | ৬০ |

ক. প্রান্তিক উপযোগ কী? ১

খ. চাহিদা রেখা ডানদিকে নিম্নগামী হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে চাহিদা সমীকরণ নির্ণয় কর। ৩

ঘ. স্থিতিস্থাপকতার আলোকে দ্রব্যের প্রকৃতির ওপর মন্তব্য কর। ৪

৩। নিচের তালিকায় পণ্যের দাম এবং চাহিদা ও যোগানের পরিমাণ দেওয়া হলোঃ

| দ্রব্যের দাম | চাহিদার পরিমাণ (একক) | যোগানের পরিমাণ (একক) |
|---|---|---|
| ৬ টাকা | ৫০ | ১০০ |
| ৪ টাকা | ৭৫ | ৭৫ |
| ২ টাকা | ১০০ | ৫০ |

ক. রেখার ঢাল কী? ১

খ. বিকল্প দ্রব্যের দাম পরিবর্তন হলে চাহিদা বিধি কার্যকর হয় না কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত তথ্যের আলোকে ভারসাম্য দাম নির্ধারণের বিষয়টি চিত্রের মাধ্যমে দেখাও। ৩

ঘ. সূচিতে উল্লিখিত প্রতিটি দামে যোগানের পরিমাণ ৫০ একক বৃদ্ধি করলে ভারসাম্য কী রকম পরিবর্তন হবে ব্যাখ্যা কর। ৪

৪। তালিকাটি হতে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।

| উৎপাদন (Q) | মোট স্থির ব্যয় | মোট পরিবর্তনশীল ব্যয় |
|---|---|---|
| ১ | ৫ | ৫ |
| ২ | ৫ | ১৩ |
| ৩ | ৫ | ১৯ |
| ৪ | ৫ | ২৭ |
| ৫ | ৫ | ৪০ |

ক. প্রান্তিক ব্যয় কী? ১

খ. উৎপাদনকারীকে কখন স্থির খরচ বহন করতে হয়? ২

গ. উদ্দীপকের আলোকে মোট ব্যয় রেখা অংকন কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে গড় ব্যয় (AC) ও প্রান্তিক ব্যয় (MC) এ মধ্যকার সম্পর্ক চিত্রের সাহায্যে বিশ্লেষণ কর। ৪

৫। X ও Y দুটি পণ্য। X পণ্যটির বাজারে একজন মাত্র বিক্রেতা। অপরদিকে Y পণ্যের বাজারে অসংখ্য ক্রেতা-বিক্রেতার সমাগম রয়েছে এবং সমজাতীয় পণ্য উৎপাদনে প্রতিযোগিরা অবাধে প্রবেশ ও প্রস্থানের সুযোগ পায়।


ক. একক ক্রেতার বাজার কাকে বলে?

খ. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে AR = MR হয় কেন?

গ. X পণ্যের বাজারটি কোন ধরনের বাজার? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে উল্লিখিত দুই ধরনের বাজারের মধ্যে পার্থক্য দেখাও।

৬। নিচের চিত্র থেকে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও




ক. ফার্ম কী?

খ. একচেটিয়া বাজারে ফার্মকে দাম সৃষ্টিকারী বলা হয় কেন?

গ. উদ্দীপক হতে ফার্মটির মুনাফার পরিমাণ নির্ণয় কর।

ঘ. AC ৬০ হলে ফার্মের মুনাফার ধরনের কেমন পরিবর্তন হবে? বিশ্লেষণ কর।

৭। আরিফ একটি উৎপাদনকারি প্রতিষ্ঠানের একজন শ্রমিক। সে ঘন্টাপ্রতি ৬০ টাকা মজুরিতে ৬ ঘন্টা এবং ৮০ টাকা মজুরিতে ৮ ঘন্টা কাজ করে। মজুরি আরো বৃদ্ধি পেয়ে ১০০ টাকা হলে সে ৭ ঘন্টা কাজ করে।

ক. প্রকৃত মজুরি কী? ১

খ. শ্রমের যোগান কীভাবে বৃদ্ধি করা যায়? ২

গ. উদ্দীপকের আলোকে শ্রমের যোগান রেখা অংকন কর। ৩

ঘ. উদ্দীপক হতে অংকিত শ্রমের যোগান রেখার আকৃতি সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ কর।

৮। শফিক সাহেব একটি গার্মেন্টস কারখানার মালিক। তিনি প্রাথমিক মূলধন ১০,০০,০০০ টাকা নিয়ে উৎপাদন কাজ শুরু করেন। কাঁচামাল ক্রয়ের জন্য ১,০০,০০০ টাকা এবং অবচয় বাবদ ৫০,০০০ টাকা ব্যয় করেন। সম্প্রতি সরকার সুতা আমদানির উপর শুল্ক হ্রাস, সুদের হার হ্রাস, কর অবকাশ এবং বিনিয়োগ বান্ধব পরিবেশ সৃষ্টির মতো পদক্ষেপ গ্রহণ করায় শফিক সাহেব তার মূলধন বৃদ্ধিতে উৎসাহিত হলেন।

ক. নিম্ন খাজনা কী? ১

খ. খাজনা দেওয়ার কারণ কী? ২

গ. শফিক সাহেবের নিট মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে গৃহীত সরকারি পদক্ষেপ শফিক সাহেবের মূলধনের পরিমাণ বৃদ্ধিতে কীরূপ ভূমিকা পালন করে? ব্যাখ্যা কর। ৪

ক. খাজনা কী? ১
খ. মোট খাজনা ও নিট খাজনার মধ্যে পার্থক্য দেখাও। ২
গ. উদ্দীপকের আলোকে খাজনার পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকটি খাজনা নির্ধারণের কোন তত্ত্বের সাথে সম্পর্কীত? ব্যাখ্যা কর। ৪

৯। বায়োজিদ, কৌশিক ও রাজ তিন বন্ধু। তারা তিন জনে চুক্তিবদ্ধ হয়ে একটি কারবার প্রতিষ্ঠা করেন। তিন জনের মালিকানার অংশও সমান নয়। মূলধন স্বল্পতার জন্য তারা লাভবান হচ্ছেন না। সাংগঠনিক কাঠামোর কারণে তারা শেয়ার বিক্রি করতে পারছে না। অথচ তাদের পার্শবর্তী বি আর বি লিমিটেড কোম্পানী প্রতিষ্ঠানের শেয়ার বিক্রির মাধ্যমে প্রচুর মূলধন সংগ্রহ করছে।

ক. স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কী? ১
খ. 'সংগঠন উৎপাদনের একটি অপরিহার্য উপাদান'- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লেখিত তিন বন্ধুর প্রতিষ্ঠানটি কোন ধরনের ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের উল্লেখিত কারবার দুটির মধ্যে তুলনামূলক পার্থক্য বিশ্লেষণ কর। ৪

১০। একটি দেশের নিট জাতীয় আয় (NNI) ২০,০০০ কোটি টাকা, অবচয় ব্যয় (DC) ২,০০০ কোটি টাকা, নিট রপ্তানি (X-M) ৫,০০০ কোটি টাকা।

ক. অবচয় ব্যয় কী? ১
খ. "ব্যক্তিগত আয়ের সম্পূর্ণ অংশই ব্যয়যোগ্য আয় নয়"ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক হতে মোট দেশজ উৎপাদন (GDP) নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে নিট রপ্তানি শুন্য হলে GDP ও GNP এর মধ্যে কি পরিবর্তন আসবে? ব্যাখ্যা কর। ৪

১১। একটি দেশের মুদ্রা সম্পর্কীত তথ্যসমূহ নিম্নরুপঃ-
মোট বিহিত মুদ্রার পরিমাণ (M) = ২০, ব্যাংক সৃষ্ট মুদ্রার পরিমাণ ($M_1$) = ১০
বিহিত মুদ্রার ও ব্যাংক সৃষ্ট মুদ্রার প্রচলন গতি (V ও $V_1$) = ৫
লেনদেনের পরিমাণ (T)= ১০০।

ক. বিহিত মুদ্রা কী? ১
খ. দ্রব্যমূল্য কীভাবে অর্থের মূল্যকে প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক হতে দামস্তর নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে অর্থের পরিমাণ দ্বিগুণঅবস্থায় অর্থের মুল্যের উপর প্রভাব বিশ্লেষণ কর। ৪

- সমাপ্ত -



# অর্থনীতি প্রথম পত্র
## (সৃজনশীল)
## [ ২০২৫ সালের সিলেবাস অনুযায়ী ]

বিষয় কোড: ১০৯

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় ও সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। প্রতিটি বিভাগ হতে কমপক্ষে তিনটি সহ মোট ৭টি উত্তর দিতে হবে।]

১। দুটি দ্রব্য উৎপাদনের সম্ভাবনা সূচি দেখানো হলোঃ

| সংমিশ্রণ | X দ্রব্য | Y দ্রব্য |
|---|---|---|
| A | ০ | ৩০ |
| B | ২০ | ২০ |
| C | ২৫ | ১০ |
| D | ৩০ | ০ |

ক. সুযোগ ব্যয় কী? ১
খ. সম্পদের দুষ্প্রাপ্যতাই অর্থনৈতিক সমস্যার মূল কারন-ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে একটি উৎপাদন সম্ভাবনা রেখা অংকন কর। ৩
ঘ. (২০ একক X ও ৩০ একক Y) এবং ( ১০ একক X ও ২০ একক Y) উৎপাদনের সম্ভাব্যতা ও যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২। দ্রব্য ভোগের পরিমাণ ও উপযোগ সূচিতে দেখানো হলোঃ

| দ্রব্যের একক | প্রান্তিক উপযোগ |
|---|---|
| ১ম | ১২ |
| ২য় | ৮ |
| ৩য় | ৪ |
| ৪র্থ | ০ |
| ৫ম | -৪ |

ক. সংখ্যাগত উপযোগ কী? ১
খ. উপযোগ মানেই উপকারিতা নয়-ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে মোট উপযোগ রেখা অংকন কর। ৩
ঘ. উদ্দীপক হতে মোট উপযোগ ও প্রান্তিক উপযোগের মধ্যে সম্পর্ক চিত্রের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

৩। দেওয়া আছে,

$$Qd = ১০ - ২P$$
$$Qs = - ৫ + ৩P$$

এখানে, P = দাম, Qd = চাহিদার পরিমান এবং Qs = যোগানের পরিমাণ।

ক. গিফেন দ্রব্য কাকে বলে? ১

খ. ঋতুর পরিবর্তন কীভাবে চাহিদাকে প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক হতে ভারসাম্য দাম ওপরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. ২ টাকা ও ৪ টাকা দামে বাজারে কীরূপ পরিস্থিতির সৃষ্টি হবে? ব্যাখ্যা কর। ৪

৪। নিচের তালিকায় দেখানো হলোঃ

| জমি | শ্রম ও মূলধন | মোট উৎপাদন |
|---|---|---|
| ১ একর | ১,০০০ টাকা | ২০ মণ |
| ১ একর | ২,০০০ টাকা | ৩৫ মণ |
| ১ একর | ৩,০০০ টাকা | ৪৫ মণ |
| ১ একর | ৪,০০০ টাকা | ৫০ মণ |


ক. মিত্রাগত উৎপাদন কী ? ১

খ. "শ্রম ও শ্রমিক পরস্পরের অবিচ্ছেদ্য" ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উৎপাদনের কোন বিধিটি কার্যকর হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উল্লেখিত বিধিটি কি কেবল কৃষি ক্ষেত্রেই প্রযোজ্য? বিশ্লেষণ কর। ৪

৫। একটি ফার্মের ভারসাম্য অবস্থা নিম্নের চিত্রে দেখানো হলোঃ





ক. ফার্ম কী? ১

খ. একচেটিয়া বাজারে ফার্ম ও শিল্প অভিন্ন– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রদর্শিত চিত্র থেকে সংশ্লিষ্ট ফার্মটির মুনাফা নির্ণয় কর। ৩

ঘ. গড় খরচ বৃদ্ধি পেয়ে ২০ টাকা হলে ফার্ম উৎপাদন চালিয়ে যাবার ব্যাপারে কি সিদ্ধান্ত নেবে? ৪

৬। নিচের চিত্রটি লক্ষ্য কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।




ক. স্বাভাবিক মুনাফা কী?

খ. পূর্ণ প্রতিযোগীতামূলক বাজারে গড় আয় ও প্রান্তিক আয় রেখা সমান্তরাল হয় কেন

গ. উদ্দীপকের আলোকে ফার্মের মুনাফার পরিমাণ নির্ণয় কর।

ঘ. AC রেখা G বিন্দুর উপর দিয়ে MC রেখাকে ছেদ করলে ফার্মের ভারসাম্যের ক্ষেত্রে কীরূ পরিবর্তন ঘটবে ? ব্যাখ্যা কর। ৪

৭। নিম্নের তালিকাটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।

| মজুরি | শ্রমের চাহিদা | শ্রমের যোগান |
|---|---|---|
| ১০০ টাকা | ১৫একক | ৫একক |
| ২০০টাকা | ১০একক | ১০একক |
| ৩০০টাকা | ৫একক | ১৫ একক |


ক. মজুরি কী?

খ. শ্রমের যোগান রেখার আকৃতি সম্পর্কে মন্তব্য কর।

গ.উদ্দীপকের আলোকে ভারসাম্য মজুরি স্তর নির্ণয় কর।

ঘ. ১০০ টাকা ও ৩০০ টাকা মজুরিতে শ্রম বাজারে কীরূপ পরিস্থিতির সৃষ্টি হবে? ব্যাখ্যা কর।

৮।




অপর পৃষ্ঠায় দ্রষ্টব্

অর্থনীতি ১ম পত্র

জ্ঞানমূলকঃ

১। দুষ্প্রাপ্যতা কী?

২। PPC কী?

৩। ধ্রুবক কী?

৪। অপেক্ষক কী?

৫। মোট উৎপাদন কী?

৬। পরিবর্তনশীল ব্যয় কাকে বলে?

৭। ডুয়োপলি বাজার কী?

৮। আর্থিক মজুরি কী?

৯। এনজিও কী?

১০। BRAC এর পূর্ণরূপ লিখ।

১১। অনুপার্জিত আয় কাকে বলে?

১২। নিট খাজনা পরিমাপের সূত্রটি লিখ।

১৩। ভাসমান মূলধন বলতে কি বোঝায় ?

১৪। মূলধনের গতিশীলতা কাকে বলে ?

১৫। চলতি মূরধন কী?

১৬। মোট জাতীয় আয় কী?

১৭। CCA এর পূর্ণরূপ লিখ।

১৮। বিনিয়োগ কী?

১৯। সামগ্রিক আয় বলতে কি বুঝ?

২০। একচেটিয়া প্রতিয়োগিতামূলক বাজার কী?

২১। স্থিতিস্থাপক চাহিদা কী?

২২। নিট রপ্তানি কী?

২৩। অর্থের মূল্য কী?

২৪। খোলাবাজার কার্যক্রম কী?

২৫। অর্থের চাহিদা কী?

অর্থনীতি ১ম পত্র

অনুধাবনমূলকঃ

১। ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় কিভাবে দ্রব্যের দাম নির্ধারিত হয়?

২। সকল অভাব একসাথে পূরণ করা পূরণ করা সম্ভব নয় কেন?

৩। প্রান্তিক উপযোগ সর্বদাই ক্রমহ্রাসমান নয়" ব্যাখ্যা কর।

৪। যোগান রেখা ডানদিকে উর্ধ্বগামী হয় কেন?

৫। কখন চাহিদা রেখা ডানদিকে উর্ধ্বগামী হয়?

৬। দীর্ঘকালে স্থির ব্যয় থাকে না।

৭। একচেটিয়া বাজারের ফার্মকে দাম শ্রোষ্টা বলা হয় কেন?

৮। পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে P=AR=MR হয় কে?

৯। সরল রেখার প্রতিটি বিন্দুর ঢাল সমান হয় কেন?

১০। 'চুক্তিই অংশিদারী কারবারের ভিত্তি' ব্যাখ্যা কর।

১১। খাজনা দেওয়ার কারণ কী?

১২। খাজনা ও দামের মধ্যে সম্পর্ক কী?

১৩। সুদের হার মূলধন গঠনকে কীভাবে প্রভাবিত করে ?

১৪। খনির প্রাকৃতিক গ্যাস কেন মূলধন নয়?

১৫। অর্থ ও মূলধন কি এক?

১৬। ভোগ কি আয়ের ওপর নির্ভরশীল ?

১৭। সঞ্চয় ও বিনিয়োগ কিভাবে সম্পর্কীত? ব্যাখ্যা কর।

১৮। 'একচেটিয়া বাজরের ফার্ম ও শিল্প অভিন্ন' ব্যাখ্যা কর।

১৯। মূলধনকে কেন উৎপাদিত উপাদান বলা হয়?

২০। 'উদ্যোক্তাই সংগঠনের মূল চালিকা শক্তি' ব্যাখ্যা কর।

২১। বিদেশে অবস্থানরত দেশীয় নাগরিকের আয় কোন ধারণার সাথে সম্পর্কীত?

২২। কখন জিডিপি ও জিএনপি পরস্পর সমান হয়?

২৩। কেন্দ্রীয় ব্যাংককে নিকাশঘর বলার কারণ কী?

২৪। অর্থের ফটকা চাহিদা কেন সুদের হারের উপর নির্ভরশীল?

২৫। ব্যাংক হার কিভাবে মুদ্রার যোগানকে প্রভাবিত করে?

বাংলা সরকারি কলেজ

সাজেশান

অর্থনীতি দ্বিতীয় পত্র

সৃজনশীল প্রশ্ন

১. ইংরেজ ঔপনিবেশিক শাসন দেশের অর্থনীতির বিকাশে বড় প্রতিবন্ধক হিসেবে দেখা দেয়। এ পরিপ্রেক্ষিতে আজকের বাংলাদেশের অর্থনীতির পটভূমিকে পাঁচটি ভাগে ভাগ করা হয়। এর মধ্যে স্বাধীনতা পূর্ববর্তী তিন শাসনামল –

১. ১২০০ হতে ১৭৫৭ খ্রিঃ পর্যন্ত।
২. ১৭৫৭ হতে ১৯৪৭ খ্রিঃ পর্যন্ত।
৩. ১৯৪৭ হতে ১৯৭১ খ্রিঃ পর্যন্ত।

বাংলাদেশ বিভিন্নভাবে শোষিত ও বঞ্চিত হয়েছিল। তিনি আরও বলেন, বর্তমানে মানুষের জীবনযাত্রার মান বেড়েছে। গ্রামীণ অবকাঠামোর উন্নয়ন, মানবসম্পদ উন্নয়ন, অর্থনীতির অবকাঠামোর উপাদানগুলোর উন্নয়ন হয়েছে

ক. ১৯৪৭ সালে ভারতবর্ষকে কয় ভাগে ভাগ করা হয়?
খ. অবকাঠামোর দুটি বৈশিষ্ট্য লেখো।
গ. উদ্দীপকে উল্লিখিত দুটি শাসনামলের শাসনে অর্থনৈতিক বৈষম্য ব্যাখ্যা কর।
ঘ. বাংলাদেশের চলমান অর্থনৈতিক গতিধারা অব্যাহত থাকলে ২০৪১ সালে উন্নত রাষ্ট্রে পরিণত হওয়ার সম্ভাবনা কতটুকু? তোমার মতামত দাও।

২. GDP-তে সার্বিক খাতসমূহের অবদান :

| কৃষির উপখাত | ২০২১-২২ | ২০২২-২৩ |
|---|---|---|
| শস্য ও শাকসবজি | ৫.৪৬ | ৫.৩০ |
| প্রাণি সম্পদ | ১.৯১ | ১.৮৫ |
| মৎস্য সম্পদ | ১.৭২ | ১.৭০ |

ক. কৃষিপণ্যের বিপণন কী?
খ. জীবন নির্বাহ খামার এবং বাণিজ্যিক খামার কি একই? ব্যাখ্যা কর।
গ. উদ্দীপক অনুযায়ী স্তম্ভচিত্র অংকন কর।
ঘ. সার্বিক খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তনের ধারা উদ্দীপক অনুসারে ব্যাখ্যা কর।

৩. আমেনা খাতুন একজন নারী উদ্যোক্তা। তিনি স্ব-অর্থায়নে ঘরোয়া পরিবেশে বাঁশ ও বেতের দ্বারা বিভিন্ন দ্রব্যসামগ্রী তৈরি করেন। তাঁকে এ কাজে তাঁর স্বামী সহযোগিতা করেন। ইদানিং তাঁর উৎপাদিত পণ্যের চাহিদা বেড়েছে। কিন্তু তাঁর পুঁজি স্বল্প। ঋণের জন্য তিনি একটি ঋণদানকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করেন। প্রতিষ্ঠানটি তাঁকে সহজ শর্তে ঋণ দেয়। ঋণের অর্থ দ্বারা উৎপাদন বাড়িয়ে তিনি বেশ ভালো মুনাফা অর্জন করছেন।

ক. আমদানী বিকল্প শিল্প কী?

খ. ফার্ম ও শিল্প এক নয় কেন? ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকে উল্লিখিত আমেনা খাতুনের উৎপাদনকে কোন ধরনের শিল্প বলা হয়? ব্যাখ্যা করো।

ঘ. বাংলাদেশের অর্থনীতিতে উদ্দীপকে উল্লিখিত শিল্পের গুরুত্ব বিশ্লেষণ করো।

৪. "X" একটি উন্নয়নশীল দেশ। দেশের আয়তন ১,৪৭,৫৭০ বর্গ কি.মি. এবং জনসংখ্যার কাঠামো নিম্নরূপ:

| ২০১২ সালের মধ্যবর্তী সময়ের জনসংখ্যা | ২০১২ সালের মোট জীবিত জনসংখ্যা | ২০১২ সালের মোট মৃত জনসংখ্যা |
|---|---|---|
| ১০,০০,০০,০০০ | ৩০,০০,০০০ | ১৫,০০,০০০ |

ক. জনসংখ্যার ঘনত্ব কি?

খ. 'জনসংখ্যা বৃদ্ধি খাদ্য সমস্যা সৃষ্টি করে' — ব্যাখ্যা করো।

গ. উদ্দীপক থেকে স্থূল জন্মহার ও স্থূল মৃত্যুহার নির্ণয় করো।

ঘ. উদ্দীপকের আলোকে 'X' দেশের জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধির হার নির্ণয় সাপেক্ষে দেশটি অধিক জনবহুল কিনা আলোচনা করো।

৫. 'ক' একটি কৃষিপ্রধান দেশ। দেশটিতে প্রচুর খাদ্যশস্য উৎপাদিত হয়, যা দেশের চাহিদা মিটিয়ে বিদেশেও রপ্তানি করা হয়। মানুষের আয় বেশি কিন্তু শিক্ষার হার কম। খাদ্য গ্রহণের ক্ষেত্রে মানুষ পুষ্টির বিষয়টি বিবেচনা করেনা। পারিবারিক পর্যায় থেকে শুরু করে অনেক হোটেল রেস্তোরাঁয়ও বিশুদ্ধ পানি ব্যবহার করা হয়না।

ক. খাদ্যের প্রাপ্যতা কী?

খ. ভেজাল খাদ্য কিভাবে খাদ্য নিরাপত্তাকে বিঘ্নিত করেছে? ব্যাখ্যা করো।

গ. 'ক' দেশে খাদ্য নিরাপত্তার কোন কোন দিক বিদ্যমান? ব্যাখ্যা করো।

ঘ. 'ক' দেশে পূর্ণমাত্রায় খাদ্য নিরাপত্তা অর্জনের ক্ষেত্রে সরকার ও জনসাধারণের ভূমিকা কেমন হওয়া উচিত বলে তুমি মনে কর?

৬. রুবেল ও রানাসহ সাত বন্ধু তাদের নিজস্ব মূলধন নিয়ে একটি কারবার আরম্ভ করলেন। সম্ভাবনাময় হওয়ায় কারবারটি সম্প্রসারণের জন্য ওরা পুঁজিবাজার থেকে মূলধন সংগ্রহের চিন্তা করলেন। রুবেল এমন একটি অনুমোদিত মূলধনের কথা চিন্তা করল যার দ্বারা কোম্পানির মালিকানা নির্দেশ করে। এবং লাভ-ক্ষতির অংশীদারিত্ব নিশ্চিত করে। অন্যদিকে রানা এমন একটি দলিল ক্রয়ের সিদ্ধান্ত নেয় যা দ্বারা নির্দিষ্ট হারে সুদ পাবে কিন্তু কোম্পানির লভ্যাংশের অংশীদার হতে পারবে না।

ক. 'Finis' শব্দের অর্থ কী?

খ. প্রাইভেট কোম্পানি শেয়ারে ঝুঁকি কম – ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকে রুবেল যে বিশেষ পদ্ধতিতে মূলধন সংগ্রহের কথা চিন্তা করল তার যৌক্তিকতা ব্যাখ্যা করো।

ঘ. রুবেল ও রানার অর্থ সংগ্রহের যে দুটি উৎসের কথা বলা হয়েছে তার তুলনামূলক বিশ্লেষণ করো।

৭. 'X' দেশে ২০২৩ ও ২০২৪ সালে বিভিন্ন ভোগ্য পণ্যের দাম এবং পরিমাণের তালিকা নিম্নে প্রদত্ত হলো:

| ভোগ্য দ্রব্যের নাম | ২০২৩ পরিমাণ কেজি/লিটার | ~~২০২৪~~ দাম (টাকা) | ২০২৪ দাম টাকা |
|---|---|---|---|
| চাল | ২০ কেজি | ১০০ | ১৮০ |
| তেল | ৫ লিটার | ১২০ | ২০০ |
| আটা | ৮ কেজি | ৪০ | ৫০ |

উক্ত দেশে সরকার দ্রুত অর্থনৈতিক উন্নয়নের জন্য দেশি-বিদেশি ঋণ নিয়ে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করছে। এছাড়াও করোনা-কালীন স্থবিরতা কাটিয়ে উঠতে সুদের হার হ্রাসসহ উৎপাদনকারীদের বিভিন্ন ধরনের প্রণোদনা প্যাকেজ সুবিধা প্রদান করে।


ক. মুদ্রাস্ফীতি কী?

খ. মুদ্রাস্ফীতিতে ঋণগ্রহীতা কীভাবে লাভবান হয়?

গ. প্রদত্ত টেবিল থেকে ভোক্তার দাম সূচকের মাধ্যমে 'X' দেশের মুদ্রাস্ফীতির হার নির্ণয় করো।

ঘ. উদ্দীপকে উল্লিখিত সরকারের পদক্ষেপগুলো 'X' দেশের অর্থনীতিতে কীরূপ প্রভাব ফেলবে? মতামত দাও।

৮. চিত্রটি লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও:



ক. ভোক্তার দাম সূচক কী?

খ. অর্থ সরবরাহ মুদ্রাস্ফীতির মূল কারণ — ব্যাখ্যা করো।

গ. চিত্রে কোন ধরনের মুদ্রাস্ফীতি প্রকাশ পেয়েছে?

ঘ. উদ্দীপকে সৃষ্ট মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে সরকার কী ধরনের ভূমিকা গ্রহণ করবে? আলোচনা করো।

৯. সায়েম মানিকগঞ্জ থেকে শাকসবজি ক্রয় করে ঢাকার স্থানীয় বাজারে বিক্রয় করে এবং ঢাকা থেকে কাপড় কিনে মানিকগঞ্জে বিক্রি করে। অপরদিকে সায়েমের বন্ধু কাশেম শাকসবজি ও হিমায়িত মাছ কাতারে বিক্রি করে এবং ভারত থেকে পেঁয়াজ-রসুন আমদানি করে।

ক. অভ্যন্তরীণ বাণিজ্য কী?

খ. অপ্রচলিত রপ্তানি দ্রব্য বলতে কী বোঝায়?

গ. উদ্দীপকে সায়েমের বাণিজ্যকে কোন ধরনের বাণিজ্য বলা হয়? ব্যাখ্যা করো।

ঘ. উদ্দীপকে সায়েমের ব্যবসায়ের সাথে কাশেমের ব্যবসার তুলনামূলক বিশ্লেষণ করো।

১০. বাংলাদেশ সরকারের ব্যয়ের খাত হলো রাজস্ব ব্যয় ও উন্নয়ন ব্যয়। সরকার সাধারণত জনগণের মৌলিক চাহিদাপূরণ, প্রতিরক্ষা ব্যয় নির্বাহ, সামাজিক নিরাপত্তা, নগরায়ন ইত্যাদি ক্ষেত্রে ব্যয় করে থাকে। তাছাড়া ব্যয়ের পাশাপাশি সরকার বাণিজ্যিক রাজস্ব, আয়কর, জরিমানা, মূল্য সংযোজন কর, টোল, আবগারি শুল্ক ইত্যাদি খাত হতে রাজস্ব সংগ্রহ করে থাকে।

ক. প্রত্যক্ষ কর কী?
খ. মূল্য সংযোজন করকে পরোক্ষ কর বলা হয় কেন?
গ. উদ্দীপক থেকে কর রাজস্ব ও কর বহির্ভূত রাজস্ব -এর খাতগুলো চিহ্নিত করো।
ঘ. উদ্দীপকের উল্লিখিত খাতগুলো ব্যতীত সরকার আর কোন কোন খাতে আয় করতে পারে বলে তুমি মনে করো? মতামত দাও।

১১. উন্নয়ন পরিকল্পনা ছাড়া কোন দেশই উন্নয়নের কাঙ্খিত লক্ষ্যে পৌঁছাতে পারে না। বাংলাদেশ সরকার ২০১২ সালে একটি পরিকল্পনা গ্রহণ করে যা ২০২১ সালে শেষ হয়। মূলত এই পরিকল্পনা উন্নয়ন কৌশল অবলম্বন করেই দেশটি মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ার পথ সুগম করেছে।

ক. উন্নয়ন পরিকল্পনা বলতে কী বোঝ?
খ. দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রয়োজন হয় কেন?
গ. উদ্দীপকে বাংলাদেশ সরকারের কোন পরিকল্পনার কথা বলা হয়েছে? এই পরিকল্পনার তিনটি উদ্দেশ্য লেখ।
ঘ. উদ্দীপকে বর্ণিত পরিকল্পনার উন্নয়ন কৌশলসমূহ বিশ্লেষণ করো।

— ০ —

অর্থনীতি
২য় পত্র
বহুনির্বাচনী প্রশ্ন অধ্যায় ~~অ্যাডেশন~~

১. বাংলাদেশের পূর্ব-দক্ষিণাংশে কোন দেশ অবস্থিত?
(ক) মায়ানমার (খ) মনিপুর (গ) ত্রিপুরা (ঘ) আসাম

২. কোনটি প্রাচীন বাংলার প্রধান অর্থনৈতিক খাত ছিল?
(ক) পশু পালন (খ) কৃষি (গ) ব্যবসায়-বাণিজ্য (ঘ) শিল্প।

৩. বাংলার ইতিহাসে স্বর্ণযুগ কোনটি?
(ক) আদি ও হিন্দু যুগ (খ) মুসলিম যুগ (গ) ইংরেজ যুগ
(ঘ) পাকিস্তানি যুগ।

৪. বাংলাদেশে কৃষি বিপণনের সমস্যা হচ্ছে—
i. অবকাঠামোগত সমস্যা ii. গুদামজাতকরণ সমস্যা
iii. দামের উত্থান-পতন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:
জনাব সাহেদ প্রত্যন্ত গ্রামে বাস করে। গত কয়েক বছর তার গ্রামে প্রচুর কৃষিজ পণ্য উৎপাদন হয়। সে পণ্যের বাজার দাম সম্পর্কে অবগত নয়। উক্ত গ্রামে কোনো গুদামঘর নেই এবং গ্রামের রাস্তাটি যথেষ্ট সরু।

৫. জনাব সাহেদের গ্রামের উৎপাদন সম্পর্কিত সমস্যাটি কোন ধরনের?
(ক) কৃষিতে প্রযুক্তির প্রয়োগ (খ) কৃষি ঋণের প্রসার
(গ) শস্য বহুমুখীকরণ (ঘ) কৃষিপণ্যের বিপণন

১২. খাদ্যে ভেজাল প্রতিরোধ করা যেতে পারে —
i. আইনের যথাযথ প্রয়োগ করে
ii. জনসংখ্যা বৃদ্ধি নিয়ন্ত্রণ করে
iii. খাদ্যে রাসায়নিক প্রয়োগ বন্ধ করে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৩. খাদ্য নিরাপত্তায় কীসের দ্বারা প্রোটিনের ঘাটতি মেটানো যায়?
(ক) সবুজ শাকসবজি (খ) ফলমূল
(গ) খনিজ লবণ (ঘ) মাছ-মাংস

১৪. বাংলাদেশে সাধারণত কত বছর পরপর আদমশুমারি অনুষ্ঠিত হয়?
(ক) ১২ বছর (খ) ১০ বছর (গ) ১৫ বছর (ঘ) ২০ বছর

১৫. Finance শব্দটি ল্যাটিন কোন শব্দ থেকে এসেছে?
(ক) Fine (খ) Finis (গ) Finan (ঘ) Finae

উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :
ফারুক সাহেবের তৈরি পোশাক কারখানায় ১০০০ শ্রমিক কাজ করে। এ কারখানার উৎপাদিত পণ্যগুলো বিদেশে রপ্তানি করা হয়।

(১৬) কারখানাটি কোন ধরনের শিল্পের অন্তর্গত?
(ক) কুটির (খ) ক্ষুদ্র (গ) মাঝারি (ঘ) বৃহৎ

(১৭) পোশাক কারখানাটি স্থাপনের ফলে —
i. কর্মসংস্থান বাড়ছে ii. বৈদেশিক মুদ্রার রিজার্ভ কমছে
iii. বাণিজ্য ক্ষেত্রের উন্নতি হচ্ছে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. ব্যবসা প্রতিষ্ঠানের অর্থায়নের অভ্যন্তরীণ উৎস কোনটি ?
(ক) অবণ্টিত মুনাফা (খ) বণ্টিত মুনাফা (গ) জামানতবিহীন বন্ড
(ঘ) কর্পোরেট বন্ড

১৯. বেসরকারি অর্থায়ন বলতে বোঝায় —
i. ব্যক্তিগত অর্থায়ন ii. ব্যবসায় অর্থায়ন iii. অ-ব্যবসায় অর্থায়ন
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. মুদ্রাস্ফীতির ফলে কে লাভবান হয় ?
(ক) ঋণদাতা (খ) উৎপাদনকারী (গ) ভোক্তা (ঘ) শ্রমিক

২১. দুইয়ের অধিক দেশের মধ্যে সংঘটিত বাণিজ্যকে বলে -
(ক) অভ্যন্তরীণ বাণিজ্য (খ) আঞ্চলিক বাণিজ্য
(গ) আন্তর্জাতিক বাণিজ্য (ঘ) স্থানীয় বাণিজ্য

উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :
মি 'x' বিগত ৫ বছরের দ্রব্যমূল্য নিয়ে বিচলিত নন। কারণ নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম বাড়লেও তা সাধারণ মানুষের সহনশীলতায় আছে।

২২. উদ্দীপকের দ্রব্যমূল্য বৃদ্ধি পাওয়াকে কী বলে ?
ক. মুদ্রাস্ফীতি (খ) মুদ্রা সংকোচন (গ) মুদ্রার প্রচলন
ঘ. মুদ্রার অবমূল্যায়ন

২৩. উদ্দীপকের উল্লিখিত মুদ্রাস্ফীতি —
i. ঋণগ্রহীতারা উৎসাহিত হবে
ii. অর্থনৈতিক কর্মকাণ্ডকে উৎসাহিত করে
iii. জীবনযাত্রার উপর বিরূপ প্রভাব ফেলে

নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৪. EPZ -এর পূর্ণরূপ কী?

(ক) Export promotion zone

(খ) Export procuring zone

(গ) Export production zone

(ঘ) Export processing zone

২৫. বৈদেশিক সাহায্য অর্থবহ হয়, যখন তা —

(ক) কঠিন শর্তযুক্ত হয়

(খ) রাজনৈতিক পক্ষপাতদুষ্ট হয়

(গ) দেশীয় উৎপাদন কাঠামো ভেঙে দেয়

(ঘ) প্রয়োজনীয় ক্ষেত্রে সর্বাধিক স্বচ্ছতার সঙ্গে ব্যবহৃত হয়

২৬. বাংলাদেশে আন্তর্জাতিক বাণিজ্যের পরিবর্তনের ফলে —

i. রপ্তানি বৈচিত্র্যকরণ হয়েছে

ii. বিলাসজাত দ্রব্যের আমদানি হ্রাস পেয়েছে

iii. বিলাসজাত দ্রব্যের আমদানি বেড়েছে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৭. সরকারের আয়ের প্রধান খাত কোনটি?

(ক) সরকারি ঋণ (খ) কর রাজস্ব

(গ) কর-বহির্ভূত রাজস্ব (ঘ) বৈদেশিক অনুদান

২৮. কোনটি প্রত্যক্ষ কর?

(ক) প্রমোদ কর (খ) সম্পত্তি কর

(গ) মূল্য সংযোজন কর (ঘ) বিক্রয় কর

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:
সরকারের ব্যয় নির্বাহের জন্য নিম্নলিখিত খাতগুলো থেকে আয় করে থাকে, যেমন - আয়কর, সম্পত্তি কর, মূল্য সংযোজন কর, ভূমি রাজস্ব ইত্যাদি।

২৯. কোনটি পরোক্ষ কর ?

(ক) মূল্য সংযোজন কর
(খ) ভূমি রাজস্ব
(গ) আয়কর
(ঘ) সম্পত্তি কর

৩০. কর প্রদানে —

i. রাজস্ব বাড়ে
ii. নাগরিক সুবিধা বাড়ে
iii. সম্পদ বৈষম্য কমে

নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

# অর্থনীতি ২য় পত্র

## সাজেশান

## সৃজনশীল প্রশ্ন

১. দক্ষিণ এশিয়ার একটি জনবহুল দেশ হচ্ছে বাংলাদেশ। এ দেশের অর্থনীতি যে সব ভিত্তির ওপর গড়ে উঠেছে, সেগুলো হলো – শিক্ষা, যাতায়াত ও যোগাযোগ, প্রশিক্ষণ, ব্যাংক, জনস্বাস্থ্য, বাসস্থান, পরিবার কল্যাণ, সেতু, বিদ্যুৎ, ধর্মীয় ও সাংস্কৃতিক চেতনা, শক্তি সম্পদ, পানি সরবরাহ প্রভৃতি। দেশের উন্নয়নে এসব উপাদানের উত্তম ব্যবহার নিশ্চিত করা একান্ত আবশ্যক।

ক. পরিবেশ বলতে কী বুঝ?

খ. প্রাকৃতিক পরিবেশ কী উৎপাদনের সাথে সম্পর্কিত?

গ. উদ্দীপক থেকে সামাজিক ও অর্থনৈতিক উপাদানগুলো চিহ্নিত করো।

ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে সামাজিক ও অর্থনৈতিক উপাদানগুলোর তুলনামূলক গুরুত্ব উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো।

২. হাসিব ও শিহাব একই গ্রামের দুইজন কৃষক। হাসিবের ছোট আয়তনের জমিতে যে ফসল উৎপাদন হয় তা দ্বারা তার পরিবার কোনোরকমে জীবিকা নির্বাহ করতে পারে। অন্যদিকে শিহাব তার বৃহৎ আয়তনের জমিতে চাষাবাদের আধুনিক পদ্ধতি ব্যবহার করে অধিক ফসল উৎপাদনের মাধ্যমে অধিক মুনাফা অর্জন করে।

ক. বায়োটেকনোলজি কী?

খ. কৃষি খামার ও কৃষিজোত দুটি ভিন্ন ধারণা – ব্যাখ্যা করো।


গ. উদ্দীপকে হাসিবের খামারের ধরন চিহ্নিত করে এই ধরনের খামারের দুটি সমস্যা তুলে ধরো।

ঘ. উদ্দীপকে উল্লিখিত হাসিব ও শিহাবের খামারের মধ্যে তুলনামূলক পার্থক্য আলোচনা করো।

৩. করিম সাহেব ৬০ কোটি টাকা ব্যয়ে একটি কারখানা স্থাপন করেন। কারখানার ৩২৫ জন শ্রমিকের অধিকাংশই দক্ষ। প্রতি বছর তিনি এর কারখানা থেকে ভালো মুনাফা লাভ করেছেন। এ ধরনের শিল্প স্থাপনে প্রচুর মূলধন লাগে। তাই উন্নয়নশীল দেশে এ শিল্পের সংখ্যা কম। দেশে এসব শিল্পের প্রসার ঘটানো সম্ভব হলে বেকারত্ব হ্রাসের পাশাপাশি অর্থনৈতিক উন্নয়ন দ্রুত বৃদ্ধি পাবে।

ক. ক্ষুদ্র শিল্প কাকে বলে?
খ. আমদানি বিকল্প শিল্প কেন প্রয়োজন? ব্যাখ্যা করো।
গ. জনাব করিম যে কারখানা স্থাপন করেছেন তা কোন শিল্পের অন্তর্গত? উক্ত শিল্পের সুবিধা লেখ।
ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার জন্য উদ্দীপকে উল্লিখিত শিল্পের বিকল্প নেই — তুমি কি এই বক্তব্যের সাথে একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

৪.




ক. মানব সম্পদ কী?
খ. শিক্ষা কীভাবে মানব সম্পদের উন্নয়ন প্রভাবিত করে? ব্যাখ্যা করো।
গ. 'P' বিন্দুতে অসামঞ্জস্যের পরিমাণ নির্ণয় করো।
ঘ. উদ্দীপকের আলোকে কাম্য জনসংখ্যা কত ও কেন? ব্যাখ্যা করো।

৫. শিক্ষক ক্লাসে খাদ্য নিরাপত্তা সম্পর্কে আলোচনায় বলেন, দেশের উত্তরাঞ্চলে কিছু এলাকা রয়েছে। সেখানকার মানুষ তিনবেলা খেতে পেত না। এখন তারা পর্যাপ্ত খেতে পারে। বর্তমানে মানুষের ক্রয়ক্ষমতা বেড়েছে কিন্তু তারা পর্যাপ্ত খাবার পেলেও সেটা স্বাস্থ্যকর কি না তা নিশ্চিতভাবে বলা যাচ্ছেনা। অস্বাস্থ্যকর খাদ্য বা ভেজাল খাবার মানুষের স্বাস্থ্য হয়, কর্মক্ষমতা কমে যায়, এমনকি দুর্ঘটনায় ভোগে। এটি নির্মূল করতে সরকার BSTI ও ভ্রাম্যমান আদালত পরিচালনাসহ আরো বিভিন্নমুখী ব্যবস্থা গ্রহণ করেছে।

ক. নিরাপদ খাদ্য কি?
খ. নিরাপদ খাদ্যের সাথে খাদ্য নিরাপত্তার সম্পর্ক কী?
গ. উদ্দীপকের আলোকে উল্লিখিত বিষয়গুলো দ্বারা মানুষের কী কী সমস্যা হয় ব্যাখ্যা করো।
ঘ. উল্লিখিত বিষয়টি নিশ্চিতকরণে বাস্তবমুখী কি পদক্ষেপ গ্রহণ করা যায়?

৬. যুব উন্নয়ন থেকে প্রশিক্ষণ শেষে পলাশ আত্মীয়-স্বজন, গ্রাম্য মহাজন, ধনী কৃষক থেকে ঋণ নিয়ে একটি প্লাস্টিক কারখানা স্থাপন করেন। কিছুদিন পর পলাশ অনুভব করলো ব্যবসায় আরো পুঁজি খাটালে মুনাফার পরিমান বাড়বে। এ উদ্দেশ্যে পলাশ স্থানীয় সোনালী ব্যাংক থেকে ঋণ নিয়ে কারখানা সম্প্রসারণ করেন। এতে উৎপাদন খরচ কমে এবং মুনাফার পরিমান বাড়ে।

ক. বন্ড কী?
খ. অর্থায়ন কেন করা হয়?
গ. পলাশের অর্থায়নের প্রাথমিক উৎসটি ব্যাখ্যা করো।
ঘ. পলাশের অর্থায়নের কোন উৎসটি অপেক্ষাকৃত ভালো? মূল্যায়ন করো।

৭. আত্মবিশ্বাসী রোকেয়া যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করে অল্প কিছু ঋণ নিয়ে হাঁস-মুরগি পালনের মাধ্যমে তার স্বপ্ন বাস্তবায়নের কাজ শুরু করেন। আত্মপ্রত্যয়ী ও পরিশ্রমী রোকেয়া এখান থেকে ভালো মুনাফা অর্জন করতে থাকে। বর্তমানে সে একটি নার্সারি ও একটি পোল্ট্রি ফার্মের মালিক এবং তার অধীনে প্রায় ১৫ জন লোক কাজ করে।

ক. বেকারত্ব কী?

খ. নিট অভিবাসন ধারণাটি ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকে পাঠ্যপুস্তকের কোন ধারণাটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো।

ঘ. রোকেয়ার উদ্যোগ বেকার সমস্যা সমাধানে কীভাবে ভূমিকা রাখতে পারে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো।

৮. আলিম নিম্ন আয়ের চাকরিজীবী। তিনি বাজারে গিয়ে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম বৃদ্ধি দেখে চিন্তিত হয়ে পড়লেন। প্রয়োজনীয় অনেক কিছুই কেনা তার জন্য সম্ভব হলো না। অন্যদিকে তার প্রতিবেশী সেলিম নিজের জমিতে চাষ করেন। দ্রব্যমূল্য বৃদ্ধিতে তিনি ~~তার~~ তত চিন্তিত নন।

ক. সূচক সংখ্যা কী?

খ. সরকারি ব্যয় বৃদ্ধির ফলে দামস্তর বাড়ে — ব্যাখ্যা করো।

গ. উদ্দীপকে তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়কে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা করো।

ঘ. সেলিম দাম বৃদ্ধিতে তত চিন্তিত নন কেন? যুক্তিসহ ব্যাখ্যা করো।

৯. বাংলাদেশ একটি নিম্ন মধ্যম আয়ের দেশ। বিশ্বায়নের যুগে প্রচুর বৈদেশিক বাণিজ্য ও বৈদেশিক সাহায্যের সমন্বয়ে খুব দ্রুত দেশটিকে উন্নতির দিকে এগিয়ে নেয়া সম্ভব। এক্ষেত্রে প্রয়োজন শুধু সদিচ্ছা ও সঠিক তত্ত্বাবধান।

ক. বিশ্বায়ন কী?
খ. আমদানি বৃদ্ধি কীভাবে বৈদেশিক মুদ্রার ঘাটতি সৃষ্টি করে?
গ. উদ্দীপকের আলোকে উল্লিখিত বিষয়গুলোর মধ্যে পার্থক্য নিরূপণ করো।
ঘ. উল্লিখিত বিষয়গুলির তুলনামূলক সুবিধা বিশ্লেষণ করো।

১০. 'A' ব্যক্তির ওপর ধার্যকৃত করের বোঝা আংশিক বা সম্পূর্ণভাবে অন্যের ওপর চাপিয়ে দিতে পারে। কিন্তু 'B' ব্যক্তির ওপর ধার্যকৃত করের বোঝা সম্পূর্ণভাবে তাকেই বহন করতে হয়। 'A' ও 'B' ব্যক্তিদ্বয়ের ওপর ধার্যকৃত দুই ধরনের কর সরকারি আয়ের প্রধান গুরুত্বপূর্ণ উৎস। কিন্তু নিশ্চয়তা, নাগরিক চেতনা, পরিশোধ পদ্ধতি, জনপ্রিয়তা, দামের ওপর প্রভাব বিস্তার ইত্যাদি দিক থেকে কর দুটির মাঝে পার্থক্য রয়েছে।

ক. আবগারী শুল্ক কী?
খ. সরকার আয় করে কেন?
গ. উদ্দীপকে উল্লিখিত কর দুটি চিহ্নিত করো।
ঘ. উদ্দীপকের আলোকে কর দুটির মধ্যে পার্থক্য বিশ্লেষণ করো।

৭। প্রফেসর আমিনুল ইসলাম তাঁর শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন ,ইসলামের বিস্তৃতিতে নতুন নতুন সমস্যার উদ্ভাব হলে এর সমাধানকল্পে ইসলামি পন্ডিত গন কঠোর সাধনা করে বিভিন্ন মাসয়ালা উদ্ভাবন করেন। কিন্তু নানা বিষয়ে তারা একমত হতে নাপারায় কয়েকটি ধারার সৃষ্টি হয়। এদের একদল ছিলেন সিদ্ধান্ত গ্রহনে রক্ষণশীল । তারা কুরআন হাদিসের পাশাপাশি মদিনাবাসী সাহাবাদের আমলকে গুরুত্ব দিতেন।

(ক) ইমাম শাফেয়ী (রঃ) কখন জন্মগ্রহন করেন ? ১

(খ) "ইমাম আবু হানিফা (রঃ) ফিক্‌হশাস্ত্রের পথিকৃত"– ব্যাখ্যা করো। ২

(গ) উদ্দীপকে কোন মাযহাবের কথা বলা হয়েছে ? ব্যাখ্যা করো। ৩

(ঘ) উদ্দীপকে উল্লিখিত মুসলিম পন্ডিতদের সাধনা ইসলামি শরিয়ায় কীরূপ প্রভাব ফেলে ? বিশ্লেষণ করো।৪

৮। আঁখি ও ইভা দুই বোন । একই কলেজে একাদশ শ্রেণিতে পড়ে । তারা একদিন জলবায়ু নিয়ে আলোচনা করছিল। আঁখি ইভাকে বলল পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপনের বিকল্প কিছু নেই । ইভা শুনে বলল বৃক্ষরোপন একটি ইবাদত এবং সদকায়ে জারিয়ার মাধ্যম ও বটে।

(ক) 'সদকায়ে জারিয়া, অর্থ কি ? ১

(খ) জ্ঞান-বিজ্ঞানের উৎস হিসেবে হাদিসের গুরুত্ব–ব্যাখ্যা করো। ২

(গ) পরিবেশ রক্ষায় বৃক্ষ কী ভূমিকা রাখে? - ব্যাখ্যা করো। ৩

(ঘ)'বৃক্ষরোপন একটি ইবাদত,সংশ্লিষ্ট হাদিসের আলোকে উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৯। রাজশাহীতে হযরত শাহ্ মাখদুম (রহ.)-এর মাজার রয়েছে। কথিত আছে যে,সেখানে শাহ্ মাখদুম (রহ.) কিছু অনুসারী নিয়ে ধ্যানমগ্ন হয়ে ইবাদত করতেন। দিন দিন তাঁর অনুসারীর সংখ্যা বাড়তে থাকে। তাঁর মাধ্যমে অধিক সংখ্যক মানুষ ইসলাম ধর্মে দীক্ষা লাভ করে। কেউ কেউ মনে করে তিনি আধ্যাত্মিক ক্ষমতাবলে সমস্যার সমাধান করতেন।

(ক) আহলুস সুফফা কারা? ১

(খ) 'যে নিজেকে চিনেছে, সে চিনেছে তার রবকে '-কথাটি বুঝিয়ে লেখো। ২

(গ) শাহ্ মাখদুম (রহ.)-এর মধ্যে কোন ইবাদতের পরিচয় পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩

(ঘ) মানবীয় সমস্যা সমাধানে মহান আল্লাহর কাছে উক্ত ইবাদতভিত্তিক প্রার্থনা কি কার্যকর ভূমিকা রাখতে পারে? তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

পাংশা সরকারি কলেজ।

## ইসলাম শিক্ষা ২য় পত্র

### সৃজনশীল প্রশ্ন

সময়: ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান:৭০

[ দ্রষ্টব্য ঃ ডান পার্শের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। নাফিজা এক জন কলেজ ছাত্রী। তার বাবা এক জন ধর্মীয় শিক্ষক। সে ইসলামি আচার-আচরণ ও বিধি-বিধান মেনে চলতে সচেষ্ট থাকতেন। তার বান্ধবী নাদিয়া একদিন তাদের বাসায় বেড়াতে এসে অনৈসলামিক পোষাকে নাফিজার বাবার সামনে আসলে তিনি নাদিয়াকে বলেন, "মা ইসলামি পোষাক নারীকে যেমন শালীন করে,তেমনি সবার কাছে মান-মর্যাদাও বৃদ্ধি করে।" মহানবি (সঃ) বলেন,

( )

(ক) হাদিস ( ) শব্দের অর্থ কি ? ১

(খ) হাদিসে কুদসীর পরিচয় দাও। ২

(গ) নাফিজার চরিত্রে কোন দিকটি ফুটে উঠেছে ? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দিপকে বর্ণিত হাদিসের আলোকে নাফিজার বাবার বক্তব্যের যর্থাথতা মূল্যায়ণ করো।৪

২। দুই বন্ধু করিম ও শফিক ইবাদত নিয়ে কথা বলছিল । করিম বলল-ইবাদতের শ্রেষ্ঠ রুপ হলো বান্দার

পুতঃপবিত্র অবস্থায় নিঃশঙ্কচিত্তে সুনির্দিষ্ট সময়ে আল্লাহর দরবারে আত্মসমর্পণ করা। এটি মুমিনদের জন্য মিরাজ স্বরুপ। তখন শফিক বলল, ইসলাম আনুষ্ঠানিক ইবাদতেও গুরুত্ব দিয়েছে। যেমন বান্দা আত্মার পরিশুদ্ধি ,বিশ্বসাম্য ও ভ্রাতৃত্ব প্রতিষ্ঠা,আত্মত্যাগ ও অর্থের মোহ ত্যাগের পরাকাষ্ঠা দেখায়। বহুমাতৃক এ ইবাদত বিশ্বশান্তি, সংহতি ও বহু সংস্কৃতির মে

(ক) ইবাদত অর্থ কি ? ১

(খ) "যাকাত কর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক "। – ব্যাখ্যা করো। ২

(গ) করিম কোন মৌলিক ইবাদতের প্রতি ইঙ্গিত করেছে ?ব্যাখ্যা করো। ৩

(ঘ)শফিকের উক্তি "বহুমাত্রিক এ ইবাদত বিশ্বশান্তি, সংহতি ও বহু সংস্কৃতির মেলবন্ধন"–বিশ্লেষণ করো। ৪

৩। ধনাঢ্য ব্যবসায়ী আরিফ সাহেব গ্রামে আসলে নামাজ কালাম পড়েন এবং দান সদকাহ্ করেন।অন্য দিকে তিনি তাঁর ব্যবসায়ী বন্ধুদের সাথে ঢাকা শহরে থাকলে নামাজ কালাম তো দূরের কথা আরো নানা প্রকার অপরাধমূলক কর্মকান্ডে জড়িয়ে পড়েন।তিনি তার বাল্যবন্ধু মালেককে বলেন, সফলতা অর্জন করতে হলে আমার সাথে যোগ দাও। মালেক বলল,কেবল প্রাচুর্য ও বিলাসিতায় তো সফলতা নির্ভর করে না বরং সফলতা প্রাপ্তি কতিপয় গুণাবলী অর্জনের উপর নির্ভরশীল যা পবিত্র কুরআনে সুরা বাকারার শুরুতে বর্ণিত আছে। তাদের ব্যাপারে আল্লাহ্তায়ালা বলেনঃ ()


(ক)কুরআন শব্দের অর্থ কি? ১

(খ)আলকোরআন একটি পূর্ণাঙ্গ জীবন বিধান বুঝিয়ে লিখ। ২

(গ)আরিফের চরিত্র পবিত্র কুরআনের আলোকে ব্যাখ্যা কর। ৩

(ঘ)মালেকের বক্তব্যের সাথে তুমি কি একমত?তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর।৪

৪।




ক. ইমাম আবু হানিফা (রহ.) কত হিজরীতে জন্ম গ্রহন করেন? ১

খ. ফিক্হ শাস্ত্রের পরিচয় দাও। ২

গ. উদ্দীপকে ছকের চিহ্নিত "?" স্থানে কি হবে ? তার আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকে জিজ্ঞাসা চিহ্নিত স্থানের বিষয়টি ছকে তিনটি প্রসঙ্গে সমীবদ্ধ নয়।"– বিশ্লেষণ করো। ৪

৫ । আসিফ একজন ছাত্র। সে একটি অবৈধ বিপণন গ্রুপের সাথে সম্পর্ক করে প্রতি ৩/৪ মাস পরপর রক্ত বিক্রয় করে। একদিন তার কলেজে বিনামূল্যে রক্তদান কর্মসূচি চলাকালে তার বন্ধু রিয়াদ রক্ত দিলে আসিফ তাকে বলল, দোস্ত বিনামূল্যে রক্ত দিয়ে লাভ কি?তুই একমত হলে আমি তোকে টাকার বিনিময়ে রক্ত দেয়ার ব্যবস্থা করে দিতে পারি। রিয়াদ বলল রক্ত বিক্রয় করা শরিয়ত সমর্থন করে না ।তখন আসিফ বলল,আমার রক্ততো আমারই আমি চাইলে বিক্রয় করব এবং চাইলে রেখে দেব। এতে শরিয়তের সমস্যা কোথায় ? রিয়াদ বলল, ইসলামি আইনের তৃতীয় উৎসের মাধ্যমে প্রমাণিত কোন মুমিন তার দেহ বা দেহের অঙ্গ প্রত্যঙ্গ নিজে ব্যবহার করবে কিংবা নিঃস্বার্থ ভাবে পরের কল্যাণে প্রদান করবে।

(ক)ইসলামিআইনেরউৎসকয়টি? ১

(খ)'রুখসাতকেইজমায়েছুকুতিবলেআখ্যায়িতকরা যায় কি?বর্ণনা কর। ২

(গ)রিয়াদের বক্তব্যে রক্ত বিক্রয় নিষিদ্ধ হওয়ার ভিত্তি কি? ব্যাখ্যা করো। ৩

(ঘ) আসিফের কর্মকান্ডে সমাজে কোন ধরনের প্রভাব পড়তে পারে? বিশ্লেষণ করো। ৪

**৬। জনাব আলম একজন সম্পদশালী ব্যক্তি। তিনি একটি মৌলিক ইবাদত পালনের উদ্দেশ্য সস্ত্রীক একটি বিশেষ দেশে গমন করেন। ইবাদত শেষে দেশে ফিরলে তার প্রতিবেশি জনাব রশিদ বলেন "এ ইবাদতে আর্থিক ও আত্মিক ত্যাগের শিক্ষারয়েছে"।**

**(ক) মৌলিক ইবাদত কি ? ১**

**(খ) "যাকাত সম্পদের প্রবৃদ্ধি ঘটায়"–ব্যাখ্যা কর। ২**

**(গ) জনাব আলম যে ইবাদত পালন করছে তার গুরুত্ব ব্যাখ্য কর। ৩**

**(ঘ) উদ্দীপকে উল্লেখিত জনাব রশিদের মন্তব্য পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৪**

৭। " আমার বান্দার প্রতি আমি যা অবতীর্ণ করেছি তাতে যদি তোমাদের কোন সন্দেহ থাকে, তাহলে এর মতো একটি সুরা রচনা করে নিয়ে এসো।"

(ক) 'কুলব ' শব্দের অর্থ কি ? ১

(খ) মুত্তকিদের গুণাবলী সংক্ষেপে লিখ। ২

(গ) উদ্দীপকে আয়াতে কি বোঝানো হয়েছে ব্যাখ্যা কর। ৩

(ঘ)উদ্দিপকে যে চ্যালেঞ্জ করা হয়েছে , কারও পক্ষে তা গ্রহণ করা সম্ভব কি-না ? ব্যাখ্যা কর ৪

৮। দুই বন্ধু রফিক ও শফিক ইবাদত নিয়ে কথা বলছিল । রফিক বলল-ইবাদতের শ্রেষ্ঠ রুপ হলো বান্দার পুতঃপবিত্র অবস্থায় নিঃশঙ্ক চিত্তে সুনির্দিষ্ট সময়ে আল্লাহর দরবারে আত্মসমর্পণ করা। এটি মুমিনদের জন্য মিরাজ স্বরুপ। তখন শফিক বলল, ইসলাম আনুষ্ঠানিক ইবাদতের গুরুত্ব দিয়েছে। যেমন বান্দা আত্মার পরিশুদ্ধি ,বিশ্বসাম্য ও ভ্রাতৃত্ব প্রতিষ্ঠা,আত্মত্যাগ ও অর্থের মোহ ত্যাগের পরাকাষ্ঠা দেখায়। বহুমাতৃক এ ইবাদত বিশ্বশান্তি, সংহতি ও বহু সংস্কৃতির মেলবন্ধন।

(ক)ইবাদতঅর্থকি? ১

(খ)"যাকাত কর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক "। – ব্যাখ্যা করো। ২

(গ) রফিক কোন মৌলিক ইবাদতের প্রতি ইঙ্গিত করেছে ? ব্যাখ্যা করো। ৩

(ঘ) শফিকের উক্তি"বহুমাত্রিক এ ইবাদত বিশ্বশান্তি, সংহতি ও বহু সংস্কৃতির মেলবন্ধন"বিশ্লেষণ করো। ৪

৯। প্রফেসর মোঃআসাদুল্লাহ তার ক্লাসে শিক্ষার্থীদের বললেন,"ইসলামের বিস্তৃতিতে নতুন নতুন সমস্যার উদ্ভব হলে এর সমাধানকল্পে ইসলামি পন্ডিতগণ কঠোর সাধনা করে বিভিন্ন মাসয়ালা উদ্ভাবন করেন। কিন্তু নানা বিষয়ে তারা একমত হতে নাপারায় কয়েকটি ধারায় সৃষ্টি হয়।এদের একদল ছিলেন সিদ্ধান্ত গ্রহণে রক্ষণশীল । তারা কুরআন হাদিসের পাশাপাশি মদিনাবাসী সাহাবাদের আমলকে গুরুত্ব দিতেন।

ক.মাযহাবকয়টিওকিকি? ১

খ. ফিকহ শাস্ত্রের পরিচয় দাও। ২

গ. উদ্দীপকে কোন মাযহাবের কথা বলা হয়েছে– ব্যাখ্যা কর ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত মুসলিম পন্ডিতদের সাধনা ইসলামি শরিয়ায় কীরূপ প্রভাব ফেলে ? বিশ্লেষণ কর।৪

১০। হাফছা এক জন কলেজ ছাত্রী। তার বাবা এক জন ধর্মীয় শিক্ষক। সে ইসলামি আচার-আচরণ ও বিধি-বিধান মেনে চলতে সচেষ্ট থাকতেন। তার বান্ধবী নাদিয়া একদিন তাদের বাসায় বেড়াতে এসে অনৈসলামিক পোষাকে নাফিজার বাবার সামনে আসলে তিনি নাদিয়াকে বলেন, "মা ইসলামি পোষাক নারীকে যেমন শালীন করে,তেমনি সবার কাছে মান-মর্যাদাও বৃদ্ধি করে।" মহানবি (সাঃ) বলেন,

(ক)মুত্তাকি ( ) শব্দের অর্থ কি ? ১

(খ) হাদিসে কুদসীর পরিচয় দাও। ২

(গ) হাফছার চরিত্রে কোন দিকটি ফুটে উঠেছে ? ব্যাখ্যা কর। ৩

(ঘ)উদ্দিপকে বর্ণিত হাদিসের আলোকে হাফছা বাবার বক্তব্যের যর্থাথতা মূল্যায়ণ করো। ৪

১১ । আসিফ একজন ছাত্র। সে একটি অবৈধ বিপণন গ্রুপের সাথে সম্পর্ক করে প্রতি ৩/৪ মাস পরপর রক্ত বিক্রয় করে। একদিন তার কলেজে বিনামূল্যে রক্তদান কর্মসূচি চলাকালে তার বন্ধু রিয়াদ রক্ত দিলে আসিফ তাকে বলল, দোস্ত বিনামূল্যে রক্ত দিয়ে লাভ কি?তুই একমত হলে আমি তোকে টাকার বিনিময়ে রক্ত দেয়ার ব্যবস্থা করে দিতে পারি। রিয়াদ বলল রক্ত বিক্রয় করা শরিয়ত সমর্থন করে না ।তখন আসিফ বলল,আমার রক্ততো আমারই আমি চাইলে বিক্রয় করব এবং চাইলে রেখে দেব। এতে শরিয়তের সমস্যা কোথায় ? রিয়াদ বলল, ইসলামি আইনের তৃতীয় উৎসের মাধ্যমে প্রমাণিত কোন মুমিন তার দেহ বা দেহের অঙ্গ প্রত্যঙ্গ নিজে ব্যবহার করবে কিংবা নিঃস্বার্থ ভাবে পরের কল্যাণে প্রদান করবে।

**(ক) ইমানের শাখা কয়টি ? ১**

(খ)'রুখসাতকেই জমায়েছুকুতি বলে আখ্যায়িত করা যায় কি? বর্ণনা কর। ২

(গ)রিয়াদের বক্তব্যে রক্ত বিক্রয় নিষিদ্ধ হওয়ার ভিত্তি কি? ব্যাখ্যা করো। ৩

(ঘ) আসিফের কর্মকান্ডে সমাজে কোন ধরনের প্রভাব পড়তে পারে? বিশ্লেষণ করো। ৪

পাংশা সরকারি কলেজ।

[illegible]

## ইসলাম শিক্ষা ২য় পত্র

### বহুনির্বাচনী অভিক্ষা

সময়: ৩০ মিনিট পূর্ণমান-৩০

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনী অভিক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। 'খারাজ ' শব্দের অর্থ কি?

(ক) ভূমি রাজস্ব (খ) যুদ্ধে অর্জিত সম্পদ
(গ) সাদাকাহ (ঘ) ব্যবসা

২। ইসলাম শব্দের অর্থ কি-

(ক) সালাম প্রদান করা (খ) অনুসরন করা
(গ) আত্মসমর্পণ করা (ঘ) দোয়া করা

নিচের উদ্দিপকের আলোকে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।

রেজওয়ান তার স্ত্রীকে গৃহের মধ্যে আবদ্ধ রাখেন। তিনি মনে করেন,নারীদের শুধু সন্তান দেখাশোনা ও গৃহস্থলীর কাজে নিয়োজিত থাকা উচিত। সামাজিক কাজে তাদের কোন অবদান নেই। তার বন্ধু বকুল এতে দুঃখ পান এবং নিম্নের আয়াতটি পাঠ করে শোনান-"পুরুষেরা যা কিছু উপার্জন করল তা তাদেরই অংশ হবে,আর নারীরা যা কিছু উপার্জন করল তাও তাদেরই অংশ হবে।"

৩। বকুল উল্লিখিত আয়াতের মাধ্যমে কী বোঝাতে চেয়েছেন?

(ক) নারীর ক্ষমতায়ন (খ) নারী মুক্তির আন্দোলন
(গ) নারী-পুরুষ পরস্পর সম্পুরক (ঘ) নারী স্বাধীনতা

৪। বর্ণিত উদ্দিপকে নারীদের সম্পর্কে রেজওয়ান ধ্যান- ধারণা-

i. নারীর জন্য ক্ষতিকর ii. ইসলামি শরীয়তের প্রতিফলন ঘটায় iii.ভারসাম্যপূর্ণ উন্নয়নের অন্তরায়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i , ii ও iii

৫। আদল ( ) শব্দের অর্থ কি?

(ক) ভরসা করা (খ) আল্লাহভীতি (গ) কৃতজ্ঞতা (ঘ) ন্যায়বিচার

৬। নৈতিক ও মানবিক জীবন গঠনে সর্বাধিক ভূমিকা -

(ক) পরিবারের (খ) সমাজের (গ) রাষ্ট্রের (ঘ) সরকারের

৭। "হালাল উপাজর্ন ফরজের পরের ফরজ"-এটি কার বাণী?

(ক) আল্লাহর (খ) হযরত মুহাম্মদ (সঃ) এর (গ) ওমর (রাঃ) এর (ঘ) উমর বিন আব্দুল আযীয (রঃ)

৮। পার্শবর্তী কত ঘর পর্যন্ত প্রতিবেশী ?

(ক) ৩০ (খ) ৪০ (গ) ৫০ (ঘ) ৬০

৯। পৃথিবীতে প্রথম নবী কে?

(ক) হযরত নূহ (আঃ) (খ) হযরত লুত (আঃ) (গ) হযরত আদম (আঃ) (ঘ) হযরত শীষ (আঃ)

১০। উশর কি?

(ক) ভূমির কর (খ) সরকারি জমির রাজস্ব (গ) অমুসলিমদের কর (ঘ) আমদানি ও রপ্তানি শুল্ক

১১। 'সাংস্কৃতি'র আরবি প্রতিশব্দ হলো -

i. তামাদ্দুন ii.তাহযীব iii. সাকাফাহ

নিচের কোনটি সঠিক?

(ক) iও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i.ii ও iii

১২। হারাম অর্থ কি?

(ক) বৈধ (খ) অবৈধ (গ) নিন্দনীয় (ঘ) অপছন্দ

১৩।'হুব্বুল ওতানে' ( ) দিয়ে কি বোঝায় ?

(ক) কৃতজ্ঞতাবোধ (খ) ধৈর্যধারণ (গ) দেশপ্রেম (ঘ) নির্ভরশীলতা

নিচের উদ্দিপকের আলোকে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও ঃ

জনাবশফিক পিতার মৃত্যুর পর ভাই-বোনদের মধ্যে সম্পদ বন্টন করে দিতে চাইলেন । তার ভাই সোহেল বাধা দিয়ে বললেন ,বোনেরা সম্পতি পাবে না । সম্পত্তির মালিক আমরা ভাইয়েরা । তারপরও জনাব শফিক বোনদের বাবার সম্পতি বুঝিয়ে দিলেন। কিছুদিন পর সোহেল এক বোনের জমি জবর দখল করে নিজের নামে লিখে নেন এবং তাতে ভবণ নির্মাণ করেন

১৪। সোহেল এর কর্মকাণ্ডে প্রকাশ পেয়েছে?

(ক) জিহাদ (খ) প্রতারণা (গ) ডাকাতি (ঘ) অধিকার হরণ

১৫। জনাব শফিক সাহেবের কর্মকাণ্ড সমাজ -

i.কলহ বৃদ্ধি করছে ii.পারস্পরিক সু-সম্পর্ক বৃদ্ধি করবে iii.ন্যায়বিচার প্রতিষ্ঠা করবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i.ii ও iii

১৬। রিবা শব্দের অর্থ কি ?

(ক) ঘুষ (খ) উৎকোচ
(গ) বৃদ্ধি (ঘ) সহজ উপার্জন

১৭। অহি শব্দের অর্থ কি?

(ক) ঘোষণা করা ( খ) হৃদয়ঙ্গম করা (গ)কালাম
(ঘ) প্রত্যাদেশ

১৮। সূরা বাকারা কোন প্রকারের সূরা ?

(ক) মাক্কি (খ) মাদানী (গ) মক্কী-মাদানি
(ঘ) হাশেমি

নিচের উদ্দীপকের আলোকে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও ঃ

জনাব শরীফ সাহেব মন্তব্য করেন যে ,ফিকহ শাস্ত্র উদ্ভাবন একটি নতুন বিষয়। রাসূল (সাঃ) এর সময় এ শাস্ত্র ছিল না । তাই ইসলাম জানা ও মানার জন্য পবিত্র কুরআন ও হাদিসই যথেষ্ট ।

১৯। জনাব শরীফ সাহেব ফিকহ শাস্ত্রকে কী হিসেবে আখ্যায়িত করেছেন ?

(ক) ফরজ (খ) সুন্নাত
(গ) বিদআত (ঘ) হারাম

২০। জনাব শরীফ সাহেবের করণীয় –

i . ফিকহ শাস্ত্র অধ্যয়ণ করা ii. ফিক্হ শাস্ত্রের আনুসরণ করা iii. নিজের মতামতকে প্রাধান্য দেওয়া

নিচের কোনটি সঠিক ?

(ক) i (খ) i ও ii (গ) ) ii ও iii (ঘ) i.ii ও iii

২১। ফিকহ শাস্ত্রের উৎস কয়টি ?

(ক) ৪টি (খ) ৫টি (গ) ৬টি (ঘ) ৭টি

২২। সর্বশ্রেষ্ঠ আসমানি কিতাব কোনটি ?

(ক) আল-কোরআন (খ) তাওরাত (গ) যাবুর (ঘ) ইঞ্জিল

২৩। ইমাম মালেক (রঃ) রচিত গ্রন্থ কোনটি ?

(ক) কিতাবুল মানাসিক (খ) আর রিসালাহ
(গ) আল-মুয়াত্তা (ঘ) কুতুবে হানাফিয়া

২৪। ইমাম আবু হানিফা (রঃ) জন্মগ্রহন করেন–

(ক) কুফায় (খ) বসরায় (গ) মদিনায় (ঘ) বাগদাদে

২৫ সাওম দিনের বেলা মানুষকে বিরত রাখে–

i . পানাহার থেকে ii. পার্থিব কাজকর্ম থেকে iii. যৌনকর্ম থেকে

নিচের কোনটি সঠিক ?

(ক) i (খ) i ও ii (গ) ) ii ও iii (ঘ) i.ii ও iii

নিচের উদ্দিপকের আলোকে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও ঃ

জনাব আকরাম প্রতিবছর একটি নিদিষ্ট মাসে দিনের বেলা পানাহার এবং সকল পাপাচার থেকে বিরত থাকেন। অপর দিকে জনাব আলী প্রতিবছর সম্পদের শতকরা আড়াই ভাগ অসহায় দরিদ্রসহ নিদিষ্ট আটটি খাতে ব্যয় করেন।

২৬। জনাব আকরামের ইবাদত কোনটি?

(ক) সালাত (খ) সাওম (গ) হজ্ব (ঘ) যাকাত

২৭। জনাব আলীর কার্যক্রমের ফলে–

i. নতুন সমস্যার সমাধান হবে

ii. দারিদ্র বিমোচন হবে

iii. সামাজিক সম্প্রীতি বৃদ্ধি পাবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i , ii ও iii

২৮। ইসলামের স্তম্ভ কয়টি?

(ক) ৪ (খ) ৫ (গ) ৬ (ঘ) ৭

২৯। আয়াতংশে হুদা ( ) অর্থ কি ?

(ক) আলো (খ) পথপ্রদর্শক (গ) নিদশন (ঘ) উপদেশ

৩০। যাকাত শব্দের অর্থ কি ?

(ক) পরহেজগারিতা (খ) সংকল্প করা (গ) যুদ্ধ করা (ঘ) বৃদ্ধিকরণ

-০- -০- -০-

## পাংশা সরকারি কলেজ

## ইসলাম শিক্ষা ১ম পত্র

### সৃজনশীল প্রশ্ন

সময়: ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান:৭০

[ দ্রষ্টব্য : ডান পার্শ্বের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। জনাব আবদুল্লাহ সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন।তিনি দীর্ঘদিন বিদেশে জীবন কাটিয়ে গ্রামে ফিরেছেন। তবে তার ধর্মীয় নীতিতে, খাদ্যাভ্যাস, বেশভূষা এসব ব্যাপারে কোনো আপোস করেনি তার বন্ধু আব্দুল মতিন বললেন, তুমি তো সেকেলেই রয়ে গেছ। উত্তরে তিনিবললেন, মহানবি (সা:) এর একটি হাদিস আমার এ কাজে উদ্বুদ্ধ করেছে তা হলো" যে ব্যক্তি অন্য কোনো জাতিরঅনুকরণ করে সে তাদেরই অন্তর্ভুক্ত বলে গণ্য হবে।"

ক) সংস্কৃতির আরবি প্রতিশব্দ ? ১
খ) 'ইসলাম ও নৈতিকতা পরস্পর পরিপূরক' ব্যাখ্যা কর। ২
গ) জনাব আব্দুল মতিনের বক্তব্য কতটুকু যৌক্তিক ? ব্যাখ্যা কর। ৩
ঘ) জনাব আবদুল্লাহর চরিত্রে ইসলামের কোন দিকটি ফুটে উঠেছে ? পাঠ্যপুস্তকের আলোকে এটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

২। 'ক' একটি গ্রামের নাম । গ্রামের মসজিদের আঙ্গিনায় একটি ঘর। এখানে মওলানা একরামূল সাহেব সকাল বেলা শিশুদেরকে কুরআন শিক্ষা দেন ।এছাড়াও শিশুদের নামাজ আদায় করার নিয়ম, পরস্পর দেখা হলে সালাম দেওয়া, কাজের শুরুতে বিসমিল্লাহ বলা, খাওয়ার শেষে আল্লাহর শুকরিয়া আদায় করা ইত্যাদি বিষয় শিক্ষা দেন, যাতে গ্রামের শিশুরা ভবিষ্যতে সুনাগরিক হিসেবে জীবন গড়তে পারে ।

ক)" ইলম" শব্দের অর্থ কি? ১
খ) "জ্ঞান অর্জন পত্যেক মুসলিম নরনারীর ওপর ফরজ" ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকে বর্ণিত গ্রামের মসজিদের ঘরটি তোমার পঠিত বইয়ের কোন বিষয়ের সাথে মিল রয়েছে। ব্যাখ্যা কর । ৩
ঘ) জনাব মাওলানা একরামূল সাহেবের শিক্ষায় যে বিষয়টি ফুটে উঠেছে তার সামাজিক গুরুত্ব বিশ্লেষণ কর । ৪
৪

৩।আলিম ও নাহিদ দুজন প্রতিবেশি । নাহিদ সদ্য বিবাহ করেছে ।দু'জনের দাম্পত্য জীবন ভালই চলছিল । হঠাৎ সংসারে অভাব দেখা দেওয়ায় নাহিদ তার শ্বশুর বাড়ি থেকে অর্থ আনার জন্য স্ত্রীকে শ্বশুর বাড়ি পাঠিয়ে দেয় । বিভিন্ন ভাবে স্ত্রীকে চাপ দিতে থাকে। অপরপক্ষে আবদুল্লাহ বলেন, তার এমন একটি পরিবারের সাথে সুসম্পর্ক রয়েছে , যে পরিবারের সকল সদস্য প্রত্যেককে সম্মান,শ্রদ্ধা ও স্নেহ করে। তাদের মধ্যে মায়া মমতা ও ভালোবাসার কোনো রকম ঘাটতি নেই । এবং পরিবারের প্রতিটি সদস্য আল্লাহর বিধান মেনে জীবন পরিচালনা করে।

ক) ইসলামি পরিবার কি? ১
খ) 'আল্লাহ ব্যবসাকে হালাল করেছেন এবং সুদকে হারাম করেছেন"-ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকের আলোকে নাহিদের আচরণে যা ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর । ৩
ঘ) আলিম কিসের প্রতি ইঙ্গিত করেছে উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর । ৪

৪। জনাব মান্নান ও মিসেস মান্নান এর একমাত্র সন্তান নাঈম। প্রাচুর্যে ও আদরে সে বড় হয়েছে। কিন্তু আদব-কায়দা শিষ্টাচারের অভাব । ধর্মীয় বিধিবিধান যেমন

মানে না তেমনি শরিয়তের শিক্ষাও তার নেই ।নাঈম বর্তমানে সংসারে কোনো সময় দেয় না । পিতামাতা কোনো কথা বললে তাদের সাথে খারাপ আচরণ করে । শেষ বয়সে সন্তানের কারণে সমাজে তাদের অপমান অপদস্ত হতে হচ্ছে।

ক) "আখলাক" শব্দের অর্থ কি ? ১
খ)"ইসলামি পরিবার একটি শিক্ষালয়" ব্যাখ্যা কর। ২
গ) জনাব হাসানওমিসেস হাসান কী দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছেন?ব্যাখ্যা কর।৩
ঘ) নাইমের কর্মকাণ্ড তুমি কি সমর্থন কর ? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর।৪

৫। আব্দুস সালাম গোপালপুর ইউনিয়নের চেয়ারম্যান । তার আচার- আচরণ ও ইনসাফের কারণে বিগত চারবার তিনি একই পদে নির্বাচিত হয়েছেন। তার স্ত্রী নাছিমা একদিন চেয়ারম্যান এর সাথে আলাপচারিতায় জানান, পাশের বাড়ির কামরুলের বোনের আচরণ ও চলাফেরা ভাল নয়। হঠাৎ একদিন চেয়ারম্যানের নিকট বিচার আসল, তার প্রতিবেশি কামাল সাহেব ফরমালিন মিশিয়ে মাছ বিক্রি করে। তখন চেয়ারম্যান বিষয়টি খতিয়ে দেখবেন বলে জানান ।

ক) সুদ কি? ১
খ) " আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারি জান্নাতে প্রবেশ করতে পারবে না"–ব্যাখ্য করো। ২
গ) কামাল সাহেবের কর্মটি চিহ্নিত কর এবং এর সামাজিক কুফল বিশ্লেষণ কর। ৩
ঘ) উদ্দীপকে নাসিমার আলাপচারিতায় সামাজিক জীবনের কোন দিকটি ফুটে উঠেছে ? ব্যাখ্যা কর। ৪

৬। নিসার আলী একজন দরিদ্র কিন্তু সৎ কৃষক। তার একটি গাভি আছে। গাভির দুধ বিক্রি করে তিনি কোনরকমে সংসার চালান। তার সংসারে অভাব অনটন লেগেই থাকে। এতে তাঁর স্ত্রী শর্মিলা বিরক্ত হয়ে অতিরিক্ত আয়ের জন্য মাঝে মধ্যে দুধের সাথে পানি মিশিয়ে ও ওজনে কম দিয়ে বিক্রি করতে বলে। কিন্তু নিসার আলী তার স্ত্রীকে বুঝিয়ে বলেন, 'মানুষকে ফাঁকি দেওয়া গেলেও আল্লাহর দৃষ্টিকে ফাঁকি দেওয়া সম্ভব নয়। আল্লাহ মানুষের সব কিছু দেখেন ও জানেন।

(ক) সব পাপের মূল কি ? ১
(খ) 'স্বামী-স্ত্রী একে অপরের পরিপূরক' – ব্যাখ্যা করো। ২
(গ) শর্মিলার চরিত্রে কোন দিকটি ফুটে ওঠেছে? ব্যাখ্যা করো । ৩
(ঘ) জনাব নেসার আলীর বক্তব্যে কোন বিষয়টি প্রকাশ পেয়েছে? মানবজীবনে এর প্রভাব বিশ্লেষণ করো। ৪

৭। আব্দুল করিম গ্রামে বসবাস করে । তার ছেলে মেয়ে প্রতিদিন সকালে একটি প্রতিষ্ঠানেপড়তে যায়। সেখানে কুরআন তেলাওয়াত,ও বিভিন্ন দোয়া শিক্ষা দেন। অপরদিকে মোঃ রেজাউল শহরে বাস করেন তাঁর ছেলে হুযাইফা ও মেয়ে মুনিয়া সকাল বেলা গাড়িতে করেস্কুলে যায়। সেখানে গুড মুর্নিং, গুডড ইভনিং ইত্যাদি শেখানো হয়।

ক) তাকওয়া শব্দের অর্থ কি ? ১
খ) ইসলাম শিক্ষা তাওহীদ ভিত্তিক ব্যাখ্যা কর। ২
গ) আব্দুল করিম ছেলে কোন ধরনের প্রতিষ্ঠানে পড়তে যায় ? তোমার পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩
গ) হুযাইফা ও মুনীয়া শিক্ষাব্যবস্থার ত্রুটিগুলো উল্লেখপূর্বক এর সামাজিক প্রভাব মূল্যায়ন কর। ৪

৮। আইয়ান ও বেলাল দুই বন্ধু। আইয়ান খুব নারীবিদ্বেষী। কথায় কথায় নারীদের হেয় প্রতিপন্ন করার চেষ্টা করে। কিন্তু বেলাল তার বিপরীত। বেলাল আইয়ানকে বললো,আমরা মুসলমান,আমাদের প্রিয়নবি (সঃ) নারীদের সম্মান করতে শিখিয়েছেন। আমরা তাঁর উম্মত হিসেবে নারীদের প্রতি আমাদের সম্মানবোধ থাকা উচিত।

(ক) উম্মাহ শব্দের অর্থ কি? ১
(খ)" মিথ্যা মানুষকে ধ্বংস করে "ব্যাখ্যা কর। ২
(গ) উদ্দিপকে আইয়ান আচরণ শরিয়তের আলোকে কীরূপ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) তুমি কি মনে করো ইসলামের দৃষ্টিতে বেলালের উক্তিটি যৌক্তিক? বিশ্লেষণ করো। ৪

৯। জনাব রায়হান একজন উচ্চপদস্থ কর্মকর্তা। তিনি নিয়মিত সালাতসহ ইসলামের অন্যান্য বিধিবিধানাবলি পালন করে থাকেন। কিন্তু ঘুষ নেওয়া ছাড়া তিনি অফিসের কোন ফাইল সই করে না। ইমাম সাহেব জানার পর মন্তব্য করলেন, " ইবাদতের পূর্বশর্ত হালাল উপার্জন।"

ক) "আমল" শব্দের অর্থ কি ? ১
খ) "সত্য মুক্তি দেয় মিথ্যা ধ্বংস করে" ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকে জনাব রায়হান উপার্জন কীরূপ ? ব্যাখ্যা কর। ৩
ঘ) ইমাম সাহেবের মন্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪

১০। সমসপুর একটি ঐতিহ্যবাহী গ্রাম। সেখানে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ বসবাস করে। তাদের সুনাম চারিদিকে ছড়িয়ে থাকলেও বর্তমানে ঐ গ্রামে মদ,জুয়া, চুরিসহ বিভিন্ন প্রকার অন্যায় ও অশ্লীল কর্মকান্ডের বিস্তার ঘটে। অধ্যাপক আনোয়ার সাহেব এলাকার কয়েকজন যুবককে সাথে নিয়ে বিভিন্ন প্রেরণা ও সদুপদেশের মাধ্যমে গ্রামবাসিকে সচেতন করেন।

ক) গিবত কি? ১
খ)'আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারী জান্নাতে প্রবেশ করবেনা।'-ব্যাখ্যাকর। ২
গ) অধ্যাপক আনোয়ারের কর্মকাণ্ডে ইসলামের কোন দিকটি ফুটে উঠেছে ? ব্যাখ্যা কর। ৩

১১। মহানবি হযরত মোহাম্মদ (সাঃ) মিরাজ রজনীতে মহান আল্লাহর দিদার লাভ করেন । এবং উম্মতের জন্য প্রতিদিন পাঁচবার আদায়যোগ্য একটি ইবাদত নিয়ে আসেন । পবিত্র কুরআনে আল্লাহ বলেন, " তিনি জ্বীন ও মানুষকে সৃষ্টি করেছেন তাঁর ইবাদত করার জন্য" ।

(ক) ইমানের শাখা কয়টি ? ১

(খ) 'সালাত জান্নাতের চাবি ' বুঝিয়ে লিখ । ২

(গ) " নিশ্চয় নামাজ মানুষকে খারাপ ও মন্দ কাজ থেকে বিরত রাখে" পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকের আলোকে সালাতের সামাজিক গুরুত্ব বিশ্লেষণ কর । ৪

## পাংশা সরকারি কলেজ

## ইসলাম শিক্ষা ১ম

### বহুনির্বাচনী অভিক্ষা

সময়: ৩০ মিনিট পূর্ণমান-৩০

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনী অভিক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান-১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। "হালাল উপার্জন ফরজের পরের ফরজ"–এটি কার বাণী?
(ক) আল্লাহর (খ) হযরত মুহাম্মদ (সঃ) এর (গ) ওমর (রাঃ) এর (ঘ) উমর বিন আব্দুল আযীয (রঃ)

২। ইসলাম শব্দের অর্থ কি ?
(ক) সালাম প্রদান করা (খ) অনুসরন করা
(গ) আত্মসমর্পন করা (ঘ) দোয়া করা

৩। ইমাম আবু হানিফা (রঃ) জন্মগ্রহন করেন–
(ক) কু ফায় (খ) বসরায় (গ) মদিনায় (ঘ) বাগদাদে

৪। 'সাংস্কৃতি'র আরবি প্রতিশব্দ হলো -
i. তামাদ্দুন ii.তাহযীব iii. সাকাফাহ
নিচের কোনটি সঠিক?
(ক) iও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i.ii ও iii

৫। আদল ( ) শব্দের অর্থ কি?
(ক) ভরসা করা (খ) আল্লাহভীতি (গ) কৃতজ্ঞতা (ঘ) ন্যায়বিচার

৬। 'উশর ' শব্দের অর্থ কি?
(ক) অর্ধাংশ ( ১/২) (খ) এক পঞ্চমাংশ ( ১/৫ )
(গ) এক দশমাংশ (১/১০) (ঘ) পনের ভাগের একভাগ ( ১/১৫)

৭। যাকাত ব্যয়ের খাত কয়টি?
(ক) ৮টি (খ) ৯টি (গ) ১১টি (ঘ) ১২টি

৮। আল-কুরআনে সুরার সংখ্যা কত ?
(ক) ৮৬ (খ) ৯২ (গ) ১১৪ (ঘ) ১২৪

৯। ছেলেমেয়েদের প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা লাভের স্থানকে বলা হয়
(ক) মাসজিদ (খ) মক্তব (গ) স্কুল (ঘ) কলেজ

১০। " তাঁদের অন্তর সমূহের মধ্যে ব্যাধি ।" এখানে কাদের কথা বলা হয়েছে ?
(ক) মুনাফিক (খ) কাফির (গ) ফাসিক (ঘ) জালিম

১১। ইমাম সাহেব নেতৃত্ব দেবেন-
i. ইবাদতে ii নৈশ বিদ্যালয়ে iii.সামাজিক কর্মকাণ্ডে
নিচের কোনটি সঠিক?
(ক) iও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i.ii ও iii

১২। আলিমগণ কাদের ওয়ারিশ ?
(ক) নবিদের (খ) ফেরেশতাদের (গ) ফকিহদের (ঘ) দরবেশদের

১৩ 'হুব্বুল ওতানে' ( ) দিয়ে কি বোঝায় ?
(ক) কৃতজ্ঞতাবোধ (খ) ধৈর্যধারণ (গ) দেশপ্রেম (ঘ) নির্ভরশীলতা

নিচের উদ্দিপকের আলোকে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও ঃ
সায়মার আজকে মাস্টার্স শেষ পর্বের শেষ পরীক্ষা ছিল। আগের পরীক্ষা গুলো বেশ ভালো হওয়াতে দ্বিগুণ উৎসাহে প্রয়োজনীয় কাগজ পত্রসহ বেরিয়ে পড়ল। কিন্তু মাঝ রাস্তায় একটা ছেলে চলতি হোন্ডা থেকে তার ব্যাগটা টান দিয়ে ছিনিয়ে নিয়ে যাওয়াতে তাকে বাসায় ফিরে আসতে হলো।

১৪। ছেলেটা সায়মার ব্যাগটি ছিনিয়ে নিয়ে সামাজিক কোন অনাচারটি করেছে?
(ক) চুরি (খ) ছিনতাই (গ) ডাকাতি (ঘ) অপহরণ

১৫। এ কাজের ফলে ছেলেটা –
i.মানুষের ঘৃনার পাত্র হবে ii.মানুষের অভিশাপের পাত্র হবে iii.পরকালে আল্লাহর ভয়াবহ শাস্তিভোগ করবে
নিচের কোনটি সঠিক?
(ক) iও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i.ii ও iii

১৬। গিবতকে কোনটির চেয়েও নিকৃষ্ট বলা হয়েছে ?
(ক) মিথ্যাচারের (খ) ব্যভিচারের
(গ) হত্যার (ঘ) প্রতারণার

১৭। আল্লাহর অস্তিত্বে অবিশ্বাস ও অস্বীকারের নাম কি?
(ক) শিরক ( খ) নিফাক (গ) কুফর (ঘ) রিয়া

১৮। মিথ্যা মানুষকে কোন পথে পরিচালিত করে?
(ক) পাপের পথে (খ) পুণ্যের পথে (গ) সঠিক পথে (ঘ) জান্নাতের পথে

নিচের উদ্দীপকের আলোকে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও ঃ

আফজাল সাহেব নামাজ শেষে বাড়ি ফিরছিলেন। তিনি রাস্তার মাঝখান থেকে এক টুকরো কাঁচ সরিয়ে দিলেন এবং বন্ধু হাসনাতকে তাফসিরুল কুরআন শুনার দাওয়াত দিলেন। হাসনাত সাহেব প্রতিশ্রুতি দিলেন এবং তা ভঙ্গ করলেন।

১৯। আফজাল সাহেবের কর্মকাণ্ডটি কোন পর্যায়ের?

(ক) ইহসান (খ) ইমান (গ) শোকর (ঘ) আদল

২০। উদ্দীপকে উল্লিখিত হাসনাত সাহেবের কর্মকান্ডে বিপর্যয় ঘটবে-

i .কথা বলার ii.মানসিকতার iii. ঐক্যবদ্ধতার

নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i.ii ও iii

২১। আল ফুরকান অর্থ কি?

(ক) পথনির্দেশ (খ) সন্দেহযুক্ত (গ) নিরাময় (ঘ) পার্থক্যকারি

২২। সর্বশ্রেষ্ঠ আসমানি কিতাব কোনটি ?

(ক) আল-কোরআন (খ) তাওরাত (গ) যাবুর (ঘ) ইঞ্জিল

২৩। 'হজ্ব' ( ) অর্থ কি ?

(ক) ইচ্ছ করা (খ) দোয়া করা

(গ) ক্ষমা করা (ঘ) দান করা

২৪। ইমাম আবু হানিফা (রঃ) জন্মগ্রহন করেন-

(ক) কুফায় (খ) বসরায় (গ) মদিনায় (ঘ) বাগদাদে

২৫। মতন ( ) অর্থ কি ?

(ক) হাদিস লিখনের উপকরণ (খ) হাদিসের মূল বাণী

(গ) রাবিগণের বর্ণনা পরম্পর (ঘ) হাদিস সংকলনের পদ্ধতি

নিচের উদ্দীপকটি পড়এবং ২৬ও ২৭নং প্রশ্নের উত্তর দাওঃ

ফিকাহ শাস্ত্রের একজন জনপ্রিয় ইমাম ইরাকের কুফায় জন্মগ্রহণ করেন।তিনি একটি মাযহাব প্রতিষ্ঠা করেন, যা সর্বাধিক জনপ্রিয়। রাজনৈতিক কারণে খলিফা মনসুর তাঁকে কারাগারেপাঠান এবং সেখানেই তাঁর মৃত্যু হয়।

২৬। উদ্দীপকে কার সর্ম্পকে বলা হয়েছে?

(ক) ইমাম আবু হানিফা র (খ) ইমাম মালিক র. (গ) ইমাম শাফেয়ি র. (ঘ) ইমাম হাম্বলি র.

২৭। উদ্দীপকে বর্ণিত মাযহাবের বৈশিষ্ট্য হলো-

i. যুক্তিযুক্ত

ii. সহজ-সরল

iii. বাস্তবধর্মী

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i , ii ও iii

২৮। ইয়ামামার যুদ্ধে **হাফেজে কুরআন** শহীদদের সংখ্যা কত ছিল?

(ক) ৪০ (খ) ৫০ (গ) ৬০ (ঘ) ৭০

২৯। আল্লাহর পরিবার কারা ?

(ক) মানুষ (খ) নবি- রাসুলগণ (গ) সমগ্র সৃষ্টিজগত (ঘ) ফেরেশতাগণ

৩০। উৎস বিবেচনায় হাদিস কয় প্রকার ?

(ক) তিন (খ) চার (গ) পাঁচ (ঘ) ছয়

-০-

সমাপ্ত

# ইসলাম শিক্ষা ১ম ও ২য় পত্র

## জ্ঞানমূলক ও অনুধাবন প্রশ্ন

১। 'উশর ' শব্দের অর্থ কি?
২। ইসলাম শব্দের অর্থ কি-
৩। রিবা শব্দের অর্থ কি ?
৪। অহি শব্দের অর্থ কি?
৫। সূরা বাকারা কোন প্রকারের সূরা ?
৬। ফিকহ শাস্ত্রের উৎস কয়টি ?
৭। সর্বশ্রেষ্ঠ আসমানি কিতাব কোনটি ?
৮। ইসলামের স্তম্ভ কয়টি?
৯। আখলাক, শব্দের অর্থ কি?
১০। যাকাত শব্দের অর্থ কি?
১১। "হালাল উপাজর্ন ফরজের পরের ফরজ"–এটি কার বাণী?
১২। আল-কুরআনে সুরার সংখ্যা কত ?
১৩। আদল ( ) অর্থ কি ?
১৪। তাওহীদ শব্দের অর্থ কি ?
১৫। সংস্কৃতির আরবি প্রতিশব্দ ?
১৬। 'ইসলাম ও নৈতিকতা পরস্পর পরিপূরক' ব্যাখ্যা কর ।
১৭। " আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারি জান্নাতে প্রবেশ করবেনা"-ব্যাখ্যা করো।
১৮। 'আল্লাহ ব্যবসাকে হালাল করেছেন এবং সুদকে হারাম করেছেন"-ব্যাখ্যা কর।
১৯। "জ্ঞান অর্জন পত্যেক মুসলিম নরনারীর ওপর ফরজ" ব্যাখ্যা কর।
২০। ' লা রইবা ফীহ 'আয়াতংশে কী বোঝানো হয়েছে ।
২১।" ইলম" শব্দের অর্থ কি?
২২। "যাকাত সম্পদের প্রবৃদ্ধি ঘটায়"–ব্যাখ্যা কর ।
২৩। "ইসলামি পরিবার একটি শিক্ষালয়" ব্যাখ্যা কর।
২৪। 'যালিকাল কিতাব' অর্থ কি?
২৫। 'আল কুরআন মুত্তাকিদের জন্য পথপ্রদর্শক ।' ব্যাখ্যা কর ।
২৬। ফিকাহ শাস্ত্রের চারটি উৎসের নাম লেখ ?
২৭। ' আল্লাহ যাকে কল্যাণ দেন তাকে দ্বীনের শিক্ষা দেন ' – ব্যাখ্যা কর।
২৮ ।ইমানের শাখা কয়টি ?
২৯। 'সালাত জান্নাতের চাবি ' বুঝিয়ে লিখ ।
৩০। মৌলিক ইবাদত কি ?
৩১। "যাকাত সম্পদের প্রবৃদ্ধি ঘটায়"–ব্যাখ্যা কর ।
৩২ ।মৌলিক ইবাদত কি ?
৩৩। "যাকাত সম্পদের প্রবৃদ্ধি ঘটায়"–ব্যাখ্যা কর ।
৩৪ ইমানের শাখা কয়টি ?
৩৫। 'সালাত জান্নাতের চাবি ' বুঝিয়ে লিখ ।
৩৬। ইমাম আবু হানিফা (রহ.) কত হিজরীতে জন্ম গ্রহন করেন?
৩৭। ফিক্হ শাস্ত্রের পরিচয় দাও।
৩৮। ইসলামি আইনের উৎস কয়টি ?
৩৯ ।'রুখসাতকে ইজমায়ে চুকুতি বলে আখ্যায়িত করা যায় কি?বর্ণনা কর।
৪০। উশর শব্দের অর্থ কী ?
৪১।" যাকাত ধনী ও গরিবের মধ্যে সেতু ।"– ব্যাখ্যা করো।
৪২। ইসলামি পরিবারের প্রধান কে ? ১
৪৩। 'পিতামাতা উভয়ই তোমার জান্নাত অথবা জাহান্নাম'– ব্যাখ্যা কর।
৪৪ ।হাদিস ( ) শব্দের অর্থ কি ? ১
৪৫। হাদিসে কুদসীর পরিচয় দাও।
৪৬। 'ইক্রা' অর্থ কি ? ১
৪৭। " ইসলাম শিক্ষা তাওহিদ ভিত্তিক"–ব্যাখ্যা করো।
৪৮। ইবাদত অর্থ কি ?
৪৯। "যাকাত কর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক " । – ব্যাখ্যা করো।
৫০। 'ইসলাম ও নৈতিকতা পরস্পর পরিপূরক' ব্যাখ্যা কর ।

## জ্ঞান মূলক প্রশ্নঃ

(১) ইমাম আবু হানিফা (রহঃ) কত হিজরীতে জন্ম গ্রহন করেন ?

(২)'ইক্বরা' অর্থ কী ?

(৩) কুরআন কাদের জন্য পথ প্রদর্শক ?

(৪)' কুরআন' -অর্থ কী ?

(৫) ইমানের সর্বোত্তম শাখা কোনটি?

(৬) ইবাদত শব্দের অর্থ কী?

(৭) ইসলামি আইনশাস্ত্রের প্রবর্তক কে ?

(৮) 'হাদিস ' শব্দের অর্থ কী ?

(৯) ইমাম শাফেয়ী (রঃ) কখন জন্ম গ্রহন করেন ?

(১০) 'সদকায়ে জারিয়া, অর্থ কী ?

(১১) আহলুস সুফফা কারা?

(১২)'মলাইকা' শব্দের অর্থ কী ?

(১৩) 'ইয়াদুস সুফলা' বলতে কি বোঝায়?

(১৪) খুত ও খুযু কী?

(১৫) 'ক্বলব' অর্থ কী ?

(১৬) 'যালিকাল কিতাব' অর্থ কী ?

(১৭) 'গায়েব' শব্দের অর্থ কী ?

(১৮) 'রোজা'কোন ভাষার শব্দ?

(১৯) বড়পীর নামে কে প্রসিদ্ধ?

(২০) 'সালাত' শব্দের অর্থ কী ?

(২১) 'রাইয়্যান ' কী?

(২২)'ফিকহ' শব্দের অর্থ কী ?

(২৩) 'মাযহাব' শব্দের অর্থ কী ?

(২৪) 'কিয়াস' শব্দের অর্থ কী ?

(২৫) 'বাকারাহ' শব্দের অর্থ কী?

## অনুধাবন মূলক প্রশ্নঃ

(১) ফিক্হ শাস্ত্রের পরিচয় দাও।

(২) "যাকাত কর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক " । - ব্যাখ্যা করো।

(৩) অদৃশ্যে বিশ্বাস বলতে কি বোঝায়?

(৪) "এটা সেই কিতাব যাতে কোন সন্দেহ নেই" - ব্যাখ্যা করো।

(৫) "সত্যবাদিতা মানুষকে জান্নাতের দিকে নিয়ে যায়"-ব্যাখ্যা করো।

(৬) 'জাকাত আদায়ে কার্পণ্য দূর করে ' - ব্যাখ্যা করো।

(৭) ইমাম আবু হানিফা (র:) কেন কারাবরণ করেন?

(৮) হাদিসে কুদসীর পরিচয় দাও।

(৯) "ইমাম আবু হানিফা (রঃ) ফিক্হশাস্ত্রের পথিকৃত"- ব্যাখ্যা করো।

(১০) জ্ঞান-বিজ্ঞানের উৎস হিসেবে হাদিসের গুরুত্ব-ব্যাখ্যা করো।

(১১) 'যে নিজেকে চিনেছে, সে চিনেছে তার রবকে '-কথাটি বুঝিয়ে লিখ।

(১২) 'আলিফ-লাম-মীম' এর মর্মার্থ ব্যাখ্যা করো।

(১৩) মাদানি সূরা কিভাবে চেনা যায়? ব্যাখ্যা করো।

(১৪)"নিশ্চয়ই মুসলমানগন পরস্পর ভাই ভাই"-ব্যাখ্যা করো।

(১৫) ইমানের শাখা-প্রশাখা বলতে কী বোঝায়?

(১৬) ইমাম আবু হানিফা রহ.ফিকহ শাস্ত্রেও পথিকৃৎ-ব্যাখ্যা করো।

(১৭) হালাল উপার্জন করা ফরজ কেন? ব্যাখ্যা করো।

(১৮) 'আল-কুরআন'কে 'ফুরকান' বলা হয় কেন?

(১৯) "আল্লাহ তায়ালা কাফিরদেরকে পরিবেষ্টন করে রেখেছেন"-ব্যাখ্যা করো।

(২০) হাদিস কে কুরআনের ব্যাখ্যা বলার করণ কী?- ব্যাখ্যা করো।

(২১)"মুজতাহিদ ভূল করলেও প্রতিদান প্রাপ্ত হবেন"-ব্যাখ্যা করো।

(২২)"হজ্জ বিশ্বভ্রাতৃত্ব সৃষ্টি করে"-ব্যাখ্যা করো।

(২৩) আমার উম্মত বিভ্রান্তির উপর একমত হবেনা-বুঝিয়ে লেখো।

(২৪)'তোমরা এক সাথে এখান থেকে নেমে যাও' ব্যাখ্যা করো।

(২৫) "আসসাওমুলি ওয়া আনা আজজিবিহি"ব্যাখ্যা করো।

## জ্ঞান মূলক প্রশ্নঃ

(১)' মুবাল্লিগ' শব্দের অর্থ কি?

(২) 'সাদকা' শব্দের অর্থ কি ?

(৩) সংস্কৃতির আরবি শব্দ কী ?

(৪) ইসলামি শিক্ষার মূল উৎস কী?

(৫) 'সিদক' শব্দের অর্থ কী ?

(৬) কার পায়ের নিচে সন্তানের বেহেশত ?

(৭) ইসলামি অর্থ ব্যবস্থা কী?

(৮) জাকাত আদায়ের খাত কয়টি?

(৯) মানব সমাজের সর্বোত্তম সামাজিক সংগঠণ কোনটি?

(১০) 'উশর' অর্থ কী

(১১) 'দাওয়াহ' শব্দের অর্থ কী ?

(১২) ইসলাম অর্থ কী ?

(১৩) 'তাকওয়ার' শাব্দিক অর্থ কী ?

(১৪) 'মোহরানা' কার অধিকার?

(১৫) 'ইলম' শব্দের অর্থ কী ?

(১৬)'আখলাক' শব্দের অর্থ কী ?

(১৭) 'ইনসাফ' শব্দের অর্থ কী ?

(১৮) 'উখওয়াত' শব্দের অর্থ কী ?

(১৯)'খিদমতে খালক' শব্দের অর্থ কী ?

(২০) উম্মাহ শব্দের অর্থ কী ?

(২১) 'মকতব' শব্দের অর্থ কী ?

(২২) জাকাত আদায়ের খাত কয়টি?

(২৩) 'গীবত' অর্থ কী ?

(২৪) 'আদল' অর্থ কী ?

(২৫) 'মসজিদ' অর্থ কী ?

## অনুধাবন মূলক প্রশ্নঃ

(১) "সত্যবাদিতা মানুষকে মুক্তি দেয়" ।- ব্যাখ্যা করো।

(২) "তোমাদের ধন-সম্পদের মধ্যে গরিব, বঞ্চিত ব্যক্তিদের অধিকার আছে।" – ব্যাখ্যা করো।

(৩) মক্তব শিক্ষার প্রয়োজন কেন ? ব্যাখ্যা করো।

(৪) ইসলামি সংস্কৃতির পরিচয় দাও।

(৫)'মিথ্যা মানুষকে ধ্বংশ করে' – ব্যাখ্যা করো।

(৬) 'সব কাজের সূচনায় বিসমিল্লাহ্ বলতে হয়'–ব্যাখ্যা করো।

(৭) 'পিতা তোমার জান্নাত বা জাহান্নাম'–ব্যাখ্যা করো।

(৮)'আমি বনি আদম কে মর্যাদা দিয়েছি। - ব্যাখ্যা করো।

(৯) ইসলামি অর্থব্যবস্থাকে সুষম অর্থব্যবস্থা বলা হয় কেন?

(১০) "পুরো মানবজাতি একই উম্মাহ্।" ব্যাখ্যা করো।

(১১) 'ইসলামি পরিবার একটি শিক্ষালয়'-ব্যাখ্যা করো।

(১২) "ইসলাম শিক্ষা তাওহিদ ভিত্তিক"ব্যাখ্যা করো।

(১৩) "তারা তোমাদের ভূষণ এবং তোমরাও তাদের ভূষণ"-ব্যাখ্যা করো।

(১৪)"আলিমগনই নবিদের ওয়ারিশ"-ব্যাখ্যা করো।

(১৫)'আমি মানুষ এবং জীন জাতিকে একমাত্র আমার ইবাদতের জন্য সৃষ্টি করেছি'-ব্যাখ্যা করো।

(১৬) "তোমাদের মধ্যে তারাই উত্তম যারা তাদের স্ত্রীদের কাছে উত্তম"-ব্যাখ্যা করো।

(১৭) "যাকাত ইসলামের ভ্রাতৃত্ব বন্ধনের সেতু"-ব্যাখ্য করো।

(১৮) "ধর্মে জবরদস্তি বা বাড়াবাড়ি নেই"-ব্যাখ্যা করো।

(১৯) কথার শুরুতে সালাম পেশ করতে হয়'-বুঝিয়ে লেখো।

(২০) হালাল উপার্জনের সুফল ব্যাখ্যা করো।

(২১) উশর ও খারাজের পার্থক্য লেখে।

(২২)"তোমরা উপহার দাও ,এতে ভালবাসা বৃদ্ধি পাবে"-ব্যাখ্যা করো।

(২৩)'তোমার সম্পদে গরিবদের হক রয়েছে'-বুঝিয়ে লেখো।

(২৪) "সৎ ব্যবসায়ী কিয়ামতের দিন শহিদদের সঙ্গী হবে"-ব্যাখ্যা করো।

(২৫) "কু-প্রবৃত্তি দমন বড় জিহাদ"-ব্যাখ্যা করো।

# পাংশা সকরারি কলেজ

# পাংশা , রাজবাড়ী ।

## ২০২৪-২৫ শিক্ষাবর্ষ দ্বাদশ শ্রেণি নির্বাচনি পরীক্ষার সাজেশন

## বিষয় ঃ যুক্তিবিদ্যা

পাংশা সরকারি কলেজ

বিষয় ঃ যুক্তিবিদ্যা ২য় পত্র

সৃজনশীল প্রশ্ন

১। দৃশ্যকল্প-১ : সংগীত হলো দুর্মূল্য কোলাহল।

দৃশ্যকল্প-২ : আঁধার হলো আলোর অভাব।

দৃশ্যকল্প- ৩ : শৈশব হলো জীবনের প্রভাত কাল।

ক. যৌক্তিক সংজ্ঞা কী?

খ. চক্রক সংজ্ঞা অনুপপত্তি কেন ঘটে ? ব্যাখ্যা কর।

গ. দৃশ্যকল্প -২ এ কোন ধরণের অনুপপত্তি ঘটেছে ? ব্যাখ্যা কর।

ঘ. দৃশ্যকল্প -১ ও দৃশ্যকল্প ৩ এ পাঠ্যপুস্তকের যে দুটি বিষয়ের ইঙ্গিত রয়েছে তা বিশ্লেষণ কর।

২। অফিস থেকে ফিরে মি. শাহিন তাঁর স্ত্রীকে বললেন, "মানুষ হয় বুদ্ধিবৃত্তিসম্পন্ন প্রাণী।"একথা একসময় বলা হলেও আজকাল আর বলা হয় না। আমার মনে হয় সবাই আমরা পশুর মত হয়ে যাচ্ছে। মানুষের বিবেক বুদ্ধি দিন দিন হ্রাস পাচ্ছে।" উত্তরে স্ত্রী বললেন, " মানুষ হয় হাত, পা, চোখ, কানবিশিষ্ট প্রাণী। তাছাড়া মানুষ হাসতে জানে, গাইতে জানে এবং নাচতেও জানে। মানুষের ক্ষুধা ও তৃষ্ণা আছে।"

ক. বাহুল্য সংজ্ঞা কী?

খ. মৌলিক গুণের সংজ্ঞা দেওয়া যায় না কেন?

গ. উদ্দীপকে শাহিন সাহেবের বক্তব্য তোমার পাঠ্যবইয়ের পঠিত কোন বিষয়কে নির্দেশ করে? তা বিশ্লেষণ কর

ঘ.উদ্দীপকের আলোকে মি. শাহিন ও তার স্ত্রীর বক্তব্যের তুলনামূলক বিশ্লেষণ কর।

৩। সত্তা

চেতন ——————— অচেতন

জীব ——————— অজীব

মানুষ ——————— অ-মানুষ

ছাত্র ——————— অ-ছাত্র

ক. যৌক্তিক বিভাগ কী?

খ.সংকর বিভাগ অনুপপত্তি কেন ঘটে?

গ. উদ্দীপকে পাঠ্যপুস্তকের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর।

ঘ. যুক্তিবিদ্যার আলোকে উদ্দীপকের বিভাজনটির সুবিধা ও অসুবিধা বিশ্লেষণ কর।

৪। ১ম চিত্র : পৃথিবীতে প্রাণের অস্তিত্ব থাকার জন্য ২৫ টি মৌলিক কারণ রয়েছে। জ্যোতির্বিজ্ঞানীরা গবেষণা করে দেখলেন যে, এ কারণগুলোর আটটি ক্ষেত্রে শুক্র গ্রহের সাথে সাদৃশ্য রয়েছে।

২য় চিত্র : কম্পিউটার মানুষের মত হাসে, কাঁদে, গান গায়,

মানুষের বুদ্ধি আছে

অতএব, মানুষের মত কম্পিউটারেরও বুদ্ধি আছে।

ক. আরোহ কী?

খ. অবৈজ্ঞানিক আরোহের সিদ্ধান্ত সম্ভাব্য কেন? ব্যাখ্যা কর।

গ. ১ম চিত্রে কোন বিষয়কে ইঙ্গিত করেছে? বিশ্লেষণ কর।

ঘ. তোমার পাঠ্যপুস্তকের আলোকে চিত্র ১ম ও চিত্র ২য় এর মধ্যকার পার্থক্য নিরূপণ কর।

৫. দৃশ্যকল্প -১

জন হয় মরণশীল

টম হয় মরণশীল

রনি হয় মরণশীল

সানি হয় মরণশীল

অতএব, সকল মানুষ হয় মরণশীল।

দৃশ্যকল্প -২

আমি এ পর্যন্ত কোরিয়ার যত মানুষ দেখেছি সবাই সংস্কৃতিমনা। সুতরাং, কোরিয়ার সকল মানুষ হয় সংস্কৃতিমনা।

ক. প্রকৃত আরোহ কত প্রকার?

খ. বৈজ্ঞানিক আরোহের সিদ্ধান্ত কী নিশ্চিত? ব্যাখ্যা কর।

গ. দৃশ্যকল্প -১ দ্বারা কোন ধরণের আরোহকে প্রকাশ করে এবং কেন?

ঘ. দৃশ্যকল্প -১ ও দৃশ্যকল্প-২ এর আলোকে তুলনামূলক বিশ্লেষণ কর।

৬। ব্যাংক কর্মকর্তা জালাল সাহেব তার ব্যাংকের ভল্ট খুলে দেখলেন, সেখানে কোনো টাকা নেই। বিষয়টি পুলিশকে জানানো হলো । পুলিশ ব্যাংকের সকলকে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে গেল। জিজ্ঞাসাবাদে নাইট গার্ড পুলিশকে বলল,ব্যাংকের ভিতরে ভূত রয়েছে। তারাই হয়তো এ কাজ করেছে। এরপর পুলিশ ব্যাংকের সিসি ক্যামেরার ফুটেজ পরীক্ষা করে প্রকৃত চোরকে শনাক্ত করলো।

ক. প্রকল্প কী?

খ.বাস্তব কারণ বলতে কী বুঝ?

গ.উদ্দীপকের সিসি ক্যামেরার ফুটেজের ভূমিকাটি পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর।

ঘ. নাইট গার্ডের প্রকল্পটির বৈধতা পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর।

৭.লিমন, তীর্থ, আসিফ কর্ণফুলি নদীতে নৌকা ভ্রমণে বের হয়। নদীর দুধারে দৃশ্য দেখে আসিফ বলল, এ বছর সুবর্ষণ হওয়ায় ফলন ভালো হবে , কৃষক ভালো দাম পাবে, দেশে সমৃদ্ধি আসবে।'লিমন বলল, 'নদীতে জোয়ার থাকায়, মাঝির বৈঠা চালনার দক্ষতায়, অনুকূল বাতাস ও নৌকার পাল তুলে রাখায় নৌকার গতিবেগ বৃদ্ধি পেয়েছে।পাশে বসা তীর্থ বললো নদীর জোয়ার - ভাটা মাধ্যাকর্ষণ শক্তির আকর্ষণ ও বিকিরণের ওপর নির্ভর করে।

ক. বৈজ্ঞানিক ব্যাখ্যার রূপ কয়টি ?

খ. পরম নিয়মের বৈজ্ঞানিক ব্যাখ্যা দেয়া যায় না কেন?

গ. উদ্দীপকে আসিফের বক্তব্যে ব্যাখ্যার কোন রূপটি প্রকাশ পেয়েছে ? ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে লিমন ও তীর্থের উক্তি দুটি বৈজ্ঞানিক ব্যাখ্যার আলোকে বিশ্লেষণ করো।

৮. দৃশ্যকল্প-১:একটি দালানকে ইট,রড, বালু,সিমেন্ট-এ ভাগ করা হলো।

দৃশ্যকল্প-২::একটি আমকে রঙ,গন্ধ ও স্বাদে বিভক্ত করা হলো।

ক. যৌক্তিক বিভাগের মূলসূত্র কী?

খ.ক্ষুদ্রতম উপজাতির যৌক্তিক বিভাগ সম্ভব নয় কেন?

গ.দৃশ্যকল্প- ২-এ ইঙ্গিতকৃত বিষয়টি আলোচনা কর।

ঘ.দৃশ্যকল্প-১ এবং দৃশ্যকল্প ২-এ ইঙ্গিতকৃত বিষয়ের মধ্যে পার্থক্য নির্ণয় কর।

৯.কমলপুর গ্রামের নদীর তীরে একটি রাসায়নিক কারখানা স্থাপিত হয়েছে। এতে গ্রামের অনেক লোকের কর্মসংস্থান হওয়ায় গ্রামবাসীরা খুবই খুশি। সম্প্রতি এ গ্রামের অনেক লোকের আমাশয়, ডায়রিয়া, জন্ডিসসহ নানা ধরণের রোগ দেখা দিয়েছে। গ্রামবাসী এটিকে এক ধরণের অভিশাপ মনে করে নানা ধরণের ঝাড়-ফুঁক দিতে শুরু করে। কিন্তু ঐ গ্রামের একজন শিক্ষিত যুবক রুবেল বলল, নদীর পাড়ে স্থাপিত রাসায়নিক কারখানার বর্জ্য নদীতে পড়ায় এ বিপত্তি ঘটেছে।

ক.ব্যাখ্যা কী?

খ.ব্যাখ্যার প্রয়োজন হয় কেন?

গ.উদ্দীপকে গ্রামবাসীর বিভিন্ন রোগে আক্রান্ত হবার কারণ ব্যাখ্যার কোন দিকটিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর।

ঘ.উদ্দীপকে রুবেল ও গ্রামবাসীর আলোচনায় যে ধরণের ব্যাখ্যা নির্দেশিত হয়েছে তার আলোচনা কর।

১০. দৃশ্যকল্প- ১: আদীব একটি বুকসেলফের ৫০ টি বই পরীক্ষা কওে দেখল যে, বইগুলো উপন্যাসের। এ থেকে কবির সিদ্ধান্ত নিল সেলফের বইগুলো হয় উপন্যাসের।

দৃশ্যকল্প- ২- পার্থিব বলল, দার্শনিক লোক হন জ্ঞানী, দার্শনিক কান্ট হন জ্ঞানী , দার্শনিক হিউম হন জ্ঞানী। সুতরাং সকল দার্শনিক হন জ্ঞানী।

ক. অপ্রকৃত আরোহ কী ?

খ. ' অবৈজ্ঞানিক আরোহের ভিত্তি হলো অনুকূল অভিজ্ঞতা' ব্যাখ্যা কর।

গ. দৃশ্যকল্প -১ কোন ধরণের আরোহের নির্দেশ করেছে। ব্যাখ্যা কর।

ঘ. দৃশ্যকল্প -১ ও দৃশ্যকল্প -২ এর মধ্যে তুলনামূলক আলোচনা কর। ।

১১. একুশে ফেব্রুয়ারী অরিশা তার বাগানে গিয়ে দেখল যে, বাগানে কোনো ফুল নেই।সে ধারণা করল যে, ফুলগুলো অলৌকিকভাবে নিজেরাই শহিদ মিনারে চলে গেছে। অরিশার বাবা বাগানে একটি লাল রঙের ব্যাগ দেখে ধারণা করল অরিশার ছোট ভাই অর্ণব ফুলগুলো বাগান হতে তুলে নিয়েছে।

ক. প্রতিবেদক অনুকল্প কী ?

খ. প্রকল্প সুনির্দিষ্ট হতে হয় কেন? ?

গ. অরিশার ধারণায় কোন প্রকারের প্রকল্প নির্দেশিত হয়েছে তা ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকে অরিশা ও তার বাবার ধারণায় নির্দেশিত প্রকল্পের মধ্যে তুলনামূলক আলোচনা কর।

সমাপ্ত

# পাংশা সরকারি কলেজ
## উচ্চ মাধ্যমিক নির্বাচনী পরীক্ষা-২০২৫
## বিষয় ঃ যুক্তিবিদ্যা ২য় পত্র
## সৃজনশীল প্রশ্ন

সময়: ২ঘন্টা ৩০ মিনিট　　　　　　　　　　পূর্ণমান: ৭০

(যেকোন সাতটি প্রশ্নের উত্তর দাও।)

১। দৃশ্যকল্প -১
জন হয় মরণশীল
টম হয় মরণশীল
রনি হয় মরণশীল
সানি হয় মরণশীল
অতএব, সকল মানুষ হয় মরণশীল।

দৃশ্যকল্প -২
আমি এ পর্যন্ত কোরিয়ার যত মানুষ দেখেছি সবাই সংস্কৃতিমনা। সুতরাং, কোরিয়ার সকল মানুষ হয় সংস্কৃতিমনা।

ক. প্রকৃত আরোহ কত প্রকার?
খ. বৈজ্ঞানিক আরোহের সিদ্ধান্ত কী নিশ্চিত? ব্যাখ্যা কর।
গ. দৃশ্যকল্প -১ দ্বারা কোন ধরণের আরোহকে প্রকাশ করে এবং কেন?
ঘ. দৃশ্যকল্প -১ ও দৃশ্যকল্প-২ এর আলোকে তুলনামূলক বিশ্লেষণ কর।

২। দৃশ্যকল্প-১ : আমি এ যাবৎকালে যত নারী দেখেছি তারা প্রত্যেকেই গুনবতী। অতএব সকল নারীই গুনবতী।

দৃশ্যকল্প-২ : মানুষের মত উদ্ভিদের জন্ম বৃদ্ধি ও মৃত্যু, বংশবিস্তার, খাদ্য গ্রহন ইত্যাদি বিষয়ে সাদৃশ্য আছে। মানুষের সুখ দুঃখের অনুভূতি আছে সুতরাং উদ্ভিদেরও সুখ দুঃখের অনুভূতি আছে।

ক.আরোহ কী?
খ. অপ্রকৃত আরোহকে আরোহ বলা যায় না কে?।
গ. দৃশ্যকল্প -১ এ নির্দেশিত আরেহের বৈশিষ্ট আলেঅচনা কর।
ঘ. দৃশ্যকল্প -২ এ নির্দেশিত আরোহের মূল্য ও গুরত্ব বিচার কর।

৩। রাখি তার বড় বোনের গায়ে হলুদ অনুষ্ঠান উপলক্ষ্যে কিছু গাঁদা ফুল কেনার জন্য স্থানীয় একটি নার্সারিতে যায়। কিন্তু ঐ নার্সারির প্রত্যেকটি গাছেই গোলাপ ফুল ফুটেছিল। এ থেকে সে সিদ্ধান্ত নেয় যে ঐ নার্সারির সকল গাছই গোলাপ ফুলের গাছ।

ক. প্রকৃত আরোহ কাকে বলে?
খ. সাদৃশ্যানুমানের সিদ্ধান্ত সম্ভাব্য হয় কেন?
গ. উদ্দীপকে রাখির সিদ্ধান্তে যে আরোহের ইঙ্গিত পাওয়া যায় তা ব্যাখ্যা কর।
ঘ. উল্লিখিত আরোহ কী যথার্থ আরোহ? তোমার মতের স্বপক্ষে যুক্তি দেখাও।

৪ । আদীব একটি বুকসেলফের ৫০টি বই পরীক্ষা কওে দেখল যে, বইগুলো উপন্যাসের । এ থেকে কবির সিদ্ধান্ত নিল সেলফের বউগুলো হয় উপন্যাস ।

দৃশ্যকল্প-২:আদীবা বলল, দার্শনিক লোক হন জ্ঞানী, দার্শনিক কান্ট হন জ্ঞানী,দার্শনিক হিউম হন জ্ঞানী।সুতরাং সকল দার্শণিক হন জ্ঞানী।

ক.অপ্রকৃত আরোহ কী ?
খ.'অবৈজ্ঞানিক আরোহের ভিত্তি হলো অনুকূল অভিজ্ঞতা'–ব্যাখ্যা কর।
গ.দৃশ্যকল্প ২ এ ইঙ্গিতকৃত আরোহটি ব্যাখ্যা কর।
ঘ. দৃশ্যকল্প ১ ও দৃশ্যকল্প ২- এর মধ্যে তুলনামূলক আলোচনা কর।

৫।. দৃশ্যকল্প-১:একটি দালানকে ইট,রড, বালু,সিমেন্ট-এ ভাগ করা হলো।
দৃশ্যকল্প-২::একটি আমকে রঙ,গন্ধ ও স্বাদে বিভক্ত করা হলো।

ক. যৌক্তিক বিভাগের মূলসূত্র কী?
খ.ক্ষুদ্রতম উপজাতির যৌক্তিক বিভাগ সম্ভব নয় কেন?
গ.দৃশ্যকল্প- ৩-এ ইঙ্গিতকৃত বিষয়টি আলোচনা কর।
ঘ.দৃশ্যকল্প-১ এবং দৃশ্যকল্প ২-এ ইঙ্গিতকৃত বিষয়ের মধ্যে পার্থক্য নির্ণয় কর।

৬।লিমন, তীর্থ, আসিফ কর্ণফুলি নদীতে নৌকা ভ্রমণে বের হয়। নদীর দুধারে দৃশ্য দেখে আসিফ বলল, এ বছর সুবর্ষণ হওয়ায় ফলন ভালো হবে , কৃষক ভালো দাম পাবে, দেশে সমৃদ্ধি আসবে।'লিমন বলল, 'নদীতে জোয়ার থাকায়, মাঝির বৈঠা চালনার দক্ষতায়, অনুকূল বাতাস ও নৌকার পাল তুলে রাখায় নৌকার গতিবেগ বৃদ্ধি পেয়েছে।পাশে বসা তীর্থ বললো নদীর জোয়ার -ভাটা মাধ্যাকর্ষণ শক্তির আকর্ষণ ও বিকিরণের ওপর নির্ভর করে।

ক. বৈজ্ঞানিক ব্যাখ্যার রূপ কয়টি ?
খ. পরম নিয়মের বৈজ্ঞানিক ব্যাখ্যা দেয়া যায় না কেন?
গ. উদ্দীপকে আসিফের বক্তব্যে ব্যাখ্যার কোন রূপটি প্রকাশ পেয়েছে ? ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকে লিমন ও তীর্থের উক্তি দুটি বৈজ্ঞানিক ব্যাখ্যার আলোকে বিশ্লেষণ করো।

৭. ঘটনা -১ রাহাত ও বৃষ্টি লুডু খেলছিল। জয়ের জন্য পরবর্তী চালে রাহাতের প্রয়োজন ৪। এবং সে ৪ পেল।


ঘটনা-২ মিমি একদিন বাসে করে বাসায় ফিরছিল। হঠাৎ সে লক্ষ্য করল তার পাশের সিটে স্কুল জীবনের এক বন্ধু বসে আছে।

ক. আকস্মিকতা কী ?
খ. সম্ভাবনার প্রকৃতি ব্যাখ্যা কর ?
গ. পরবর্তী চালে রাহাতের ৪ উঠার সম্ভবনা গাণিতিকভাবে নির্ণয় কর।
ঘ. উদ্দীপকের ঘটনা দুইটির সম্পর্ক পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর।


৮। দৃশ্যকল্প- ১ সাহিত্য হলো সমাজের প্রতিচ্ছবি।
দৃশ্যকল্প- ২ সাহিত্য হলো সমাজের প্রতিচ্ছবি।

দৃশ্যকল্প-৩ মানুষ হয় বুদ্ধিবৃত্তিসম্পন্ন জীব।
ক. যৌক্তিক সংজ্ঞা কী?
খ. মৌলিক গুণের সংজ্ঞা দেওয়া যায় না কেন?
গ. দৃশ্যকল্প-২ এ কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর।
ঘ. দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-৩ এ পাঠ্যপুস্তকের যে দুটি বিষয়ের ইঙ্গিত রয়েছে তা বিশ্লেষণ কর।


৯/ দৃশ্যকল্প-১:




দৃশ্যকল্প-২:




দৃশ্যকল্প-৩:




ক . দ্বিকোটিক বিভাগ কী?
খ.সর্বনিম্ন উপজাতিকে বিভক্ত করা যায় না কেন?
গ. দৃশ্যকল্প-১-এ কী ধরনের অনুপপত্তি ঘটেছে? বর্ণনা কর।
ঘ.দৃশ্যকল্প-২ এবং ৩-এর মধ্যে তুলনামূলক আলোচনা কর।

১০ ।একদিন প্রাতঃবেলা আজাদ পুকুর পাড়ে গিয়ে দেখল যে, পুকুরের সব মাছ মরে ভেসে উঠেছে। আজাদের দাদি বলল, মানুষের বদনজর পড়ার কারণে মাছগুলো মরে গেছে। কিন্তু আজাদ পুকুরপাড়ে একটি বিষের বোতল ও মানুষের পায়ের ছাপ দেখতে পেল। তাই আজাদ ভাবল, কেউ পুকুরে বিষ প্রয়োগ করে মাছগুলোকে মেরে ফেলেছে।
ক. প্রকল্প কী? 1
খ. প্রকল্প বাস্তবভিত্তিক হওয়া প্রয়োজন কেন? ২
গ উদ্দীপকে বর্ণিত আজাদের দাদির ভাবনা প্রকল্পের কোন শর্তকে লঙ্ঘন করেছে? ব্যাখ্যা কর।
ঘ.আজাদের কাজগুলোতে প্রকল্পের স্তরগুলো যথাযথভাবে অনুসরণ করা হয়েছে? বিশ্লেষণ কর।

১১ ।দৃশপের্ট-১: মি. মান্নান একজন খুচরা মাছ বিক্রেতা। সে আড়ত থেকে মাছ এনে বিক্রি করার আগে বড় ও ছোট আকারের মাছগুলো আলাদা করে সাজিয়ে রাখে। এতে ক্রেতাদের চাহিদামত মাছ বিক্রি করতে তার সুবিধা হয়।
ক.দৃশ্যপট-২: মি. মোরশেদ প্রাণিজগৎ নিয়ে গবেষণারত। তিনি লক্ষ করেন পৃথিবীতে মেরুদণ্ড ও অমেরুদণ্ডী প্রাণীর অস্তিত্ব রয়েছে।
ক.শ্রেণিকরণ কী?
খ. ক্রমিক শ্রেণিকরণ বুঝিয়ে লেখ। 1
গ. দৃশ্যপট-২ কোন ধরনের শ্রেণিকরণকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ২
ঘ. দৃশ্যপট-১ ও দৃশ্যপট-২ এর মধ্যে পার্থক্য শ্রেণিকরণের আলোকে বিশ্লেষণ কর। ৩ 4

পাংশা সরকারি কলেজ
বিষয় ঃ যুক্তিবিদ্যা ১ম পত্র
সৃজনশীল প্রশ্ন

১।
দৃশ্য কল্প -১:
মি. হাফিজ উচ্চতর ডিগ্রি অর্জন করে তার গ্রামে একটি বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। তিনি গ্রামের মানুষকে সেই বিদ্যালয়ে বিভিন্ন বিষয়ে আধুনিক প্রযুক্তির শিক্ষা দেওয়ার বিষয়ে চিন্তা করছেন।
দৃশ্যকল্প ২:
ডাক্তার কবির চক্ষু শিবিরে দরিদ্র মানুষদের বিনামূল্যে চক্ষুর অস্ত্রোপচার করেন। তার সুচিকিৎসায় চক্ষু রোগীরা সুস্থ হয়ে উঠেছে।
ক. যুক্তিবিদ্যা কাকে বলে?
খ. যুক্তিবিদ্যাকে আদর্শনিষ্ঠ বিজ্ঞান বলা হয় কেন ?
গ.উদ্দীপকের দৃশ্যকল্প ১ এ কোন বিষয়টি ফুটে উঠেছে ? ব্যাখ্যা কর।
ঘ. পাঠ্যপুস্তকের আলোকে দৃশ্যকল্প ১ এবং দৃশ্যকল্প ২ এর মধ্যকার তুলনামূলক পার্থক্য বিশ্লেষণ কর।

২। উদ্দীপক- ১
*শারমীন তার বান্ধবী ফাতেমাকে ফোনে জানায়, ' যদি গাড়ি চলে তাহলে আমি কলেজে যাব।' ফাতেমা বলল, ' হয় আমি রিকশা করে যাব না হয় আমি হেঁটে যাব।' ফতেমা আরো জানায়, ' ক্লাস শেষে আমি এবং তুমি দুজন মিলে মার্কেটে যাব।*
*ক. যুক্তিবিদ্যায় শব্দ কত প্রকার?*
*খ. শব্দ কখন পদে পরিণত হয়? ব্যাখ্যা কর।*
*গ. ফাতেমার শেষ বক্তব্য কোন যুক্তিবাক্যকে নির্দেশ করে? ব্যাখ্যা কর।*
*ঘ.শারমিন ও ফাতেমার প্রথম বক্তব্যেও মধ্যে তুলনামূলক আলোচনা কর।*

৩। সোহাগ জাকিরকে বলল, বাংলাদেশে দিন দিন বেকারের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এ বেকারের সংখ্যা কমাতে হলে দেশে শিক্ষার হার বাড়াতে হবে। তখন জাকির সোহাগকে বলল, দেশে যতই শিক্ষার হার বৃদ্ধি পাবে, ততই বেকারত্ব হ্রাস পাবে।
ক. একটি যুক্তিবাক্যের কয়টি অংশ?
খ. "সকল শব্দ পদ নয়" – ব্যাখ্যা কর।
গ. উদ্দীপকে পদের কোন সম্পর্কের প্রতিফলন ঘটেছে ? ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকে পদের যে দুই সম্পর্কের প্রতিফলন ঘটেছে তা কি একই প্রকৃতির ? মন্তব্য দাও।

৪। 
চিত্র- ১ চিত্র-২ চিত্র-৩

ক. যুক্তিবাক্য কী?
খ.সকল অবধারণই কি যুক্তিবাক্য? ব্যাখ্যা কর।
গ.চিত্র -১ এ কোন ধরণের বাক্যের প্রয়োগ ঘটেছে? ব্যাখ্যা কর।
ঘ. যুক্তিবিদ্যার আলোকে চিত্র -২ ও চিত্র -৩ এর পারস্পারিক সম্পকের তুলনা কর।

৫। কথা সাহিত্যিক হুমায়ূন আহমেদ ১৯৪৮ সালের ১৩ই নভেম্বর জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন মিতভাষী, হাস্যোজ্জ্বল, বিচক্ষণ, এবং মেধাবী।
ক. বিধেয়ক কী?
খ.কোন যুক্তিবাক্যে বিধেয়ক থাকে না? ব্যাখ্যা কর।
গ.উদ্দীপকের প্রথম বাক্যটিতে কী ধরণের বিধেয়কের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর।
ঘ. উদ্দিপকের দ্বিতীয় বাক্যটিতে যে গুণগুলোর উল্লেখ করা হয়েছে তা বিশ্লেষণ কর।

৬। দৃষ্টান্ত-১
সকল ধার্মিক ব্যক্তি হয় সুখী– A
সুতরাং, সকল সুখী ব্যক্তি হয় ধার্মিক –A
দৃষ্টান্ত-২
সকল কবি হয় মানুষ –A
সুতরাং, কিছু মানুষ হয় কবি–I
ক. অমাধ্যম অনুমানে কয়টি যুক্তিবাক্য থাকে?
খ. O-যুক্তিবাক্যের আবর্তন কি সম্ভব? ব্যাখ্যা কর।
গ,উদ্দিপকের দৃষ্টান্ত -১ আবর্তনের কোন নিয়মটি লঙ্ঘন করেছে? ব্যাখ্যা কর।
ঘ.আবর্তনের নিয়ম অনুসারে দৃষ্টান্ত ১- ও দৃষ্টান্ত ২ এর বৈধতা বিচার কর।

৭। রিয়াজ ও ফেরদৌস ঢাকা স্টেডিয়ামে বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার মধ্যকার টেস্ট ম্যাচের ৫ম দিনের খেলা দেখছে। রিয়াজ ফেরদৌসকে বলল " যদি রোদ হয় তবে বাংলাদেশ জিতবে, রোদ হয়নি, অতএব বাংলাদেশ জিতবে না।" ফেরদৌস বলল, আমার নিকট প্রতীয়মান হচ্ছে, হয় বাংলাদেশ না হয় অস্ট্রেলিয়া বিজয় লাভ করবে। বাংলাদেশ বিজয় লাভ করবে, অতএব অস্ট্রেলিয়া বিজয় লাভ করবে ন।
ক. প্রতিবর্তন কী ?
খ. A-যুক্তিবাক্যের সরল আবর্তন কি সম্ভব ?
গ. উদ্দীপকে ফেরদৌসের বক্তব্য কোন ধরনের সহানুমানের ইঙ্গিত রয়েছে ? ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকে রিয়াজের বক্তব্য যে অনুপপত্তি সৃষ্টি হয়েছে- তা বিশ্লেষণ কর।

৮। 


ক. কারণ কী ?
খ. ভ্রান্তি নিরীক্ষণ বলতে কী বুঝ ?

গ. উদ্দীপকে কোন বিষয়ের প্রতিফলন ঘটেছে ? বিশ্লেষণ কর।

ঘ. উদ্দীপকে নির্দেশিত বিষয়টির যথার্থতার মূল্যায়ন কর।

৯। মি. জামিল একজন মনোবিজ্ঞানী। তিনি মানুষের বুদ্ধিমত্তা সংক্রান্ত একটি জরিপ করেছেন। এজন্য তিনি কয়েকজন লম্বা লোককে নিরীক্ষণ করে দেখেন যে, তাদের সকলেরই বুদ্ধি কম। এরপর তিনি সিদ্ধান্ত গ্রহণ করলেন যে, লম্বা লোক মাত্রই বুদ্ধি কম।

ক.মধ্যপদ কী?

খ সহানুমানে মধ্যপদ কেন প্রয়োজন? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে মি. জামিলের সিদ্ধান্তে নিরীক্ষণের কোন প্রকার অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর।

ঘ.উদ্দীপকে মি. জামিলের সিদ্ধান্তে যে অনুপপত্তির উদ্ভব হয়েছে তা থেকে উত্তরণের উপায় বিশ্লেষণ কর।

১০। উদ্দীপক ১-

